




	I	п	Ш	IV	V	
>	(H)					
N	Li ৬-১০১ লিথিয়াস	Be ৯. ⁸ ১২২ বেরিলিয়াম	o-৮১১ B বোরন	৬ ১২.০১৯১৫ C কার্বন	৭ ১৪-০০৬৭ N নাইটোজেন	
9	Na ২২-৯৮৯৮ সোতিয়াস	বেরিনিয়াম Mg ২৭-০০৫ স্যারেটিয়াম	১৩ Al জ্যালুমিনিয়াম	^{১৪} ২৮-০ ৮৬ Si সিলিকন	<u>क्रमक्</u> याप्त १५	
8	৸ৣ৸য়য় ৺৽৽৽৽৽৽ ৽৽৽৽৽৽৽	স্যারেট্যয়াম Ca ২০ ক্যানাসিয়াম	Sc है । अज़िसाञ	Ti ^{২২} টিটানিয়াম	V ১৩ ১০-১৪২ ভ্যানাডিয়াম	
)	ু তাম	ক্যানসিয়াম ৩০ Zn ১৫-০৭ Zn দশুন	र्गप्रात्निकाञ्च	-হামোনয়াম	আমেনিক	
(4)	Rb ৬০-৬৭ কৃবিভিয়াম	Sr ७५००२	A AA-709	Zr 35.22	Nb 32.200	
4	৯৭ A g রৌপ্য	84 ट्रिक्ट	১৯৪.৬২ I U ইত্তিয়াস	³⁰ ³⁵⁸⁻⁸² Sn चिन	^{৫১} Sb জ্যা ন্ট্যা নি	
ک	সোক্ষাম	ব্যাক্ষাম	ল্যান্ডেনাম	शास्त्रनग्रभ	ប្រហែកាអ	
	UA P62-866	্ড Hg পার্ম	৬৯ TI খলিয়াম	^{১৬২} ৯ Pb সীসক	^{২০৬,১৬০} Bi বিস্মাণ	
9	Fr [220]	Ra (২২৬) রেভিয়াম	Ac ** [229]	Ku [300]	204	
* ল্যান্থেনাইড						
Ce ১৪০ ১২ সিরিয়াম	Pr ১৪০-১০৭ প্রামিরচিমিয়াম নি	Vd ৬০ দ্যুচিফিন্নস প্রোমেহি	(১৪৭) মাম স্যমেরিয়াম	<u> ই</u> ডরোপয়াঃ	<u> শাসোনান্যাম</u>	
** অ্যাক্টিনাইড						


Th ২০০ Pa [২০১] U ২০০ Np [২০০] Pu [২৪৪] Am [২৫০] Cm(২৪০] প্রের্ট্রের্ট্রের্ট্রিয়াম বেপ্টুরিয়াম ব্লুরিয়াম ব্লুরিয়াম



			•
VI	VII	VIII	
	১-০০৭১৭ H হাইক্রোক্রেন	^হ হিলিয়াম	
প্রতিথে ১৫-৯৯৯৪ 0	১৮.১১৮৪ F শ্লেরিন	২০-১৭১ Ne নিয়ন	1
১৬ S গব্ধক	১৭ ০৫-৪৫০ Cl ক্লোব্রিন	ু ১৮ Ar আগ্ন	
Cr ১১১৯৬ জোমিয়াম	Mn ^{२७} म्यान्य	Fe ক: ৮৪৭ নোহ	Co ব্ৰু Ni ব্ৰু বিশ্বত বিশ্বত বিশ্বত
্ ^{৩৪} Se সেলেনিয়ায়	^{৩৫} Br ^{৭১-২০৪} জাদিন	^{৩৬} Kr ক্রিপ্টন	
Mo ৯৫-৯৪ মোনিব্ডেনাম	Tc [১১] টেক্নেসিয়াম	Ru ১০১-০৭ কুপেনিয়াম	Rh ১০২,১০০ Pd ১০১,৪ রোডয়াম প্যালাডিয়াস
ু টেলুরিফাস কর Te	৫৩ ১২৬-১০৪৪ আ য়োচিন	⁶⁸ Xe জেনন	
W ५४०.४४ टेा:प्रस्टेन	Re ১৬৬.২ রেনিয়াম	Os ১১০-২ অস্মিয়াম	Ir ১৯২২ Pt ১৯৬০১ । ইরিডিয়াম প্রাটিনাম
^{*8} Po পোনোনিয়াম	^{৮৫} At ^{(২১০}] At অ্যাসেটাইন	^{৮৬} Rn র্য়াডন	
		বন্ধনী সাইটে	লিপিয়াম তে সবচেয়ে স্থিতিশীল বা সুবিশ্লেষিত সাটোপের পারমাণবিক ভর দেয়া হুল
माला			
Tb ৬৫ Dy টাৰিয়াম ডিডে	্ডেড Ho প্রসিফ্তম ছোল	৬৭ Er ১৬০ সিয়াম আর্বিয়	গুলিয়াম খুলিয়াম ইটার্বিয়াম নুটিসিয়াম
মালা			

Bk [২৪৭] Ct [২০১] Es [২০৪] Fm[২০৭] Md [২০৮] No [২০৫] Lr [২০৬] বার্কোনিয়াম ক্যানিফোর্নিয়াম আইন্স্টাইনিয়াম ফার্মিয়াম মেনেনেভিয়াম নোবেনিয়াম নরেনিস্যাম





লেভ ভ্রাসভ দ্মিত্রিই ত্রিফোনভ

রসায়তেনর শতগল্প

€n

প্রগতি প্রকাশন মস্কো व्यन्दाप: विद्यान नर्मा

জন্সক্জা: লেওনিদ লাম

Л. Власов, Д. Трифонов ЗАНИМАТЕЛЬНО О ХИМИИ

На языке бенгали

- © সংশোধিত বাংলা অনুবাদ •
- © প্রগতি প্রকাশন প্রকাশন মন্তেকা ১৯৭৮

B
$$\frac{20501-954}{014(01)-78}$$
 -641-78

স্কৃচিপত্ৰ

म् प्रवरक्षतः विकल्भ	ħ
ৰভ় ৰাজিয় বালিকা	
এক নজরে পর্যায়ব্র ০ ০ ০ ০ ০ ০	54
জ্যোতির্বিদদের প্ররোচনায় রাসায়নিকদের প'ভগ্রম	59
विम्नुथी स्मील	28
আদি ও অশেষ বিশ্যয় 🕡 🕟 🕟	25
প্ৰিবীতে হাইড্ৰোক্সে কত প্ৰকাৰ	₹8
রসায়ন ⋍ পদার্থবিদ্যা + গণিত 🕠	₹0
সারও কিছু অংক ৽ ৽ ৽ ৽ ৽ ৽ ৽ ৽ ৽ ৽	২ 9
কেমন করে রাসায়নিকরা অপ্রত্যাশিতের মুখোমুখি হলেন · · · · · ·	23
সালুনাহীন সমাধান • • • • • • • • • • •	02
'মন্ত' প্রত্যয়ের সন্ধান বা কীভাবে নিম্ফিয় গ্যাসবর্গের ক্'ড়েমি ভাঙল	0>
অন্যতর অঙ্গছাতি? একে নিয়ে কী করা উচিত? · · · ·	09
সেই 'সর্বভূক্' 🕡 🕟 🕟 💮	0 %
হেনিং রাক্টটের পরশ পাথর	85
সঞ্জীবতার স্বাদ্যাক্ষ বঃ পরিমাণের গঢ়েগে রুপান্তরণের কথা	83
সরল থেকে সরলতর, বিস্ময়ের চেয়ে বিস্ময়কর -	86
শান্ত, নদীটি এখনও জমে নি, দেখো'	88
প্থিবীতে জলের রক্মদের কত? •	89
'অম্ত', জীবনদা <mark>তী, স্</mark> ব্বিয়পী বারি	85
তুষারকুড়ির রহস্য	¢ o
ভাষাতত্ত্বে যংসামান্য অ-আ বা 'আকাশ পাডাল ফারাক' জিনিস	45
কেন এই 'দ্বিজ্ঞাতি তক্তু'? • • • • • • • • • • •	de
আরও দ্বটি 'কেন' · · · · · · · · . .	68
কিছ্ অসন্ততি	৫৬
স্থাপত্যের স্বকীয়তা 🕡 🕟 .	৫৭
চৌদটি ষম্ভ	65

বার্ত্রাজ্য ও তার কুটাভাস · · ·												90	
তরল ধাতৃ আর একটি গ্যাস(!) ধাতৃ												65	
অস্বাভাবিক যোগ												৬ ২	
রসায়নের প্রথম কম্পিউটার												৬৪	
'ইলেকট্রনিক কম্পিউটারে' সাময়িক ব্যাহতি												৬৫	
মৌল র্পান্তরণ সম্পর্কে												৬৭	
মৌলরাজ্যের নশ্বর, অবিনশ্বর												45	
এক, দুই, বহু, ১ .												95	
প্রকৃতি কি ন্যায়নিষ্ঠ?		٠										48	
অলীক স্থেরি পথরেখার												୧୯	
সক্রিরতম ধাতু 🕟 🕟 🕟 🕟												99	
মার্গারেট পেরের বিরাট সাফল্য 🕟 🔻 🕝												95	
৯২ নম্বরের ভাগা 🕠												A.2	
ইউরেনিয়াম, কোথায় তোর ঘর?												४२	
প্রত্নতত্ত্বে দ্ব-একটি কাহিনী 🕠												48	
ইউরেনিয়াম ও তার পেশা												8.6	
প্রটোনিয়ম গাথা · ·												ьa	
একটি অসম্পূর্ণ দালান												ào ào	
আধ্নিক কিমিয়াবিদদের ভুতিগান												66	
অজানার উজানে												৯৩	
ক্দিপ্টটার গল্প শোনায়												28	
মৌলের নাম পজিকা	•	٠	•	•	•	•	•	•	•	٠	٠	24	
যে সাপের ম্বেখ লেজ													
রসায়নের প্রাণশক্তি · · · · ·												\$00	
	•	•	•	•	•	•			•	•	•	\$00 \$0¢	
বিদ্যুৎ বিজলী ও কছপ	•	•	•	•	•	•	•		•	•	•		
বিদ্যুৎ বিজ্ঞলী ও কচ্ছপ জ্যদ্ _ব -প্রতিবয়	•	•	•	•	•	•				•	•	>06	
বিদ্যুৎ বিজ্ঞলী ও কচ্ছপ জ্ঞাদ্-প্রতিবদ্ধ যে সাপের মুখে লেজ	•	•	•	•	•	•	•		•	•	•	50¢	
বিদ্যুৎ বিজ্ঞলী ও কচ্ছপ জাদ্ব-প্রতিবন্ধ যে সাপের মুখে লেজ কেচ্ছপে 'তড়িং গাডি' সঞ্চারণ এবং তদ্বিপরীত												204 204 20¢	
বিদ্যুৎ বিজ্ঞলী ও কচ্ছপ জাদ্যু-প্রতিবন্ধ যে সাপের মুখে লেজ 'কচ্ছপে' 'তড়িৎ গতি' সঞ্চারণ এবং তদ্বিপরীত শৃঃখল বিভিন্না				•	•					•		200 204 204 206	
বিদ্যুৎ বিজ্ঞলী ও কচ্ছপ জাদ্-প্রতিবন যে নাপের মুখে লেজ				•								224 204 204 206	
রসারনের প্রাণশন্তি বিদ্যুৎ বিজলী ও কছপ জাদ্-প্রতিবন্ধ যে সাপের মুখে লেজ ক্ষেত্রপ তড়িং গাঁত সঞ্চারণ এবং তদ্বিপরীত শৃংখল বিভিয়া রসায়ন ও বিদ্যুতের মিতালি পরলা নম্বর শত্রএবং এর প্রতিবিধান	•			•	•							\$00 \$00 \$00 \$00 \$00 \$00 \$00	
বিদন্ধ বিজলী ও কছপ জান্-প্রতিবন যে সাপের মনুখে লেজ ক্ষেত্রপা তড়িং গতি সঞ্জন এবং তদ্বিপরীত শৃংখল বিভিয়া বাসায়ন ও বিদন্ধতের মিতালি পর্না নম্বর শত্	•			•	•							208 208 208 208 208 208	

দ্ব্নিট ধরনেব বাসায়নিক বন্ধ	५ २८
রসায়ন ও বিকিব্ৰ	> >8
দীঘতিম বিক্রিয়া	১২৭
রসায়নের আদু,ঘর	
যে প্রদেশর জাবাব নেই	207
বৈদিয়ের হেড্, ফলপ্রতি	১৩২
রাসার্যানক অসুবির 🕡	200
একটি ভূতীয় সম্ভাবনা 🕟 🕟	204
জটিল যৌগ সম্পর্কে দ্ব-একটি কথা 🕠	- 202
সরল যোগের বিক্ময়	. 280
হ্যামফে ডেডির অজানা	285
২৬, ২৮ অথবা বিস্ময়কর আরও কিছ;	280
कारन-प्रत्यत्र श्रेणीस्ड • • •	286
টি-ই-এল কাহিনী .	>89
অসাধারণ স্যাণ্ডউইচ	200
কার্বন মনোক্সাইডের বেথেয়ালীপনা 🕡 🕠 🕠 🕠	. 502
नान ଓ मय्भः	>00
একের মধ্যে দব · · · · ·	569
অন্ন্যতম প্রমাণ্ট্র, অন্ন্যতম রসায়ন	264
আবার হীরক প্রসঞ্জ ে ১ ১ ১ ১	560
পারের তুলায় কত অজ্ঞানা	565
বখন সে আর সে নর	১৬৩
তার চোখের আলোম	
אוייטוריי ארנטיקט הניי	
বিশ্লেষণ সম্পর্কে ক'টি কথা ০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০	. ১৬৯
ভাল বার্দ তৈরির পদ্ধতি	\$90
জুমেনিয়াম আবিজ্ঞারের কাহিনী	292
আলো আর রঙ	390
স্বের্ রাসায়নিক বিজ্ঞেবণ	১৭৫
তরঙ্গমালা ও পদার্থ 🕝 .	১৭৮
কেবল এক ফোঁটা পারদেই	280
রাসায়নিক প্রিজ্বম	285
প্রোমেথিয়াম আবিক্কারের কাহিনী	১ ৮৩

ব্ননা স্টবেরির গন্ধ • • • • • •	286
নেপোলিয়নের মৃত্যু : জনশ্রুতি ও বাস্তবতা 🕟 🕟 🕟 🕟 🕟	589
বিকারক বিশ্লেষণ	220
ওজনহীনের ওজন 🕠 .	792
একক প্রমাণ্ম্র রসায়ন	220
সীমার মাঝে অসীম?	\$64
একটি বিস্ময়কর সংখ্যা	46¢
·	
तनासमः सर्वामण्ड	
হীরা প্রসঙ্গ, পুনর্থার	205
অনিত অণ্	২০২
দুর্ভেদ্য মর্মা, গাড়ার চর্মা 🕟 🕟 🕟 🕟	২০৬
কার্বান ও সিলিকনের সমাবন্ধন	SOR
বিষ্মারকর ছাঁকনি	250
রাসায়নিক সাঁড়াশি •	255
সাদা আঙ্রাখার রসায়ন	250
অলোকিক হয়কে ১ ১ :	224
প্রাণ্য্-মৌল: উত্তিদের ভিটমিন	225
উত্তিদের খাদ্য এবং রসায়নের কর্তব্য 🕟	२२२
একটি সামান্য তুলনাঃ কীভাবে রাসায়নিকরা গাছপালাকে পটাসিয়াম খাওয়া শেখালেন	228
'নাইট্রোজেন সংকট'	২২৫
ফসফরাস কেন?	২২৭
हामार्शनिक य _ा क्षमण् का	228
ফুৰক্-বান্ধব ، ،	২৩০
দিভা হল ভ্তা	২৩১
আমাদের কৈফিয়ত ১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১	২৩৪
পরিভাষা	২৩৬

ग्रूथतरकत तित्रन्थ

একদা প্রাচ্যের এক প্রান্ত শাসক পৃথিববিসা সকল মান্ধের সম্পূর্ণ বিবরণ জানতে চান।

তিনি তাঁর উজিরদের তলব করে বলেন:

'আমার জন্য প্রিথবীর সকল জাতির একটি ইতিহাস রচনার ব্যবস্থা কর্ন। আমি জানতে চাই তারা আগে কেমন ছিল আর এখন কেমন আছে, তারা কী করে, তারা কোন কোন যুদ্ধ করেছে এবং এখন করছে, আর বিভিন্ন দেশে কী কী শিল্প-বাণিজ্য ও সংস্কৃতি বিকশিত হয়েছে।'

আর এজন্য তিনি সময় বরান্দ করেন পাঁচ বছর।

উজিররা নীরবে কুর্নিশ সেরে বিদায় নিলেন। অতঃপর তাঁরা রাজ্যের প্রাপ্ততম ব্যক্তিদের আহ্বান করলেন ও তাঁদের শাসকের ইচ্ছার কথা জানালেন।

শোনা যায়, এর পর পরই পার্চমেণ্ট শিলেপর বাডবাড়ন্ড শারু হয়েছিল...

পাঁচ বছর পর উজিররা আবার প্রাসাদে মিলিত হলেন।

'জাহাঁপনা, আপনার ইচ্ছা প্রেণ করা হয়েছে। জানালা দিয়ে তাকান, দেখন আপনার ঈশ্সিত...'

শাসক বিস্ময়ে চোথ ঘষলেন। প্রাসাদের সামনে উটের কাফেলা আর তার শেষ প্রাপ্ত দিগপ্তপারে অদৃশ্য। প্রতিটি উটের পিঠে দৃ'টি বিশাল বোঝা আর প্রতি বোঝায় মরেক্লে বাঁধাই দশখন্ড বিপক্লাকার গ্রন্থ।

'এ সব কাঁ?' সমাট জিস্তোস করলেন।

'বিশ্ব ইতিহাস,' জবাব দিলেন উজিরব্নদ, 'আপনার আদেশে প্রাজ্ঞতমরা পাঁচ বছর এজন্য দিনরতে শ্রম করেছেন!'

'আমার সঙ্গে তামাশা?' সমাট গর্জন করলেন, 'সারা জীবনে আমি এর এক দশমাংশও পড়তে পারব না! তারা আমার জন্য একটি সংক্ষিপ্ত ইতিহাস লিখুক। কিন্তু এতে সকল গ্রেড্পুণ্ ঘটনাবলী থাকা চাই।'

তিনি তাঁদের আরও এক বছর সময় মঞ্জ্বর করলেন।

বছরটি শেষ হল। প্রাসাদের সামনে আবার একটি কাফেলা। এবার উটের সংখ্যা দশ এবং উটপ্রতি বোঝা ও বইয়ের পরিমাণ পূর্ববিং।

সমাট রেগে আগ্নে।

'সব'কালে সর্বজাতির সর্বাধিক গ্রেছপূর্ণ ঘটনাবলীই শ্ব্ধু এরা লিখ্ক। কত সময় চাই ভোমাদের?'

প্রাক্ততমদের প্রধান এগিয়ে এসে বললেন:

'জাহাঁপনা, শা্ধা একদিন, আগামীকালই আপনার আজ্ঞা পালিত হবে!'

'আগামীকাল?' বিস্মৃত সন্ধাটের মুখে ডাই প্রতিধ্বনিত হল, 'বহুৰ্ং আচ্ছা, আমাকে ঠকানোর চেন্টায় কিন্তু গর্দান নিশিস্ত।'

সবেমার নীলাকাশে সূর্য উঠেছে আর ফুলকুড়ির ঘ্ম টুটেছে, ঠিক তথনই সমাট প্রাক্তমকে তলব করলেন।

প্রাজ্ঞতম ঘরে এলেন। হাতে তাঁর ছোট একটি চন্দনপেটিকা।

'জাহাঁপনা, এরই মধ্যে সর্বকালে সর্বজাতির সর্বাধিক গ্রেছপূর্ণ ঘটনাবলী পাবেন,' নত প্রাপ্ত বললেন।

সমাট বার্ক্সটি খ্লালেন। মথমলের গদিতে ছোট এক টুকরা কাগজ। এতে লিখিত শ্বাধ্ একটিমার বাক্যাংশ: 'তারা জন্মেছিল, বে'চেছিল এবং প্রয়ত হয়েছিল।'

এভাবেই প্রাচীন কাহিনীটি প্রচারিত। আর আমাদের বখন সাঁমিত পরিমাণ কাগজে (অর্থাৎ বইয়ের আয়তন সাঁমিত করে) রসায়ন সম্পর্কে একটি আকর্ষা বই লিখতে বলা হল, তখন কাহিনীটি আর স্মরণ না করে উপায় ছিল না। এর অর্থ আমরা সেরা ঘটনাগ্রনিই শ্বেই লিখতে পারব। কিন্তু রসায়নের সেরা বিষয় কোনগ্রনি?

'রসায়ন — বস্তু ও তাদের রুপান্তরের বিজ্ঞান।'

চন্দনপেটিকার সেই কাগজটুকরোর উদ্ধৃতিটি স্মরণ কর্ন।

আমরা মাথা চুলকিরেছি, মান্তব্দ নিঙড়িরেছি এবং শেষ পর্যন্ত এই সিদ্ধান্তে পেণাছোছি যে, রসায়নের সর্বাকছাই গ্রেছপূর্ণ। এর কোনটি ব্যক্তিবিশেষের কাছে কম বা বেশি গ্রেছপূর্ণ হতে পারে। অজৈব রাসায়নিকের কাছে অজৈব রসায়নই বিশ্বরন্ধান্তের সারাংসার। কিন্তু জৈব রাসায়নিক বলবেন এর ঠিক উল্টো কথা। এ সম্পর্কিত দ্বিভিজিতে কোন আশ্বাসক ঐক্যাত অসম্ভব।

'সভ্যতা' ধারণাটি বহুবিধ আনুষ্সিকের সমাহার এবং তন্মধ্যে রসায়নই স্বপ্রধান।

মান্য রসায়নের সাহায্যে আকরিক ও খনিজ থেকে ধাতু নিৎকাশন করে। রসায়ন ব্যতীত আধুনিক ধাতুশিল্প অসম্ভব হত। রসায়নের সাহায্যেই উন্ভিদ, প্রাণী ও খনিজ থেকে ক্রমান্বয়ে আশ্চর্য থেকে আশ্চর্য তর সামগ্রী উৎপন্ন হচ্ছে।

রসায়ন শ্বা প্রকৃতিকে অবিকল অন্করণ বা নকল করে না, পরস্থ একে বছরের পব বছর ক্রমাগত নানাভাবে অতিক্রম করে যায়। হাজার হাজার পদার্থ উৎপক্ষ হয়েছে যা প্রকৃতির রাজ্যে অনুপক্ষিত অথচ মানুষের জীবন ও কর্মের পক্ষে অতি গুরুত্বপূর্ণ ও ফলপ্রসাই বৈশিন্টোর অধিকারী।

রসায়নের সংকার্মের তালিকা বস্তুত অন্তহীন।

জীবনের প্রতিটি অভিব্যক্তিই অজন্ন রাসায়নিক প্রক্রিয়ালগ্ন। রসায়ন ও তার নিয়মাবলী ব্যতিরেকে জীবনের কর্মকাণ্ড অনুধাবন অসম্ভব।


মানুষের বিবর্তনেও রসায়নের নিজস্ব বক্তব্য আছে।

রসায়ন আমাদের খাদ্য, বদ্দ ও পাদ্কার জোগানদার। আধ্নীনক সভ্য সমাজজীবনের অপরিহার্য সবকিছ্ট তো রসায়নদত্ত।

ভূ-মহাকর্ষ অতিক্রম করে রকেটগর্নল চন্দ্র, মঙ্গল, শর্ক্ত ও ব্রুধে পেণছেছে। তাদের মোটরের জন্য জরালানি এবং কাঠামোর জন্য তাপসহিষ্কৃ উপাদান এল রসায়ন থেকে।

যদি কেউ রসায়নের স্বকিছ, এর বহুবিধ পর্যায় এবং স্মৃদ্ধির কাহিনী লেখেন, তা হলে অত্যুন্নত যে-কোন দেশের কাগজসম্ভারে অবশ্যই টান পড়বে। সোভাগ্যবশত, এমন চিন্তা আজও কারও মাধায় আসে নি। কিন্তু আমাদের কাজটি অনেকটা এ ধরনের।

সেই প্রানো উভয়সংকট থেকে উদ্ধারের একটি পথ আমরা থাঁজে পেয়েছি। আমরা বহুবিধ বিষয় সন্পর্কে অলপ করে লেখার সিদ্ধান্ত নিয়েছি। অবশ্য, কী সন্পর্কে লিখব সে আমাদের ব্যক্তিগত পছদের ব্যাপার। অন্য লেখক সন্তবত অন্য বিষয়াদি সন্পর্কে লিখতেন, তৃতীয়জন ভিন্নতর বিষয়ে বেছে নিতেন। কিন্তু বইটি আমাদের, আর এজনাই তা আমাদের পছন্দমতো লেখা। তাই হ্বহু আপনার ইচ্ছাপ্রণ না হলে আমাদের উপর দয়া করে ক্ষুদ্ধ হবেন না।





এক নজরে পর্যায়বৃত্ত

এক নজরে দেখা, অপপন্থ ধারণা সাধারণত ম্ল্যুহীন। দর্শক এতে কখনও উদাসীন থাকেন, কখনো-বা বিশ্যিত হন। দৈবাং জিরাফের সামনে অভিভূত বিখ্যাত সেই কাহিনীর নায়কের মতো তাঁর বিম্ধে উক্তি শোনা ধায়, 'এ সত্য হতেই পারে না!'

কিন্তু প্রথম পরিচয়ে, এক নজর কোন বস্তু বা প্রক্রিয়া দেখলে, হয়ত কখনও এতে আপনার কিছু উপকারও হতে পারে।

মেদেনেরেভ কৃত মৌলের পর্যায়বৃত্তকে কোন বস্তু বা প্রক্রিয়া বলা দ্রুণ্কর। একে ববং আয়না বলাই ভাল। এতে প্রতিফলিত প্রকৃতির অন্যতম সর্বপ্রেষ্ঠ নিয়ম — পর্যায়বৃত্তের সারমর্মা। প্রথিবীজাত অথবা মান্বের তৈরি শতাধিক মৌলিক পদার্থ এরই অন্বতাঁ, যেন রাসায়নিক মৌলের বড় বাড়ির অবশ্যপালনীয় একপ্রস্থ নিয়ম।

বাড়িটির দিকে বারেক তাকালেই অনেক কিছ্ বোঝা সন্তব। এই প্রথম অনুভূতিটিই বিক্সায়ের। ব্যড়িটি যেন প্রাভাবিক আকারের বড় প্যানেলের দালানকোঠার মাঝখানে উন্তট অথচ আকর্ষী স্থাপত্যের একটি নির্দাশন।

মেদেলেয়েভ সারণীতে বিস্ময়ের কী আছে? শ্রের্ডেই বলা যায় এর পর্যায়সমূহ অর্থাং তলাগ্যলি বিভিন্নভাবে পরিকল্পিত।

উপর তলা অথবা মেন্দেলেরেড সারণীর প্রথম পর্যারে ঘর বা কোঠার সংখ্যা মার দ্ব'টি। দ্বিতীয় ও তৃতীয়ের প্রত্যেকটিতে আটটি এবং পরবর্তী দ্ব'টি তলার (চতুর্থ ও পঞ্চম) আঠারোটি করে। এটি যেন এক হোটেল। এর নিচের দ্ব'টিতে (ষণ্ঠ ও সপ্তম) ঘরের সংখ্যা আরও বেশি, প্রতিটিতে বিরশ। এমন কোন দালান দেখেছেন কখনও?

তব্ এটিই রাসায়নিক পদার্থদের বড় বাড়ি তথা পর্যায়বৃত্তঃ

স্থপতির খেয়াল ? মোটেই না। জানেন ত, যেকোন দালান তৈরির জন্য পদার্থবিদ্যার নিয়ম অবশ্যপালনীয়। অন্যথা আলতো হাওয়ার তোডেই তার দফা শেষ।

পর্যায়েব্রের গঠনশৈলার অন্তর্গত ভৌত নির্মাবলির শাসনও অন্র্পু কঠোর এবং মেল্ফেলেরেড সারণীর প্রতিটি পর্যায়ে নির্দিষ্ট সংখ্যক মোলিক পদার্থের অবিছিতি এই নির্মেই নির্ধারিত। দৃষ্টান্ত হিসেবে, প্রথম পর্যায়িট উল্লেখ্য। এখানে দু'টি মৌলের অবস্থান নির্দিষ্ট, এর কমও নয় বেশিও নয়।

পদার্থবিদ সমর্থিত এই প্রতায় সম্পর্কে রাসায়নিকরাও অভিন্নমত। কিন্তু অন্যথাও ছিল। একসময় পদার্থবিদরা চুপই ছিলেন, কারণ পর্যায়বৃত্ত তথ্যত তাঁদের বিব্রত করতে শ্রুর করে নি। কিন্তু রাসায়নিকরা প্রায় প্রতি বছরই নতুন মৌল খ্রুজে পাচ্ছিলেন আর এই নবাগতদের জায়গা দেবার সমস্যা নিয়ে ভাবনায় পড়েছিলেন। মাঝে মাঝে আবার বেজায় বিদ্যুটে সমস্যাও দেখা দিত যখন সারণীর একই কোঠায় জায়গা নেবার জন্য দাবিদাররা লাইন দিয়ে দাঁড়াত।

সন্দেহবাদী বিজ্ঞানীদের সংখ্যাও তখন কম ছিল না। তাঁরা পর্যাপ্ত গান্তীর্যে ঘোষণা করলেন যে, মেন্দেলেয়েভ সারণীর প্রাসাদটি বাল্রে উপর তৈরি। তাঁদেরই একজন ছিলেন জার্মান রাসায়নিক ব্নস্সেন, যিনি তাঁর বন্ধু কিখ্ছিফের সঙ্গে বর্ণালীগত বিশ্লেষণের পদ্ধতি আবিজ্জার করেছিলেন। কিন্তু বিষয়টি পর্যায়ব্ত্তে প্রযুক্ত হলে, ব্ন্সেন বৈজ্ঞানিক অদ্রদার্শিতার এক বিস্ময়কর নজির স্থিটি কর্লেন। একসময় চটে গিয়ে বললেন, 'এ তো মুদ্রা বাজারের কাগজ পত্রের অঞ্চল নির্মান্তিতি সন্ধান!'

মেলেনেরেভের আগেও তংকালে জ্ঞাত বার্টোর্যন্ত সংখ্যক মৌলকে শ্রেণীবদ্ধ করার চেন্টা হয়েছিল। কিন্তু তা ব্যর্থ হয়। সন্তবত নিউল্যান্ড্স নামক জনৈক রিটিশ সত্যের সর্বাধিক সমীপবর্তা ছিলেন। তিনি 'অন্টক স্বের' স্পারিশকারী। বর্ধমান পারমার্থাবক ভর অন্সারে মৌল বিন্যাসের চেন্টায় নিউল্যান্ড্স দেখলেন যে, সঙ্গীতে যেমন উচ্চপর্যায়ে প্রতিবারই অন্টম স্বের প্রথম স্বেরর প্নরাক্তি ঘটে, তেমনি প্রতিটি অন্টম মৌলেও প্রথম মৌলের সদৃশ ধর্মই প্রকটিত হয়। কিন্তু নিউল্যান্ড্সের আবিক্টারটি সম্পর্কে প্রতিচিক্তার অভিব্যক্তি হল: 'আপনি কেন বর্ণান্ক্রমিকভাবে মৌলগ্রিল বিন্যন্ত করেন নি? এভাবেও তো একটি নিয়মান্ত্রতি সন্ধান সভব!' এই ভেংচিম্বেথা প্রতিভ্নন্তীদের কী জবাব দেবেন বেচারা নিউল্যান্ড্স?

মেশেরজের সারণীও শ্রুরতে স্বজ্যাথিত হয় নি। এর 'স্থাপত্য' তীর আক্রমণের ম্বেম্মি হয়। এর অনেক কিছ্ই তখনও অস্পত এবং তাই ব্যাখ্যার প্রয়োজন ছিল। আধ ডজন নতুন মোল আবিষ্কারের চেয়ে সারণীতে তাদের বথাস্থানে স্থাপন অনেক বেশি কঠিন।

কেবল এক তলার ব্যাপারটি বােধ হয় সন্তোষজনক ছিল। ওখানে অপ্রত্যাশিত আবােসিকদের ঢুকে পড়ার কোন সম্ভাবনা ছিল না। এখন এক তলায় হাইড্রোজেন ও হিলিয়ামের বাস। এগা্লির পরমাণ্রে নিউক্লীয় আধান যথাক্রমে ধনাত্মক ১ ও ২। এটা স্পন্ট যে, এগা্লির মাঝামাঝি অন্যতর কোন মৌলের অস্তিত্ব অসম্ভব। প্রকৃতিব রাজ্যে এমন কোন নিউক্লিয়াস বা কণা নেই যাদের আধান ভগ্নংশসংখ্যক।

(অথচ ইদানীং কালের তাত্ত্বিক পদার্থবিদরা কোয়ার্কের অস্তিত্বের সমস্যা নিয়ে আলোচনারত। নামটি প্রার্থামক মোলিক কণার বেলায় প্রযুক্ত। এতদ্বারা প্রমাণ্ট্র নিউক্লিয়াসের উপকরণ প্রোটন ও নিউট্রন সহ বাকী সবকিছাই নির্মাণ সম্ভব। মনে করা হয় যে, কোয়ার্ক ধনাত্মক ১,৩ ও ঋণাত্মক ১/৩, ইত্যাকার ভগ্ন আধানয়ক্ত। যদি সত্যিই কোয়ার্ক বলে কিছা থাকে, তা হলে মহাজগতের 'বস্কু-বিন্যাস' নতুনভাবে আমাদের সামনে প্রকটিত হবে।)

জ্যোতিবিদিদের প্ররোচনায় রাসায়নিকদের পশ্ডশ্রম

'প্রথায়ব্ত সারণী যে হাইড্রোজেন থেকেই শ্রুর হবে, বিষয়টি কিছুতেই আমার মনে আসে নি।'

কথাগর্নি কার মনে হর? বে গবেষকবাহিনী কিংবা সোঁখীন সন্ধানীদল স্বীয় পর্যায়ব্ত আবিংকার অথবা তার যদ্চ্ছা প্রেমিব্ন্যাসের দায়িত্ব গ্রহণ করেছিলেন সম্ভবত তাঁদের কেউ? বিভিন্ন ধরনের 'পর্যায়ব্ত্তের' তখন ছড়াছড়ি আর তাদের সংখ্যাও চিরচলন্ত যক্ষ উন্তাবকের চেয়ে কম নয়।

তবে পর্বোক্ত বাক্যটি আর কারও নয়, স্বয়ং মেন্দেলেয়েভের। তাঁর 'রসায়নের ভিত্তি' গ্রন্থ থেকে এটি উদ্ধৃত। প্রসঙ্গত উল্লেখ্য, এই বিখ্যাত পাঠ্যবইটি হাজার হাজার ছাত্র পড়ত।

পর্যায়বৃত্ত আবিষ্কারকের ভূল হয়েছিল কেন?

সেকালে এমন ভূলের সবক'টি কারণই প্রকটিত ছিল। মোলসমূহ তংকালে ক্রমবর্ধমান পারমাণবিক ভরের ভিত্তিতেই সারণীতে বিন্যন্ত থাকত। হাইড্রোজেন ও হিলিয়ামের পারমাণবিক ভর যথাক্রমে ১০০৮ ও ৪০০০০। স্তরাং ১৫, ২, ৩, ইত্যাদি ভরের সম্ভাব্য মোলের অন্তিত্ব কল্পনা করতে অস্ক্রিধা কি? কিংবা হাইড্রোজেনের চেয়ে হালকা, একের সংখ্যার চেয়ে কম পারমাণবিক ভরের কোন কিছু?

মেন্দেলেরেন্ড ও অন্য অনেক রাসায়নিক এর সন্তাব্যতা স্বীকার করতেন। আর রসায়ন থেকে বহুদ্রের বিজ্ঞানী, জ্যাদিতবিদিদেরও তাঁরা সমর্থন লাভ করেন। আমরা নিশ্চিত সমর্থনিট ছিল অনিচ্ছাকৃত। ল্যাবরেটরি, পাথিব খনিজ বিশ্লেষণ ব্যতিরেকেও যে মৌল আবিশ্কার সন্তব এই প্রত্যেটি জ্যোতিবিদিদের দ্বারাই প্রথম প্রমাণিত হয়।

১৮৬৪ সালে ব্রিটিশ ও ফরাসী জ্যোতিবিদ্দার লকিয়ার ও জাঁসেন পূর্ণ স্থাপ্রহণের চোথ ধাঁধানো জ্যোতিশ্চক্র-রিশ্ম বর্ণালীবিশ্লেষক পরকলা কাচের মধ্যে প্রতিফালিত করেন। বর্ণালীরেখার ঘনবদ্ধ বেড়ার মধ্যে এমন কিছু রেখা তাঁরা লক্ষ করলেন, যা প্রথিবীর জ্ঞাত কোন মৌলেরই নয়। তাই আবিষ্কৃত হল হিলিয়াম। গ্রীক শব্দ 'হিলিয়াস' ('সৌর') থেকেই নামটি আহত। এর সাতাশ বছর পর বিটিশ পদার্থবিদ রাম্বজে ও উইলিয়াম ক্রু প্রথিবীতে প্রথম হিলিয়াম খংজে পান।

তাঁর আবিৎকার সংক্রামক প্রমাণিত হল। জ্যোতিবিদদের দ্রবিন ঘ্রল স্দ্রর নক্ষর ও নীহারিকার দিকে। তাঁদের আবিৎকারসম্হ সতর্কতার সঙ্গে জ্যোতিবিদ্যার বর্ষপঞ্জিতে প্রকাশিত হল এবং এদের কোন কোনটি রসায়নের সামায়কীতেও পথ খ্রেজ পেল। এই তথ্যাবলীতে মহাবিশ্বের অসীম শ্নো নতুন মৌল আবিৎকারের দাবি উচ্চারিত ছিল। পদার্থাগ্লির নামকরণ করা হয়েছিল গালভরা শব্দপ্ঞে: করোনিয়াম, নিব্লিয়াম, আর্কনিয়াম, প্রোটফ্রোরিন। নাম ছাড়া রাসায়নিকরা এগ্লি সম্পর্কে আর বিন্দ্বিস্কর্গও অবগত ছিলেন না। কিন্তু হিলিয়ামের স্থেদ পরিণতির কথা ভেবে তাঁরা এই আকাশচারী আগভুকদের পর্যায়স্ত্রে ছান দেবার জন্য তাড়াহ্নড়া শ্রুর করেন। তাঁরা এগ্রিলকে হাইজ্রোজেনের আগে অথবা হাইজ্রোজেন ও হিলিয়ামের মাঝামানি স্থানে রাথলেন। আশা ছিল, ভবিষ্যতে কথনও হয়ত নব্য রাম্বজ ও চুক্ররা করোনিয়াম ও তার অন্রুপ রহস্যময় সক্লাদের পাথিব অন্তিম্ব প্রমাণ করবেন।

কিন্তু পদার্থবিদরা পর্যায়বৃত্তে হাত দেবার সঙ্গে সঙ্গে সব আশার সলিলসমাধি ঘটল। দেখা গোল পারমাণবিক ভর পর্যায়েস্তের জন্য কোন নির্ভারশীল পদক্ষেপ নয়। নিউক্লিয়াসের আধান অথবা মৌলের পারমাণবিক সংখ্যাদ্বারা অতঃপর পারমাণবিক ভর প্রতিদ্বাপিত হল।

পর্যায়বৃত্তে মোল থেকে মোলে উত্তরণের সময় এই আধান প্রতিবারই একটি একক হারে বৃত্তির পায়।

কালক্রমে জ্যোতিবিশ্যার নির্ভূলতর যক্ষপাতি নিব্লিয়ামের রহস্যায়বিনকা ঈষং উন্মোচিত করল। জানা গোল, নতুন মৌলসমূহে আসলো বহুজ্ঞাত মৌলের প্রমাণ্সমূহের কিছ্মসংখ্যক ইলেক্ট্রনচ্যুতির ফল্প্রুতি এবং এজন্যই এই অস্বাভাবিক বর্ণালীর উত্তব। অতএব আকাশচারী আগভুকদের 'পরিচয়পত্ত' ভূয়া প্রমাণিত হল।

দিমুখী মোল

স্কুলে রসায়নের ক্লাসে এই ধরনের কোন আলাপ হয়ত শ্নেছেন। শিক্ষক:

'পর্যায়বৃত্ত সারণীর কোন দলে হাইড্রোজেন আছে?'

ছাত্ত :

'প্রথম দলে। কারণ, প্রথম দলভুক্ত ক্ষারধাতু লিথিয়াম, সোডিয়াম, পটাসিয়াম,

ব্রবিভিয়াম, সিজিয়াম ও ফ্রান্সিয়ামের মতো হাইড্রোজেন পরমাণ্ট্র ইলেকট্রন খোলকে, ইলেকট্রন মাত্র একটি। ওদের মতোই হাইড্রোজেন রাসায়নিক যৌগের ক্ষেত্রে মাত্র একটি ধনাত্মক যোজ্যতার প্রদর্শক। আর হাইড্রোজেন কোন কোন লবণ থেকে তাদের ধাতু অপসারণেও সক্ষম।

এ কি সত্য? তাই, তবে অধসিতা।

রসায়ন নিখ্ত বিজ্ঞান এবং অর্ধসিত্য রাসায়নিকদের অপছন্দ। হাইড্রোজেন এর বিশ্বাস্য দন্টাস্ত।

হাইড্রোজেন ও ক্ষারীয় ধাতৃসম্হের মধ্যে কী কী সাদৃশ্য বর্তমান? কেবলমার এগর্নলর ধনাত্মক একবোজ্যতা, প্রত্যন্ত খোলকের সদৃশ ইলেকট্রন বিন্যাস। আর কোন সাদৃশ্য নেই। হাইড্রোজেন গ্যাস ও সেই সঙ্গে অধাতৃ। হাইড্রোজেন দ্বিপারমাণবিক অণ্ গঠন করে। প্রথম দলের অবশিষ্ট মৌলসমূহ ক্ল্যাসিকাল ধাতৃ বিধার রাসায়নিক বিক্রিয়ায় সর্বাধিক সক্রিয়। নিজের একমার ইলেকট্রনিট অ্রিয়ে হাইড্রোজেন ক্ষারধাতু সাজতে চায়। কিন্তু ওটি আসলে মেবের চামড়াপরা ভেথধারী নেকড়ে।

বড় বাড়ির ব্যবস্থান,সারে এখানে স্বগোন্নীয় মৌলসমূহ একে অন্যের এক তলা উপরে বাস করে এবং এভাবেই পর্যায়ব্তের দল ও উপদলসমূহ গঠিত। বড় বাড়ির বাসিন্দাদের জন্য এটিই আইন। হাইড্রোজেন প্রথম দলে পড়ে অনিবার্যত আইনটি লঞ্জন করেছে।

কিন্তু বেচারা হাইড্রোজেন যাবেই-বা কোথায়? এগালি সকলেই বড় বাড়ির নয় তলা সি'ড়িয়রে নবম দলে রয়েছে। হিলিয়াম হাইড্রোজেনের এক তলার পড়শা। সে এখানে ঘর পেয়েছে অধ্নাক্থিত শ্না দলের সদস্যর্পে। দলের অন্যান্য স্থান এখনও ফাঁকা। দেখা যাক, হাইড্রোজেনের জন্য একটা সাত্যকার 'আগ্রয়ের' কা কা সম্ভাবনা এক তলার প্নার্বিন্যাসে নিহিত!

দ্বিতীয় দলের পাথিব ক্ষারধাতুরা যেখানে বেরিলিয়ামের অধীনে বসবাস করছে, সেখানে কি ওকে রাখা যার না? না, হাইড্রোজেনের সঙ্গে এগ্নলির বিন্দ্রমান্তও কুটুনিবতা নেই। তৃতীয়, চতুর্থ, পশুম এবং ষষ্ঠ দলও বিষয়টি সম্পর্কে গররাজী। কিন্তু সপ্তম দল? দাঁড়ান! ফ্লোরিন, ক্লোরিন, রোমিন প্রমান্থ হ্যালোজেন ঐ দলে ব্য়েছে। হাইড্রোজেনকে সাদর অভ্যর্থনার জন্য এরা উদগ্রীব।

...দ্ব'টি শিশ্বর সাক্ষাৎ কটপনা কর্ন। 'তোমার বয়স কত?' 'এড।' 'আমারও।'

'আমার একটা সাইকেল আছে।'

'আমারও।'

'তোমার বাবা কী করেন?'

'ট্রাক চালান।'

'টাক ড্রাইভার! আঁ!, আমার বাবও!'

'চল, আমরা বন্ধু হই!'

'চল্দ !'

'তুমি কি অধাতু?' ফ্লোরিন হাইড্রোজেনকে জিজ্ঞেস করল।

'তাই !'

'তুমি কি গ্যাস ?'

'ঠিক বলেছ।'

'আমরাও,' ক্লোরিনকে দেখিরে ফ্লোরিন বলল।

'আমার অণ্তে পরমাণ্ দ্টি!' হাইড্রোজেন যোগ করল।

'বল কী!' বিশ্মিত ফ্লোরিন বলল, 'অবিকল আমাদেরই মতো।'

'আর তুমি কি ঋণাত্মক যোজ্যতা দেখাতে পার, নিতে পার বাড়তি ইলেকটন? এমনটি আমাদের ভারি পছন্দ!'

'পারি না? যেসকল ক্ষারধাতু আমাকে অপছন্দ করে, তাদের প্রত্যেকের সঙ্গেই আমি হাইড্রাইড নামের হাইড্রোজেন যোগ তৈরি করি এবং তাদের মধ্যে আমি ঋণাত্মক একযোজী।'

'তা হলে সব ঠিক! সোজা আমাদের মধ্যে চলে এস, আমরা বন্ধ, হই।'

আর এভাবেই হাইড্রোজেন সাত তলায় জায়গা পেল। কিন্তু বেশি দিন ওখানে তার থাকা হবে কি? নতুন আত্মীয়টি সম্পর্কে আরও খোঁজখবর নেয়ার প্র হ্যালোজেনদের একটির মুখে হতাশ মন্তব্য শোনা গেল:

'দেখ ভাই, তোমার প্রত্যন্ত খোলকে তেমন কিছু বেশি ইলেকট্রন নেই, তাই না? মাত্র একটি। দেখে মনে হচ্ছে... প্রথম দলের ওদের মতো। তুমি ক্ষারধাতুদের ওখানে গেলেই ত হয়।'

দেখন কী মুশ্রকিলেই না হাইড্রোজেন পড়েছে। ওথানে ঘরের অভাব নেই। কিন্তু কোনটিই সে স্থায়ীভাবে প্রেরা অধিকারে দখল করতে পারছে না। একটি উন্তট অবস্থা তাই না? হাইড্রোজেন ক্ষারের নাগালও পেল না হ্যালোজেনের কাতারেও গেল না। কিন্তু কেন? হাইড্রোজেনের এই অন্তুত দ্বিম্থিতার কারণ কি? কেনই-বা তার আচার ব্যবহার এত অসাধারণ?

কোন রাসায়নিক পদার্থ অন্য পদার্থের সঙ্গে মিলিত হলেই তার স্বকীয় ধর্ম প্রকটিত হয়। সে তথন ইলেকট্রন দান অথবা গ্রহণ করে, তার প্রত্যন্ত খোলক থেকে ইলেকট্রন চ্যুত হয় কিংবা তাতে বৃক্ত হয়। যথন কোন মৌল প্রত্যন্ত খোলকের সবক'টি ইলেকট্রনই হারিয়ে ফেলে, তথন অন্য খোলকগর্মলি অপরিবর্তিত থাকে। হাইড্রোজেন ছাড়া আর সকল মৌলই এই নিয়মের অধীন। হাইড্রোজেনের একমার ইলেকট্রনিট হায়ালে পারমাণ্যিক নিউক্লিয়াস ছাড়া তার আর কিছুই বাকী থাকে না। আর এটি শ্রেমার একটি প্রোটন, যা হাইড্রোজেন নিউক্লিয়াসের সর্বস্ব (অবশ্য সর্বদাই এটি একক প্রোটনসর্বস্ব নয়, কিন্তু এই গ্রুম্বপূর্ণ বিষয়টি পরে আলোচিত হবে)। স্বতরাং, হাইড্রোজেনের রসায়ন এক অনন্য রসায়ন, ঠিক যেন প্রোটন তথা মৌলিক কণার রসায়ন। তাই হাইড্রোজেন সংশ্লিত বিক্রিয়া প্রোটনে প্রভাববিত।

এবং এজনাই হাইড্রোজেনের স্বভাবে এই প্রকট অসংলগ্নতা।

আদি ও অশেষ বিক্ষয়

হাইড্রোজেনের আবিংকারক প্রখ্যাত ইংরেজ পদার্থবিদ সার হেনরি ক্যাভেণ্ডিস। তিনি বিদ্বানদের মধ্যে ধনাত্যতম এবং ধনাত্যদের মধ্যে বিদ্বানশ্রেণ্ড। কথাটি তাঁর জনৈক সমকালীন ব্যক্তির। আর সে সঙ্গে আমরা যোগ করছি যে, তিনি ছিলেন বিজ্ঞানীদের মধ্যে বিশিষ্টতম। বলা হয়, নিজের লাইরেরি থেকে কোন বই নিলেও ব্যুককার্ডে নাম সই করতে তিনি ভুল করতেন না। এই স্যুস্থিরতম মান্ষটি গবেষণায় প্র্ণ আত্যোৎসার্গতি ও বিজ্ঞানে আবিণ্ট ছিলেন। বলা হত, তিনি উল্লাসিক সম্ব্যাসী। কিন্তু এই গ্রেণবিলর জন্যই তাঁর পক্ষে নতুন গ্যাস হাইড্রোজেন আবিণ্কার সম্ভবপর হয়েছিল। আর বিশ্বাস কর্ন, কাজটি মোটেই সোজা ছিল না!

এর আবিষ্কার কাল ১৭৬৬ সাল আর ফবাসী অধ্যাপক শাল হাইড্রোজেন ভ্রাট বেলনে উড়ান ১৭৮৩ সালে।

রাসায়নিকদের কাছেও হাইড্রোজেন এক অম্ল্যু আবিষ্কার বৈকি। এরই ফলে অম্লু ও ক্ষারের মতো গ্রুত্বপূর্ণ রাসায়নিক যৌগের গঠন সম্পর্কে অধিকতর জানা তাঁদের পক্ষে সম্ভবপর হল। লবণের দ্রব থেকে ধাতুর অধঃক্ষেপণ এবং ধাত্ব



অক্সাইডের বিজারণে ল্যাবরেটীর বিকারক হিসেবে এটি অপরিহার্য হয়ে উঠেছিল। আর উন্তট শোনালেও, হাইড্রোজেনের আবিষ্কার ১৭৬৬ সালে না হয়ে আরও অর্ধ শতাব্দী পিছিয়ে গেলে (এমনটি ঘটা অবশ্যই সম্ভব ছিল), তাত্ত্বিক ও ফলিত এই উভয় ক্ষেত্রেই রসায়নের উন্সতি অনিবার্য ভাবে দীর্ঘকাল প্রহত হত।

হাইড্রোজেন সম্পর্কে রাসায়নিকরা যথন যথেষ্ট অভিজ্ঞ এবং ফলিত ক্ষেত্রে গ্রেছ্পূর্পে উপাদান উৎপাদনে যথন এর ব্যবহার শ্রেছ্ হয়েছে, তথনই গ্যাসটির প্রতি নজর পড়ল পদার্থবিদদের। তাঁরাও এর বহু তথ্যাদি আবিষ্কার করলেন। বিজ্ঞানের ভাণ্ডার সমৃদ্ধতর হল:

আর কোন্ সাক্ষ্যের প্রয়োজন? আরও কিছ্ বলার আছে। প্রথমত, যেকোন তরল পদার্থ বা গ্যাসের (হিলিয়াম ছাড়া) তুলনায় হাইড্রোজেন হিমাণেকর অনেক নিচের তাপমাল্রায় ঘনীভূত হয় এবং তা —২৫৯-১ ডিল্লি সেণ্টিল্লেড*। দ্বিতীয়ত, ওলন্দাজ পদার্থবিদ নিল্স বাের হাইড্রোজেনের সাহাব্যেই পারমাণবিক নিউক্লিয়সের চতুদিকে ইলেকট্রন বিন্যাসের নতুন তত্ত্ব উপস্থাপিত করেন য়া ছাড়া পর্যায়ব্যের ভোত মর্মার্থ বােধগম্য হত না। এই তথ্যাবলীই ছিল অন্যান্য গ্রুছপ্রণ আবিক্লারের ভিত্তিক্ররপ।

অতঃপর পদার্থাবিদরা তাঁদের ঘনিষ্ঠ পেশাদার, নক্ষরের সংখ্তি ও গঠন নিরীক্ষক নভোবন্ধবিদদের কাছে বিষরটি হস্তান্তরিত করেন। তাঁরা বললেন হাইড্রোজেন মহাবিশ্বের একনন্বর মৌল। স্থা, নক্ষত, নীহারিকার এটাই মূল উপাদান ও ভান্তঃপ্রদেশের প্রধান 'ভরণ'। মহাশ্নের সমস্ত রাসায়নিক পদার্থের মোট পরিমাণের তুলনার হাইড্রোজেনেরই পরিমাণ অনেক বেশি। কিন্তু প্থিবীতে অবস্থা একেবারেই আলাদা, এখানে এর পরিমাণ এক শতাংশেরও কম। বিজ্ঞানীদের মতে পারমাণবিক নিউক্লিয়াসের যে দীর্ঘ পরিবর্তানপ্রবাহের মাধ্যমে সকল রাসায়নিক মৌলের বিনা ব্যতিক্রমে, সকল অগ্রর উদ্ভব, হাইড্রোজেনই তার আরম্ভবিশ্ব। স্থা ও সকল নক্ষরের উজ্জ্বলতা তাদের অভান্তরীণ তাপপারমাণবিক বিক্রিয়ারই ফল, এতে হাইড্রোজেন হিলিয়ামে র্পান্ডরিত হয় ও বিপ্লে শক্তির উৎসরণ ঘটে। প্থিবীর বিশিন্ট রাসায়নিক এই হাইড্রোজেনটি কিন্তু মহাশ্নেরের এক প্রখ্যাত বাসায়নিক।

হাইড্রোজেন আরও একটি আশ্চর্য ধর্মের অধিকারী। এর অণ্লোভ বিকিরণের তবঙ্গদৈর্ঘ্য ২১ সেণ্টিমিটার। একে বিশ্বধ্বক বলা হয়, কারণ বিশ্বব্রসাণ্ডের সর্ব এই

এখানে ও পরে সমন্ত তাপমাত্র দেয়া হল সেণিটয়েড অন্সারে। — সম্পাঃ

এর মান একই। বিজ্ঞানীরা অন্য বসতিলোকে হাইড্রোজেন তরঙ্গে বেতারযোগাযোগ স্থাপনের পরিকল্পনা করছেন। ঐ সকল জগতে যদি কোন বৃদ্ধিমান প্রাণী থাকে, তা হলে ২১ সেণ্টিমিটারের অর্থ অবশাই তাদের জানা থাকবে...

প্রথিবীতে হাইড্রোজেন কত প্রকার?

বিজ্ঞানীর কাছে নোবেল পর্রুকারই শ্রেষ্ঠতম সম্মান। প্রিথবীতে বিজ্ঞানীর সংখ্যা বহর, কিন্তু নোবেল প্রুক্তকার পেরেছেন শতাধিক জন এবং তা অত্যুল্লেখ্য আবিষ্কারের শ্রেষ্ঠতমের জন্য।

১৯৩২ সালের নোবেল প্রক্ষার বিজয়ী বিজ্ঞানী: ম্যাফি, উরি ও বিক্ ওয়েও। প্রে মনে করা হত, প্থিবীতে এক প্রকার হাইড্রোজেনই আছে বার পারমাণ্যিক ভর এক । মাফি ও তাঁর সহক্ষারি ছিগ্লে ভারি ছিতীয় একটি হাইড্রোজেন আবিক্ষার করেন। এটি ছিল হাইড্রোজেন আইসোটোপ, যার পারমাণ্যিক ভর দুই।

আইসেটোপ পরমাণ্ট্র প্রকারভেদ মাত্র, এদের আধান সদৃশ, কিন্তু পারমাণবিক ভর ভিন্ন। অর্থাৎ আইসেটোপের পরমাণ্ট্র নিউক্রিরাসে প্রোটনের সংখ্যা সমান, কিন্তু নিউটনের সংখ্যা বেশি। সকল রাসায়নিক পদার্থেরিই আইসোটোপ আছে। এদের কোনটি প্রকৃতিজ্ঞাত, অন্যগ্রাল নিউক্লীয় বিক্রিয়ায় কৃত্রিমভাবে উৎপন্ন।

হাইড্রোজেনের আইসোটোপ যার নিউক্লিয়াস একটি প্রোটনমাত্র, তার নাম প্রোটিয়াম এবং প্রতীক \mathbf{H}^1 । সম্পূর্ণ নিউট্রনহীন নিউক্লিয়াসের এটিই একমাত্র নজির (হাইড্রোজেনের আরও একটি অনন্য বৈশিষ্ট্য)।

এই একক প্রোটনে একটি নিউট্টন যোগ কর্ন, এখনই ভারি হাইড্রোজেন আইসোটোপের নিউক্লিয়াস তৈরি হবে। এর নাম ডিউটেরিয়াম (H^2 বা D)। ডিউটেরিয়ামের তুলনায় প্রকৃতিতে প্রোটিয়ামের প্রাচুর্য অধিক এবং মোট পরিমাণের তা ৯৯ শতাংশ।

কিন্তু তৃতীয় প্রকারের একটি হাইড্রোজেনও আছে। এর নিউক্লিয়াসে নিউপ্রনের সংখ্যা দৃই। এটি ট্রিটিয়াম (\mathbf{H}^3 বা \mathbf{T})। মহাজাগতিক রশিমর প্রভাবে তা নিরন্তর বার্মণভলে তৈরি হচ্ছে। কিন্তু জনমম্হ্তেই ট্রিটিয়ামের বিলয় ঘটে। এটি তেজন্দ্রিয় এবং হিলিয়াম আইসোটোপে (হিলিয়াম-৩) খবিত হওযাই এর নিরতি। ট্রিটিয়াম অন্যতম দৃলভি মৌল। পৃথিবীর সারা আবহমণ্ডলে এর মোট পরিমাণ মাত্র ৬ গ্রাম। বাতাসের প্রতি ১০ ঘন সেণ্টিমিটারে ট্রিটিয়ামের পরমাণ্ট্রথাকে একটি। অধ্নন

কৃত্রিমভাবে আরও ভারি হাইড্রোজেন আইসোটোপ তৈরি হয়েছে। এরা ${f H}^4$ ও ${f H}^5$ এবং অত্যস্ত অন্থায়ী।

আইসোটোপের অন্তিম্বের জন্যই রাসায়নিক পদার্থের মধ্যে হাইড্রোজেন বিশিষ্ট নয়। কিন্তু অন্যদের তুলনায় হাইড্রোজেন আইসোটোপের ধর্ম, বিশেষভাবে ভোত ধর্ম প্রকটভাবে আলাদা। অন্যান্য মৌলের আইসোটোপ প্রায় ভারতমাহীন।

প্রত্যেক প্রকার হাইড্রোজেনই স্বকীয় বৈশিষ্ট্যে চিহ্নিত এবং রাসায়নিক বিক্রিয়ার তাদের ধর্ম ও বিভিন্ন। ধথা, প্রোটিয়াম ডিউটেরিয়াম অপেক্ষা সক্রিয়তর। হাইড্রোজেন আইসোটোপের বৈশিষ্ট্য পরীক্ষাক্রমে বিজ্ঞানীরা একটি নতুন বিজ্ঞানশাখা গঠন করেছেন। এটি আইসোটোপে রসায়ন। আমরা যে রসায়নকে জানি প্রত্যেক প্রকার আইসোটোপ সহ সামগ্রিকভাবে সকল মৌলই তার আলোচ্য বিষয়। কিন্তু আইসোটোপে রসায়নের লক্ষ্য আলাদা আলাদা আইসোটোপের পরীক্ষা। এর সাহায্যে বিবিধ রাসায়নিক বিক্রিয়ার জটিলতম অন্তর্দেশের প্রুখান্প্রুখ নিরীক্ষা সম্ভবপর।

রসায়ন = পদার্থবিদ্যা + গণিত

ঠিকাদার দালান তৈরি করতে গিয়ে ছাদ পর্যস্ত উঠিয়ে যদি নকশাকারীকে স্বকিছ্ন ঠিক হয়েছে কি না তার হিসেব করতে বলে, তবে তার সম্পর্কে কী বলা যায়?

এ যেন 'আয়নার মধ্যে দিয়ে' সেই কাহিনীটির মতো শোনাচ্ছে। তাই না?

যা হোক মোলের পর্যায়ব্যন্তের কপালে তা-ই ঘটোছিল। বড় বাড়িটি প্রথমে তৈরি হল, মোলগালি নিজ নিজ ঘর পেল। মেলেদলেয়েভ সারণী রাসায়নিকদের হাতিয়ার হয়ে উঠল। কিন্তু পর্যায়ক্তমে মোলসম্হের ধর্ম কেন প্নরাব্ত হয় বহুকাল এর উত্তর তাঁদের অজ্ঞানা রইল।

শেষে উত্তর এল পদার্থবিদদের কাছ থেকে। যে শক্তির ভিতে মেন্দেরেছে পর্যায়বৃত্ত গড়া তাঁরা তার হিশেব করলেন আর ফল ফলল চমংকার। তাঁরা দেখলেন এটি প্ররোপ্রার 'রাসায়নিক বলবিদ্যার' নিয়মেই তৈরি। স্তরাং মেন্দেলেয়েভের সতি্যকার অসাধারণ স্বজ্ঞা ও রসায়নে তাঁর প্রগাড় পাশ্ভিত্য স্বীকার না করে আমরা নির্পায়।

পদার্থবিদরা পরমাণার গড়ন সম্পর্কে প্রথানাপার্থ অনাসন্ধান শার, করলেন।

পরমাণ্ট্রকন্দ্রই নিউক্লিয়াস। এর চারিদিকে ঘ্র্ণ্রমান ইলেকট্রন, যেগট্লে সংখ্যায় নিউক্লিয়াসের ধনাত্মক আধানের সমসংখ্যক। হাইড্রোজেনের ইলেকট্রন একটি, পটাসিয়ামের উনিশটি আর ইউরেনিয়ামের বিরানব্বই... এরা ধোরে কীভাবে? বিজলীবাতির চারিদিকে ঘ্র্ণ্যমান পতঙ্গের মতো বিশ্প্থেলভাবে অথবা কোন নির্দিষ্ট নিয়মে?

প্রশন্টির উত্তর দিতে বিজ্ঞানীরা নতুন নতুন ভৌত তত্ত্বের আশ্রর গ্রহণ করেছেন, নতুন গাণিতিক পন্ধতি উদ্ভাবন করেছেন। তাঁদের লব্ধ ফলাফল: স্থের চারিদিকে ঘ্রণিমান গ্রহপ্রের মতো ইলেকট্রনও নির্দিষ্ট কক্ষপথে নিউক্লিয়াসকে প্রদক্ষিণ করে।

'প্রতি খোলকে ইলেক্ট্রনের সংখ্যা কত? যেকোন সংখ্যা, নাকি সামিত সংখ্যক?' রাসায়নিকদের জিল্পাসা।

'স্ক্রিদিশ্টি সংখ্যা! সকল ইলেক্ট্রন খোলকের সামর্থ্যই সীমিত,' পদার্থবিদদের উত্তর।

ইলেকট্রন খোলকের জন্য পদার্থবিদদের ব্যবহৃত প্রতীকসমূহ তাঁদের নিজস্ব। তাঁদের ব্যবহৃত বর্ণসমূহ — K, L, M, N, O, P, O, R, S. . . এই বর্ণসমূহেই নিউক্রিয়াস থেকে প্র্যায়ক্রমে খোলকগ্রনির দরেও চিহ্নিত।

গাণিতিকদের সহযোগিতার পদার্থবিদরা খোলক প্রতি ইলেকট্রনের সংখ্যা নির্ধারণের এক বিভারিত পরিকলপনা গ্রহণ করেন।

K-খোলক মাত্র দু'টি ইলেকট্রন ধারণে সক্ষম এবং এর বেশি নয়। এদের প্রথমটি হাইড্রোজেন এবং শ্বিতীয়টি হিলিয়াম পরমাণ্ডে অর্থাস্থত। তাই মেন্দেলেয়েড সারণীয় প্রথম প্র্যায়ে শুধুমাত্র দুটি মোলের অধিষ্ঠান।

L-খোলক অধিক সংখ্যক ইলেকটন ধারণে সক্ষম এবং তার সংখ্যা সর্বাধিক ৮টি। লিখিয়াম পরমাণ্টতে এই খোলকের প্রথম ইলেকটন এবং নিয়ন পরমাণ্টতে এর শেবটি বর্তমান। তাই মেলেলেয়েড সারণার দ্বিতীয় পর্যায়ে লিখিয়াম থেকে নিয়ন পর্যন্ত মৌলসমহের অবস্থান।

পরবর্তী ইলেকট্রন খোলকগ্রনিতে তা হলে ইলেকট্রনের সংখ্যা কত? M-খোলকে ১৮টি ইলেকট্রনের স্থানসঙ্কুলান সম্ভব এবং এভাবে N,O আর P-তে যথাক্রমে ৩২, ৫০, ৭২ টি, ইত্যাদি...

যে দ্বিটি মৌলের প্রত্যন্ত ইলেকট্রন খোলকের বিন্যাস সদৃশ এগ্রলি সমধর্মী। দৃষ্টান্তস্বর্প, লিথিয়াম ও সোডিয়ামের কথা উল্লেখ্য। এদের প্রভ্যেকের প্রত্যন্ত খোলকে ইলেকট্রন সংখ্যা এক। এবং সেজন্যই পর্যায়বৃত্তের একই দলে অর্থাং দলে

তাদের অবস্থান। লক্ষণীয়, কোন দলভুক্ত মৌলসম্হের দলের ক্রমিক সংখ্যা তাদের যোজনীয় ইলেকটন সংখ্যার সমান।

এবং সিদ্ধান্ত: সদৃশ গড়নের ইলেকট্রন খোলক প্র্যায়ক্রমে প্রনরাবৃত্ত হয়, আর তাই মৌলেরও ঘটে প্র্যায়ক্রমিক আবৃত্তি।

আরও কিছু অঙক

স্বকিছারই যাজি থাকে, এমন কি ব্যাখ্যাতীত ঘটনারও। প্রথমে তা মোটেই বোধগম্য না হলেও পরে এর অস্কৃতি ধরা পড়ে। যেকোন তত্ত্ব প্রাপ্তকের পক্ষে অস্কৃতিমান্তই অস্বস্থিকর। এতে তত্ত্বে ভুল ধরা পড়ে কিংবা তা কঠোর মনন দাবী করে। ফলত, এই শ্রমিষ্ট মনন কখনও দাবোধ্যের অন্তর্ভেদেও সক্ষম হর।

এরপে অসঙ্গতির একটি দৃষ্টান্ত এখানে উপস্থাপিত। পর্যায়বৃষ্ণের প্রথম দৃশ্টি পর্যায়েই শৃন্ধ সমতার আধিপত্য। এর প্রতি পর্যায়ে মৌলের অবস্থানসমূহ তাদের প্রতিসঙ্গী প্রত্যন্ত ইলেকট্রন খোলকের সামর্থ্য দ্বারা কঠোরভাবে নির্দিষ্ট। তাই প্রথম পর্যায়ের মৌল হাইড্রোজেন ও হিলিয়ামের পরমাগৃতে K-খোলকটি সম্পূর্ণ ভরাট। দ্ব টের বেশি ইলেকট্রন ধারণে এটি অক্ষম এবং তাই প্রথম পর্যায়ে কেবলমায় দ্ব টি মৌলই অবস্থিত। দ্বিতীয় পর্যায়ে অবস্থিত কিথিয়াম থেকে নিয়ন অবধি মৌলসম্ভের পরমাগৃত্বিল অষ্টইলেকট্রন খোলকে (অষ্টক) বোঝাই এবং এজনা দ্বিতীয় পর্যায়ে মৌল আটটি।

এর পরই সব্বিছ্য জটিলতর, গোলমেলে।

পরবর্তী পর্যায়গর্নিতে মৌলসম্তের সংখ্যা হিসেব করেই দেখ্ন। তৃতীয়তে — ৮, চতুর্থে —১৮, পণ্ডমে —১৮, মন্টে —৩২ এবং সপ্তমে ৩২ হওয়াই সঙ্গত (বা অদ্যাব্ধি অসম্পর্ণা)। কিন্তু প্রতিসঙ্গী খোলকগর্নির ব্যাপার কী? এখানে সংখ্যাগর্নি একদম আলানা: ১৮, ৩২, ৫০ এবং ৭২...

কিন্তু এখন যদি আমরা বলি যে, পদার্থবিদরা সারণীটি পরীক্ষাক্রমে এর গড়নে ব্রুটি আবিজ্ঞারে কেন ব্যর্থ হলেন, তবে কি তা গোঁয়ার্জুমি হবে না? মনে হয়, বড় বাড়ির প্রতি তলার বাসিন্দাদের ধারাক্রমিক নির্দিণ্ট ইলেকট্রন খোলককে তুন্ট করে এবং প্রতি তলা ক্ষার দিয়ে শ্রের করে নিজ্ফির গ্যাসে শেষ করলেই ভাল হত। তখন প্রতি পর্যায়ের সামর্থ্যের সমর্থ্যের সমর্থ্যের সমর্থ্যের সামর্থ্যের সামর্থ্য

কিন্তু হায়! আমরা এখানে যদি এটা, যদি ওটা, ইত্যাকার শব্দাবলি ব্যবহাব না করে অনন্যোপায়। আসলে হিসেব নিকেশ এখানে ঠিক মিলল না। তৃতীয় খোলক বা M-খোলকে যে ক'টি ইলেকট্রন আছে সে তুলনায় মেন্দেলেয়েভ সারণীর তৃতীয় পর্যায়ের বাসিন্দাদের সংখ্যা কম। ইত্যাদি, ইত্যাদি...

বেদনাকর অসংলগ্নতা। কিন্তু এতেই বিধৃত ছিল পর্যায়বৃত্তের মূল বৈশিভ্যের রহস্যের সমাধান।

এবার দেখন: তৃতীয় পর্যায়টি আগনৈ শেষ হলেও এর প্রমাণ্র তৃতীয় বা M-খোলকটি অসম্পূর্ণ ছিল। এটি সম্পূর্ণ হ্বার জন্য প্রয়োজন ১৮টি ইলেকট্রনের, কিন্তু আসলে ওখানে ছিল মাত্র ৮টি। আর্থানের পরই পটাসিয়াম। সে চতুর্থ পর্যায়ের অন্তর্গত এবং চার তলার প্রথম বাসিন্দা। কিন্তু তার শেষতম ইলেকট্রনিটি তৃতীয় খোলকে না রেখে ওটি চতুর্থ N-খোলকে রাখাই পটাসিয়াম অন্র পছন্দ। এ কোন দ্বটিনা নয়। পদার্থবিদরা এর কঠোর নিয়মান্তিতা সনাক্ত করেছেন। আসলে সকল পরমাণ্ট্র প্রতান্ত খোলকে ৮টির বেশি ইলেকট্রন ধারণে অপারগ। বহিন্দু খোলকে ৮টি ইলেকট্রনর সন্মিবেশ সন্দ্বিত ব্যবস্থা।

ক্যালসিয়াম পটাসিয়ামের পাশের ঘরের বাসিন্দা। এর নবতম ইলেকট্রনটির পক্ষে প্রত্যন্ত থোলকই 'বেশি স্থাবিধাজনক,' কারণ অন্য যেকোন ইলেকট্রন বিন্যাসের তুলনায় এই ব্যবস্থায় ক্যালসিয়াম অগ্র শক্তিঘাটিত কম হয়। কিন্তু ক্যালসিয়ামের পরবর্তী ক্যাণিডয়ামের অবস্থা ভিন্নতর। দেখানে প্রত্যন্ত খোলকে ইলেকট্রন স্থাপনের প্রবণতা অন্পস্থিত। এর নতুন ইলেকট্রনটি অসম্পর্ণ দ্বিতীয় এবং শেষ M-খোলকে 'ঝাপ' দিয়েছে। আর যেহেতু খোলকটিতে দুশটি শ্রুর স্থান রয়েছে (আমরা জানি M-খোলক সর্বোক্ত ১৮টি ইলেকট্রন ধারণক্ষম) তাই ক্যাণিডয়াম থেকে দন্তা অবধি পরবর্তী দুশটি মৌলের অগ্রুও ক্রমান্বয়ে তাদের M-খোলকগ্রনিকেই ভর্তি করে রাখে। শেষাবধি দন্তার M-খোলকের সকল ইলেকট্রনই যথান্থানে স্থিত হয়। এর পরই আবরে দেখা দেয় N-খোলকে ইলেকট্রন রাখার পালা। যখনই এর ইলেকট্রন সংখ্যা ৮-এ পেশছে, তথনই আমরা পাই নিন্দির গ্যাস ক্রিণ্টন। ব্রবিভিয়ামে আবার সেই প্রেননো কাহিনীর প্রনরাবৃত্তি: চতুর্থ খোলক প্রণ হবার আগ্রেই পঞ্চম খোলকের আবির্ভাব।

এভাবে ক্রমান্বয়ে ইলেকট্রন থোলক ভরাট করা পর্যায়ব্রের চতুর্থ পর্যায় থেকে শ্রুর্ করে তদ্ধর্ব সকল বাসিন্দাদেরই 'প্রাভাবিক আচরণ'। বড় বাড়ির রাসায়নিক মৌলগ্রনির ক্ষেত্রে নিয়মটি অলম্বনীয়।

মূল ও আনুষ্কিক উপদলে যে এরা এখানে বিন্যস্ত তার কারণও তাই। যে সকল মৌলের প্রত্যন্ত ইলেকট্রন খোলক প্রতিকারক তারাই মূল উপদলভূক্ত। আর অন্তর্বতী খোলকের প্রতিকারীরা আনুষ্কিক উপদলের অন্তর্গত। কিন্তু চতুর্থ N-খোলকটি এক ধাপে পূর্ণ হয় না। এটি ভরাট হতে বড় বাড়ির প্রো তিনটি ওলার প্রয়োজন। এ খোলকের প্রথম ইলেকট্রনটি দেখা দেয় ১৯নং ক্ষ্যাটের বাসিন্দা পটাসিয়ামে। কিন্তু এর ৩২৩ম ইলেকট্রনটি থাকে কেবল ল্বটেসিয়ামে আর সে ষণ্ঠ পর্যায়ের সদস্য। তার পার্মাণ্যিক সংখ্যা ৭১।

সত্তরাং দেখনে, বৈষম্যটি আসলে সম্ভাবনারই ইঙ্গিত। এর হিসেব-নিকেশে আমরা আর পদার্থবিদরা পর্যায়ব্ত্তের সংযতি সম্পর্কে আরও অনেক কিছত্বতো জানতে পারলাম।

কেমন করে রাসায়নিকরা অপ্রত্যাশিতের মুখ্যেমুখি হলেন

আপনারা সম্ভবত হার্বাট ওয়েলসের চমকপ্রদ বৈজ্ঞানিক কল্পকাহিনী The War of the World পড়েছেন। মঙ্গলগ্রহের আগভুকদের ধারা প্রথিবী আক্রমণ নিয়েই ঘটনাটি।

আপনাদের নিশ্চয়ই মনে আছে মদলগ্রহের শেষ অধিবাসীটি নিহত হবার পর প্রিবীতে যথন শান্তি এল, তথনই সদ্যশংকামতে বিজ্ঞানীরা প্রতিবেশী গ্রহবাসীদের আনা জিনিসপত্রের অবশেষটুকু দ্রুত পরীক্ষা করতে শ্রে করলেন। স্বকিছ্র মধ্যে প্রিবীর জীবন ধরংসের জন্য ব্যবহৃত এক ধরনের কালো গ্র্ডা সম্পর্কে তাঁরা বিশেষ কৌত্রেলী হন।

এ নিয়ে তাঁদের অনেক পরীক্ষাই মারাত্মক বিস্ফোরণে বার্থ হয়। শেষে জানা গোল দহুতাগা জিনিসটি নিশ্চিয় আর্গন গ্যাসের যোগ এবং এতে প্থিবীর অজ্ঞাত কয়েকটি মৌল মিশ্চিত।

যা হোক মহান লেখক বইটির শেষ পর্যায়ে পেশছার সময়ই কিন্তু রাসায়নিকরা নিশ্চিত হয়েছিলেন যে, আগনের পক্ষে কোন অবস্থায়ই সমাবদ্ধ হওয়া অসম্ভব। তাদের সিদ্ধান্ত ছিল বহু বাস্তব পরীক্ষার ফলগ্রাতি।

আর্গনিকে ইনার্ট (নিশ্মিন) গ্যাস বলা হয়। নিশ্মিয়তার গ্রীক অর্থ 'ইনার্ট' থেকেই শব্দটির উদ্ভব। রাসায়নিক পদার্থের প্রুরো একটি দঙ্গল এই ক্রেড়েদের দলভূক্ত আর এতে আছে আর্গন সহ হিলিয়াম, নিয়ন, ক্রিণ্টন, জেনন ও র্য়াডন।

পর্যায়বৃত্তে এরা শা্না দলের অন্তর্ভুক্ত, কারণ এই মৌলগ্রালির যোজ্যতা শা্না মানের সমান। উক্ত নিদ্দিয় গ্যাসদের প্রমাণ্রা ইলেক্ট্র দিতে বা নিতে সম্পূর্ণ অপারগ। তাদের সন্ধিয় করার জন্য রাসায়নিকরা কি না করেছেন! বিজ্ঞানীরা তাদের এমন তাপমান্তায়ও তাতিরেছেন, যেখানে সবচেয়ে দ্র্গল ধাতুও টগবগ করে, তাঁরা তাদের কঠিন না হওয়া অবধি ঠান্ডা করেছেন, তাদের মধ্যে প্রচন্ড শক্তির বিদ্যুৎ প্রবাহিত করেছেন এবং তাদের আক্রমণ করার জন্য সাম্ঘাতিক সব রাসায়নিক এজেন্ট নিয়োগ করেছেন। কিন্তু হায়, সবই ব্থা!

বেখানে অন্য ষেকোন পদার্থ অনেক আগেই পোষ মেনে রাসায়নিক সমাবন্ধনে আজসমপিণ করত, সেখানে নিশ্চিয় গ্যাসগৃলির ঠাই অনড় রইল। মনে হল, তারা পরীক্ষকদের বলছে, 'বৃথাই সময় নন্ট করছ হে, কোন বিক্রিয়ায় জড়াতে আমরা বিন্দন্মান্তও ইচ্ছন্ত নই। আমরা এ সবের উধেন্ন!' একগ্রেমির জনাই তাদের ভাগ্যে জন্টল আরও একটি খেতাব: 'অভিজাত গ্যাসবর্গ'। কিন্তু খেতাবটিতে পরিহাসের আঁচ মেশানো ছিল...

প্রিবনীতে হিলিয়ামের অন্তিম্বের আবিজ্ঞারক রাম্কে সঙ্গতভাবেই গর্ব করতে পারতেন। তিনি আমাদের একটি সত্যিকার নতুন রাসায়নিক পদার্থ উপহার দিয়োছিলেন। একটি রাসায়নিক পদার্থ ! হিলিয়ামকে পর্যায়বৃত্ত সারণীর অন্যান্য পদার্থের মতো আচরণ শিক্ষা দেবার জন্য অর্থাৎ হাইড্রোজেন, অক্সিজেন অথবা গন্ধকের সঙ্গে মেশার জন্য স্যার উইলিয়াম রাম্জে বেশকিছ্ ম্লা দিতেও রাজী ছিলেন। এমনটি ঘটলে শ্রমের অধ্যাপকরা মণ্ড থেকে হিলিয়ামের অক্সাইড আর লবণ সম্পর্কেও কিছ্ বলতে পারতেন।

কিন্তু নিশ্চিয় গ্যাসদলের পয়লা নশ্বর সভ্য এই হিলিয়াম তাঁদের নিরাশ করল। বিগত শতাব্দীর শেষপাদে বিটিশ বিজ্ঞানীদ্বয় — রাম্ভেও র্যালে নিয়ন, আর্থান, তিপ্টন ও জেনন আবিশ্বার করেন। শেষে পাওয়া গেল এই রাসায়নিক কু'ড়েদলের ঘনিষ্ঠ র্যাড়নকে। এরা সকলেই শ্বকীয় পারমাথবিক ভরবিশিষ্ট রাসায়নিক মৌল। কিন্তু সত্যি বলতে কী, এদের উপসর্থ হিসেবে কেউই 'রাসায়নিক' বিশেষণ্টি এদের নামের সঙ্গে যোগ করে বলবে না: 'মৌল আর্থান'।

স্তরাং, বিজ্ঞানীরা মেন্দেলেরেভ সারণীর প্রান্তে নতুন একটি বিভাগ খালে এই অভিজাত গোঁয়ার গ্যাস-পরিবারটিকৈ সরিয়ে আনলেন আর এর নামকরণ করলেন শা্ন্য দল। তাঁরা রসায়নের পাঠাগ্রদেথ লিখলেন, 'ওখানে এমন সব রাসায়নিক মৌলের অবস্থান, যেগালি কোন অবস্থায়ই যোগস্থিতি সমর্থ নয়'।

ঘটনাটি বিজ্ঞানীদের পক্ষে রীতিমতো এক আঘাত বৈকি। তাঁদের ইচ্ছাকে ব্রড়ো আঙ্গলে দেখিয়ে ছ-ছ'টি মৌলই রসায়নের আওতার পরের বাইরে পড়ে রইল।

সাত্ৰাহীন সমাধান

এমন কি শ্বনুতে মেন্দেলেয়েভও হতবৃদ্ধি হয়ে পড়েছিলেন। 'শেষ রক্ষা'র জন্য তিনি এমন কথাও ভেবেছিলেন যে, আর্থান মোটেই কোন নতুন মোল নয়। তিনি বলেছিলেন যে, এটি নাইট্রোজেনের যোগাবিশেষ, এর অণ্ট তিনটি পরমাণ্ট্র সমাহার N^3 , যেমনটি ওজোন অণ্ট O^3 থাকে অক্সিজেন অণ্ট O^2 -এর পাশে পাশে।

কিন্তু শেষে বাস্তব তথ্যাদি ঘে'টে মেন্দেলেয়েভ তাঁর ভূল শোধরালেন, স্বীকরে করলেন র্যাম্জের অপ্রান্ততা। এখন সারা দ্বিনয়ার সকল পাঠ্যপ্রন্থেই এই বিটিশ বিজ্ঞানী অভিজাত গ্যাসবর্গের আবিষ্কারকর্পে স্বীকৃত এবং সকলেই আজ এ সম্পর্কে নিঃসন্দেহ।

'নারদনায়া ভলিয়া' দলের সদস্য নিকোলাই মরোজভ শ্লিসেল্ব্র দ্রের্গের নরকে বিশ বছর দ্রভাগে সহ্য করেছিলেন। কারাদ্রগের নিরেট পাথ্রে দেরাল তাঁর মন ভালতে পারে নি, পারে নি তাঁকে বিজ্ঞান থেকে দ্রে রাখতে। শেষে সোভিয়েত আমলে তিনি হন বিশ্বখ্যাত বিজ্ঞানী। তাঁর অটল নিরীক্ষায় সই কারাদ্রগে সংশ্লেষিত হয়েছিল বহু, দ্রংসাহসী প্রত্য়র ও প্রকলপ। জেলখানায় তিনি পর্যায়ব্ত সম্পর্কে গভীর অধ্যায়ন শেষ করেন। অতঃপর মরোজভ এই সারগীতে সম্প্র নিজ্ফিয় রাসায়নিক মৌলের অবশ্যভাবী অভিজ্ঞের কথা ঘোষণা করেন।


মরোজভ যখন জেল থেকে ছাড়া পেলেন, নিজির গ্যাসসমূহ ততদিনে আবিষ্কৃত এবং মৌলের সারণীতে যথান্তানে প্রতিষ্ঠিত।

শোনা যায় মেলেলেয়েভের মৃত্যুর অলপ কিছ্দিন আগে মরোজভ তাঁর সঙ্গে দেখা করলে দুই স্বদেশীর মধ্যে পর্যায়বৃত্ত নিয়ে দীর্ঘ আলোচনা হয়। দুভাগ্য, আলোচনার বিষয়বস্তু সম্পর্কে কিছুই জানা যায় নি।

মেন্দেলেয়েভের মৃত্যুর অলপ কিছ্বদিন পরই অভিজাত গ্যাসবর্গের সেই নিন্দিয়তার রহস্যটি উল্মেচিত হয়। তা নিন্দার্প।

যে যে পদার্থবিদ অতীতে বহুবার এবং পরেও রাসায়নিকদের সাহায্য করেছেন, তাঁরাই প্রমাণ করেন যে, আট ইলেকট্রনধারী খোলক অত্যন্ত সম্প্রতিষ্ঠ। এই স্থৈর্য ইলেকট্রন খোলকের পক্ষে আদশস্বর্প। সেখানে ইলেকট্রন দেওয়া-নেওয়া অবান্তর।

আসলে নিষ্ক্রিয় গ্যাসবর্গের 'আভিজাত্যের' কারণ তাদের বহিস্থ খেলকে আটটি ইলেকট্রনের অবস্থিতি। (যা হিলিয়াম প্রমাণ্ব ক্ষেত্রে দ্'টি)। হিলিয়ামের ২-ইলেকট্রন খোলকটি কিন্তু অন্যান্য ক'ড়ে রাসাযনিক মৌলদের ৮-ইলেকট্রন খোলকের চেয়ে কিছুমাত্র কম সমৃস্থিত নয়।



রাসায়নিকদের কাছে অতঃপর আরও একটি বিষয় প্পষ্টতর হল পর্যায়ব্তের শ্না দলের যোজনা মোটেই কোন জবরদন্তির ব্যাপার নয়; একে বাদ দিলে পর্যায়ব্তকে অসমাপ্ত প্রাসাদের মতোই বেচপ দেখাত, কারণ এর প্রতি পর্যায়ই একটি নিচ্চিত্র গ্যাসে সম্পূর্ণ হয়েছে এবং এর পরই পরবর্তা খোলকটিতে ইলেকটন ভর্তি শ্রুর হয়ছে আর এভাবেই গড়ে উঠেছে বড় বাড়ির প্রতিটি নতুন তলা।

তাই দেখতেই পাচ্ছেন, স্বকিছ্র কেমন সহজ সমাধান হল। অভিজাত পদবী সত্ত্ত ঐ গ্যাসবগটি শেষে কিছ্টা কাজে লাগল। হিলিয়াম বেলনে ও ডিরিজবল জেপেলিন ভরাট ও চালনায় ব্যবহৃত হল আর ভূব্রীদের কেইসন রোগের প্রকোপ থেকে রেহাই পেতে সাহাষ্য করল। আগনি আর

নিয়ন আলোর সম্জায় উজ্জবল হল নিশীথ শহরের রাজপথ !

হতে পারে, 'তংসত্ত্ও পৃথিবী ঘ্রছেই!'? হয়ত, এমন কিছু আছে যা আজও পদার্থবিদরা ভাবেন নি বা অঞ্চ করে দেখেন নি কিংবা এগ্রিলর পারসরিক বিক্রিয়ায় প্রলা্ক করার যে ক'টি উপার রাসার্যনিকের হাতে ছিল তা একেবারে শেষ হয়ে যায় নি?

'মন্ত' প্রত্যমের সন্ধান বা কীভাবে নিষ্ফিয় গ্যাসবর্গের ক্ডেমি ভাঙল

'দ্'টি সমান্তবাল রেখা কখনই পরস্পরকে ছেদ করে না।' কথাটি প্রাচীন য্গের শ্রেষ্ঠতম গাণিতিক ইউক্লিডের ম্থনিস্ত এবং শ্ধ্য এজন্যই প্রত্যয়টি জ্যামিতির কাছে অপ্রাপ্ত।



'মোটেই তা নয়, তারা পরস্পরকে ছেদ করতে বাধা!' ছোষণা করলেন রুশ বিজ্ঞানী নিকোলাই লবাচেভ্সিক, গত শতকের মাঝামাঝি।

আর এভাবেই জন্ম নিল এক নতুন জ্যামিতি অ-ইউক্লিডীয় জ্যামিতি।

'যত সব ফাঁকিবাজি আর বাজে বকবকানি।' শ্রুতে বিখ্যাত বিজ্ঞানীরা এই
বলে তাঁদের মত প্রকাশ করলেন।

অ-ইউক্লিডীয় জ্যামিতি ছাড়া আর কী-ই বা সম্ভব ছিল? তথনও আপেক্ষিকতাবাদ অথবা মহাজগতের গড়ন সম্পর্কে দ্বঃসাহসী প্রত্যয়াদি সকলের অজানা।

আপনারা অনেকেই আলেক্সেই তল্স্তরের 'ইঞ্জিনিয়র গারিনের পরাবৃত্ত' হয়ত পড়েছেন।

সারা দর্মারর সাহিত্য সমালোচকদের রায়: 'এক অন্বদ্য বৈজ্ঞানিক কল্পকাহিনী'।

'গল্পটি কিন্তু কোনদিনই সত্য হয়ে উঠবে না!' বিজ্ঞানীয়া প্রতিধর্নন করেছিলেন।

কিন্তু আলেক্সেই তল্প্তর মারা থাবার মাত্র পনেরে বছর পরই চুনি-কেলাসে অশ্রহতপূর্ব উম্জব্দতা ও শক্তিধর এক আলোকরশ্যি আবিন্কৃত হল আর 'লেজার' শক্টি বিশেষজ্ঞদের গণ্ডি পেরিয়ে সাধারণ্যেও ছড়িয়ে পড়ল ৷

...অত্যুৎসাহী রাসায়নিকরা তথনও নিশ্চিয় গ্যাসগালির অতলান্তিক একগারেমি ভাঙার আশা ছাড়েন নি। আমরা যদি বিশ, তিশ ও চল্লিশের দশকের বৈজ্ঞানিক সমেরিকীগালির বিবর্গ পাতা উল্টিয়ে যাই, তবে বহা কৌতুকপ্রদ নিবন্ধ ও টীকার নিশ্চিয় গ্যাসগালোকে সন্ধিয় কর্মকাণেড লিগুকরণের সম্ভাব্যতা সম্পর্কে রাসায়নিকদের দুর্মার প্রত্যাশার বিশুর প্রমাণ খাজে পাব।

ঐ পাতাগালো থেকে অন্তত স্তাবলা আমাদের দিকে তাকিয়ে থাকে। ওরা আমাদের বহু অজানা পদার্থের কথা বলে: পারদ, প্যালাডিয়াম, প্র্যাটিনাম ও অন্যান্য ধাতুর সঙ্গে সংশ্লেষিত হিলিয়ামের যোগ। এখানে সামান্য ভূলের অবকাশ রয়েছে: কথিত রাসায়নিক যোগগালো প্রাপ্তিযোগ্য পদার্থ নয়। ওদের মধ্যে হিলিয়ামের দুই ইলেকট্রন খোলকটি প্ররোপ্তির অটুট আর যোগগালি আন্ত থাকে এবং তা অতি নিন্ন তাপমাতায়, শান্য ডিগ্রির দেশে।

রাসায়নিক সাময়িকীগালোর পাতায় আমরা আরও একটু সংবাদও পাব। সোভিয়েত রাসায়নিক নিকিতিন অপেক্ষাকৃত স্বৰূপ বিস্ময়কর দা্'টি যৌগ তৈরি করেছিলেন। ওগালো জেনন ও রাভেনের সঙ্গে জল, কার্বলিক অ্যাসিড ও আরও কয়েকটি জৈব দ্রবণের যৌগ . $Xe \cdot 6 H_2O$ এবং $Rn \cdot 6 H_2O$ । এরা সাধারণ অবস্থায়ও সা্সিস্ত থাকে, সহজে পাওয়াও যায়, কিন্তু...

কিন্তু আগের মতো এখানেও যৌগগর্বালর ক্ষেত্রে বাসায়নিক বন্ধের কোন ব্যাপারই ছিল না। জেনন ও র্য়াডন প্রমাণ্ প্রত্যন্ত খোলকের নিটোল সম্পূর্ণতার বদৌলতে দিবাি টিকে রইল: যে ৮টি ইলেকট্রন শ্রেতে ছিল সে আটিট শেষেও থাকল।



মিন্দ্রিয় গ্যাসবর্গ আবিষ্কারের পর অর্ধশিতাব্দী পার হয়ে গেল, কিন্তু 'ঠেলাগাড়ি একট্ও নড়ল না'।

…বিংশ শতাব্দী, মানব ইতিহাসের সর্বাধিক ঝঞ্চাক্ষ্ক ও অবিস্মরণীয় এই শতাব্দীটির অন্তিম পর্যায় আজ আসর। বিজ্ঞানীরা বিগত শতবর্ধের বৈজ্ঞানিক সাফল্যের হিসেব-নিকেশ হয়ত শ্রু করবেন। উল্লেখ্য আবিক্কারসমূহের সেই দীর্ঘ তালিকার এক বিশিষ্ট স্থানে থাকবে 'নিষ্কিয় গ্যাসের রাসায়নিক বৌগ উৎপাদন'। আর অত্যুৎসাহী ভাষ্যকাররা এতে যোগ করবেন: সর্বাধিক রোমাঞ্চকর আবিক্কারের অন্যতম।

রোমাণ্ডকর? দৈবাং! বড়জোর কোন রোমাণ্ডিক কাহিনী। অথবা বহু বছর থাবং যে দুরুহ সমসায়ে বিজ্ঞানীরা উদ্বিগ্ন ছিলেন তার আক্সিমক সহজ সমাধান ..

আমাদের কালের রসায়ন যেন এক মহীর্হ, যার বিশাল শীর্ষে শাখাপ্রশাখার বাড়বাড়ন্ত অশেষ। এর কোন একটি শাখা একক প্রচেন্টায়ে প্রোপ্রির আয়ন্ত করা এখন দুঃসাধ্য। একটি প্রশাখান্ত, একটি কু'ড়ি কিংবা অদৃশ্যপ্রায় কোন মৃকুলের সঙ্গে যথাযথভাবে পরিচিত হতেই একজন গবেষকের আজ বহ, বছর কেটে যাবে। এমন হাজার হাজার গবেষণার ফলেই এখন গড়ে ওঠে এর প্রুরো একটি শাখা।

কানাডার রাসায়নিক নিল বার্টলেট এমনি একটি 'কু'ড়ি' নিয়েই কাজ করেছিলেন। রাসায়নিক পরিভাষায় তাঁর উপকরণটির নাম প্ল্যাটিনাম হেক্সায়োরিড এবং এর সঙ্কেত : PtF₆। নেহাং আপতিক কোন ঘটনাচক্রে এজন্য তিনি তাঁর সময় ও শক্তি বায় করেন নি। ভারি ধাতুলগ্ন ফ্লোরিন-যোগ অত্যাকষাঁ উপকরণ, বিজ্ঞান ও ব্যবহারিক ক্ষেত্রে সবিশেষ গ্রেম্পর্শে। নিউক্লীয় ইজিনিয়রিংয়ে ইউরেনিয়াম আইসোটোপ — ইউরেনিয়াম-২৩৫ ও ইউরেনিয়াম-২৩৮ প্রকাকরণে এগালি ব্যবহৃত। আইসোটোপের একটিকে অন্যটি থেকে আলাদা করা অত্যন্ত জটিল প্রক্রিয়া। কিন্তু ইউরেনিয়াম হেক্সায়োরিড UF₆- এর সাহায্যে তা সভবপর। তা ছাড়া, ভারি ধাতুলগ্ন ফ্লোরিন রাসায়নিক পদার্থ হিসেবেও অত্যন্ত সচির।

বার্টালেট $\Pr F_6$ ও আন্ধিজেনের মধ্যে বিক্রিয়া ঘটিয়ে এক আশ্চর্য যোগ পেলেন। সেখানে অন্ধিজেন আটকা পড়ল ধনাত্মক অধানধর অণ্ O_2 হিসেবে। আসলে অণ্ Γ টি একটি ইলেকট্রন হারিয়েছিল: কিন্তু এতে অবাক হবার কাঁ আছে? ঘটনাটির মলে বৈশিশ্ট্য অন্ধিজেন অণ্ Γ র ইলেকট্রনচ্যুতি, কারণ কাজটি দ্বঃসাধ্যপ্রায় আর এতে প্রয়োজন অটেল শক্তি খরচার। দেখা গেল, প্র্যাটিনাম হেক্সাফ্রোরিড সেই অঘটনঘটনপটিয়সাঁ, যে অন্ধিজেনের একটি ইলেকট্রন খসাতে সমর্থ।

বস্তুত, নিশ্চির গ্যাসবর্গের পরমাণ্র প্রত্যন্ত খোলক থেকে একটি ইলেকট্রন অপসারণেও প্রচুর শক্তিবার অপরিহার্য এখানেও একটি শৃখ্থলা আছে: নিশ্চির গ্যাসটি যত ভারি, ব্যায়িত শক্তির পরিমাণও তত কমা দেখা গোল, অক্সিজেন অণ্র একটি ইলেকট্রন থসানোর চেয়ে জেনন অণ্র একটি ইলেকট্রন সরানো সহজতর।

তা যদি হয়... এখানেই সবচেয়ে আকর্ষার শ্রে! হেক্সাফ্রোরন প্ল্যাটিনামকে জেননের ইলেকট্রন অপহরণকারীর ভূমিকা নিতে বাধ্য করাতে বার্টালেট ঠিক করলেন এবং তিনি সফল হলেন। ১৯৬২ সালে প্থিবীতে প্রথম জন্ম নিল নিশ্চিয় গ্যাসের যোগ। যোগটি অনেকটা এই রকম: XePtFii। আর সে যথেণ্ট স্কিত। হিলিয়ামের প্ল্যাটিনাম বা পারদ লগ্ন কোন উন্ভট যোগের মতো মোটেই নয়।

আদৃশাপ্রায় এই শস্যকণাটি অচিরেই অংকুরিত হল। অংকুরটি বাঁশের মতো প্রতে গাজিরে উঠল, জন্ম নিল এক নতুন রসায়নশাথা নিজিয় গ্যাসের রসায়ন। সেদিনও অনেক বিজ্ঞানী বিষয়টি সম্পর্কে অত্যন্ত সংশ্যী ছিলেন। আজ তাঁদের হাতে আছে নিশ্চিয় গ্যাসের প্রায় ৫০টি সত্যিকার রাসায়নিক যৌগ, প্রধানত জেনন, ক্রিপ্টন ও র্যাডনের ফ্রোরাইড ও অক্সাইড।

সন্তরাং, অভিজাত গ্যাসবর্গের প্রত্যন্ত ইলেকট্রন খোলকের অভেদ্যতা অবংশকে বিধন্ত হল।

কিন্তু নিশ্চির গ্যাসগর্নির যৌগসম্থের আণ্ডিক সংযুতি? বিজ্ঞানীরা স্বেমার সাফলোর সঙ্গে তা ব্ঝতে করেছেন। জানা গেছে, পরমাণ্য যে যোজাতাশক্তি সরবরাহে সমর্থ, তার পরিমাণ সম্পর্কে আমাদের প্রজ্ঞান ভ্রান্ত ছিল, তাদের এ ক্ষমতা আরও অনেক বেশি।

আগে যোজাতা প্রতারের ভিত্তি ৮-ইলেকট্রন খোলকের বিশেষ স্কৃতি ও অবার্থতার স্বীকৃতিতে নিহিত ছিল। এখন বিজ্ঞানীর উক্ত তত্ত্বাবলীর যাথার্থা সম্পর্কে সম্পেহ প্রকাশ করছেন। সম্ভবত, তা আপনাদের ভাগ্যের অন্কৃল হবে, সহায়ক হবে স্বকীয় নতুন নিয়মাবলীর উল্মোচনে...

অন্তের অসঙ্গতি? একে নিয়ে কী করা উচিত?

...আরও শোনা যায় একদা জনৈক চিন্তামগ্ন ব্যক্তি বোঝাই ফোল্ডার নিয়ে এক গবেষণা ইন্স্টিটিউটে এলেন। বিজ্ঞানীদের সামনে তাঁর কাগজপর ছড়িয়ে তিনি অপ্রতিশ্বন্দ্বী কপ্তে ঘোষণা করলেন:

'মেন্দেলেয়েভ সারণীতে মাত্র সাত দল মৌলই থাকা উচিত, এর বেশিও নয় কমও নয়!'

'কীভাবে?' বিষয়াভিজ্ঞ বিজ্ঞানীর। বিস্ময়ের সঙ্গে প্রশন করলেন।

'থ্বই সোজা। "সাত" সংখ্যাটি নিগ্ড় অথব্যঞ্জক ! রামধন্ সপ্তবর্ণ, সস্কীত সপ্তস্করে বাঁধা...'

বিজ্ঞানীরা ব্রুতে পারলেন যে, আগত ব্যক্তিটি যথেন্ট স্কৃষ্ মন্তিন্দ নয়। মেন্দেলেয়েড সারণীকে তামাশায় পর্যবসিত করার এই শেষতম প্রচেন্টাকে তারা নস্যাৎ করার চেন্টা করলেন।

'ভূলবেন না, মান্ধের মাথায়ও সাতটি গর্ভ আছে!' তাঁদের একজন হেসে বললেন।

'আর প্রজ্ঞান্তন্তও সাত্রটি.' অন্যজন যোগ কবলেন।

্ঘটনাটি কোন কলপকাহিনী নয়। সতিটে তা মস্কোর এক ইনস্টিটিউটে ঘটেছিল। পর্যায়বৃত্ত সারণীর ইতিহাসে এমন ঘটনার সংখ্যা বহু। একে ঢেলে সাজানোর কত চেণ্টাই না করা হয়েছে। সীমিতসংখ্যক যুক্তিসঙ্গত চেণ্টা ব্যতিরেকে এদের অধিকাংশই ছিল আত্মপ্রচার মাত্র।

১৯৬৯ সালে মেন্দেলেয়েভের বিশিষ্ট আবিষ্কারের শতবর্ষ জয়ন্তী উদ্যাপিত হয়েছে। আব এই মহান দিনটির প্রাক্কালেও বহু নিবিষ্ট রাসায়নিকও পর্যায়বৃত্ত সারণীর কিছু রদবদলের কথা না ভেবে পারেন নি।

এমন এক সময় ছিল যথন বিজ্ঞানীরা শ্না দলের মৌলকে রাসায়নিক বলতে সাহস পেতেন না। ইদানিং অবস্থা ভিন্নতর। শ্না দলের মৌলগার্লিকে এখন নিজিয়া বলা অস্থাবিধাজনক। প্রতি মাসেই রাসায়নিক সাময়িকীতে নিজি... মাপ করবেন, শ্না দলের মৌলসম্হের রসায়ন সম্পর্কে বহু প্রবন্ধ হামেশাই প্রকাশিত হচ্ছে। ক্রিপ্টন, জেনন ও রাজনের রাসায়নিক যৌগসংশ্লেষ সম্পর্কে ক্রমাগত থবর আসছে নানা দেশ থেকে। দ্বি-, চতুঃ- ও বড়যোজী জেনন, চতুর্যোজী ক্রিপ্টন প্রভৃতি শব্দাবলী এক দশক আগেও কলিপত শোনাত, অথচ আজ এগার্লি বহুল উচ্চারিত।

এক প্রথাত বিজ্ঞানী আর্তনাদ করে বললেন: 'মেন্দেলেয়েভ সারণীর উপর এখন জেনন ফ্লোরাইডের দুঃস্বপ্ন ঝুলছে!'

তিনি অবশ্য ঘটনাটিকে একটু অতিরঞ্জিত করেছেন। তব্ব অচিরেই 'দ্বঃস্বপ্ল'মনুস্তিশ্বয়োজন। কিন্তু কীভাবে?

সমস্যাটি সম্পর্কে বিজ্ঞানীদের স্পারিশ এর্প: শ্নাদল প্রত্যয়টিকে বিজ্ঞানের ইতিহাসের মহাফেজখানার সিন্দ্রেক প্রে, প্রত্যন্ত খোলকের আটটি ইলেকট্রন বিধায় তথাকথিত নিশ্চির গ্যাসগঢ়ীলকে অন্টম দলেই রাখা হোক...

কিন্তু একটু দাঁড়ান না! মেদেলেয়েভ তাঁর সারণীর মধ্যে ইতিপ্রেবই একটি অন্টম দলকে 'বসিরে রেখেছেন'। দলটিতে মৌলের সংখ্যা ন'টি: লোহ, কোবাল্ট, নিকেল, র্থেনিয়াম, রোভিয়াম, প্যালাভিয়াম, অস্মিয়াম, ইরিভিয়াম ও প্রাতিনাম।

তাহ**লে এ**খন?

অর্থাৎ রাসায়নিকরা এবার আরও একটি অসঙ্গতির মুখোমুখি। পর্যায়বৃত্ত সারণীর পরিচিত চেহারাটি এখন বদলানো প্রয়োজন এবং তা আঁচরেই।

'পথে বাধা থাকবেই' — এটি প্রবাদবাক্য। 'প্রোনো' অন্টম দলের অভ্যন্ত চেহারার পরিবর্তন স্টিটতে প্রতিবন্ধ কী ? এখন বর-গ্যাস ও উপরোক্ত ন'টি ধাতুকে একই অন্টম দলের অন্তর্ভুক্তি করা হয়। একে রাখা যায় কোথায়?

সেই 'সৰ্বভূক্'

ওকে এই বিশেষণে ভূষিত করেছেন বিশিষ্ট সোভিয়েত বিজ্ঞানী আলেক্সান্দর ফের্সমান। এ কাহিনীর প্রধান চরিত্রটি পৃথিবীর জ্ঞাত সকল মৌলের মধ্যে ভয়ঙ্করতম, প্রকৃতি এর চেয়ে সক্রিয়তর আর কোন রাসায়নিক পদার্থ সৃষ্টি করে নি। আপনি কখনই একে প্রকৃতির রাজ্যে সক্রিয় অবস্থায় খ্রেজ পাবেন না। সে থাকে কেবলই যৌগবন্দী হয়ে।

এগারিক অন্যতম ট্যান্টেলাম। ট্যান্টেলাম জিউসের প্রিয় পর্ত্ত, দেবতাদের প্রতি অন্যায় আচরণের জন্য কঠোর দশ্ভভোগী। গলাজলে তাকে দাঁড় করে রাখা হরেছিল, মাথার উপর ঝুলছিল স্থান্ধি রসালো ফল। কিন্তু তৃঞ্চায় জলপানের চেন্টামাত্র জল দর্বের সঙ্গে যেতে আর ক্ষর্ধায় ফল পাড়ার সময় ঘটত এবই প্রনরাব্তি। ট্যান্টেলামকে আকরিক থেকে প্রথক করার চেন্টায় রাসায়নিকরা যে কন্টভোগ করেছিলেন জিউসপ্তের যদ্বণার সঙ্গেই শ্ব্র তা তুলনীয়।

টিটানিয়াম ও ভেনেডিয়াম নামদ্র'টিও গ্রীক পরুরাকথা থেকে গৃহীত।

দেশ ও মহাদেশের নামাঙ্কিত মৌলও দৃষ্প্রাপ্য নয়। যথা, জার্মেনিয়াম, গ্যালিয়াম (গল — ফ্রান্সের প্রাচীন নাম), পোলোনিয়াম (পোল্যান্ড), স্ক্যান্ডিয়াম


(স্ক্যান্ডিনেভিয়া), ফ্রান্সিয়াম, রুথেনিয়াম (রুথেনিয়া রাশিয়ার লেটিন নাম), ইউরোপিয়াম ও অ্যামিরিসিয়াম। প্রসঙ্গত, নগর নামান্ত্কিত মৌলও স্মরণীয়: হ্যাফ্নিয়াম (কোপেনহেগেন), লুর্টিসিয়াম (লুর্টিসিয়া প্যারিসের লেটিন নাম), বার্কেলিয়াম (মার্কিন যুক্তরাভেটর বার্কেলি শহর), ইট্রিয়াম, টার্বিয়াম, আর্বিয়াম, ইটার্বিয়াম (সুইডেনের ছোট শহর ইটার্বির স্মর্রাণকা। ওথানকার একটি থনিজ থেকে মৌলগ্রনিক আ্রিন্কৃত)।

শেষে, প্রখ্যাত বিজ্ঞানীদের সমরণিকাস্বর্পে মোলাবলী উল্লেখ্য: কুরিয়াম, ফামিয়াম, আইন্স্টাইনিয়াম, মেলেলেডিয়াম, লবেলিসয়াম, কুর্চাতিভিয়াম, নিল্স্বোরিয়াম।

কৃত্রিমভাবে সংশ্লেষিত ১০২ নং মৌলটিরই শুধু এখনও জন্মপঞ্জিকার নাম ওঠে নি।

সহ্প্রাচীন বহু মৌলের নামরহস্য সমাধানে বিজ্ঞানীরা আজও অভিনয়ত নন। কেন যে গদ্ধককে গদ্ধক, লোহকে লোহ আর টিনকে টিন বন্ধা হর, কেউ জানে না। দেখান, মৌলের নাম পঞ্জিকায় কন্ত না বিচিত্রের দেখা মেলে।





रश आरश्रत

রসয়েনের প্রণেশক্তি

আমাদের চারিদিকে যাকিছ্ আছে, তার প্রায় সবই রাসায়নিক যৌগে রাসায়নিক মৌলের অজস্র সমাবন্ধনে গঠিত।

ভূমিস্থ সামান্য পরিমাণ মৌলই কেবল মৌলস্বর্প অবস্থিত, যথা, বর-গ্যাসবর্গ, প্র্যাটিনাম ধাতুসমূহ এবং নানা আকারের কার্বন। আর কিছু না।

বহুকাল আগে মহাজাগতিক বন্ধুপুঞ্জের যে খণ্ডটি প্থিবীতে পরিণত হয়েছিল, সন্তবত, তাতে রাসায়নিক মৌলের সংখ্যা ছিল শ'খানেক এবং সবই পরমাণ্পর্যায়ে। শত, সহস্র লক্ষ বছর পার হল। অবস্থার পরিবর্তনি ঘটল। পরমাণ্গালি পরস্পরের সঙ্গে বিক্রিয়ালিপ্ত হল। প্রকৃতির বিশাল রাসায়নিক পরীক্ষাগার সক্রিয় হয়ে উঠল। রাসায়নিকর্পী প্রকৃতি বিবর্তনের দীর্ঘ পথ-পরিক্রমায় জলের মতো সরল অণ্থথেকে প্রোটিন অবধি মহাজটিল বস্তু তৈরি করতে শিখল।

প্রথিবী ও প্রাণের বিবর্তন বহুলাংশে রসায়নেরই অবদান।

রাসায়নিক যৌগের এতো অজপ্র প্রকারভেদ যে প্রক্রিয়াজাত তার নাম রাসায়নিক বিক্রিয়া। ওগ্নুলিই রসায়ন-বিজ্ঞানের সাত্যকার প্রাণশক্তি ও মূল উপকরণ। প্রথিবীতে একটি সেকেন্ডে কত রাসায়নিক বিক্রিয়া ঘটছে, তার মোটামনুটি একটা সংখ্যানির্পায়ও অসম্ভব।


বেমন, কোন লোক 'সেকেন্ড' কথাটি উচ্চারণ করতে চাওয়ামান্ত তার মন্তিকে বহর্ রাসায়নিক প্রকরণ সংঘটিত হবে। আমরা কথা কলি, চিন্তা করি, ফুর্তিতে মাতি, উদ্বিশ্ন হই। কিন্তু এর সবগর্লাই অসংখ্য রাসায়নিক বিক্রিয়ানির্ভার। ঐ বিক্রিয়াগ্রালি আমাদের চোখে কখনই ধরা পড়ে না। কিন্তু আরও হাজার রক্ষের রাসায়নিক বিক্রিয়া নিত্য ঘটে, আমাদের কাছাকাছি ঘটে, কিন্তু আমরা ফিরেও তাকাই না।

...কড়া চায়ে এক টুকরো লেব্ দিই। চা ফিকে হয়ে যায়। দেশলাইয়ে কাঠি ঠাকি, আগ্ন জবলে ওঠে। গাছ কয়লায় পরিণত হয়।

এ স্বগ্রালই রাসায়নিক পরিবর্তান।

বে আদিম মান্ব প্রথম আগন্ন জেনুলেছিল, সে প্রথমতম রাসায়নিকও। ইচ্ছাকৃত প্রথম রাসায়নিক বিক্রিয়া সংঘটনের সে-ই প্রথম হোতা। বলা বাহ্না, বিক্রিয়াটি দহন এবং তা মানবেতিহাসের সর্বাধিক প্রয়োজনীয়, শ্রেষ্ঠতম ঘটনা।

আমাদের অতিদ্রে পূর্বপ্রেষরা এরই তাপে তাদের শীতার্ত গৃহে একদা উষ্ণতা সন্ধারিত করতেন। আজ আকাশে বহু টন ওজনের রকেট পাঠিয়ে দহনই আমাদের জনা মহাশ্নোর দ্বার উন্মুক্ত করেছে। প্রামিথিয়াস কর্তৃক মান্যকে প্রথম



আগ[ু]নের অধিকারদানের কাহিনীটি আসলে প্রথম রাসায়নিক বিক্রিয়া সংঘটনের কাহিনীও।

পদার্থ সরল হোক, জটিল হোক, বিফ্রিয়ালগ্ন হলে আমরা সাধারণত তা জানতে পারি।

সালফিউরিক অ্যাসিডের দ্রবণে এক টুকরো দস্তা ফেল্ন। সঙ্গে সঙ্গে গ্যাসের বৃদ্ধি ওঠা শ্রে হবে আর অলপক্ষণের মধ্যে টুকরোটিও যাবে মিলিয়ে, দস্তা অ্যাসিডে বিগলিত ও হাইড্রোজেন মুক্ত হবে। বিক্রিয়াটি নিজের হাতেই করে দেখন।

কিংবা গন্ধকের টুকরো জন্মলান। ওর শিখাটি নীলচে। সালফার ভাইঅক্সাইডের গন্ধে আপনার শ্বাসর্দ্ধ অবস্থা হবে। রাসায়নিক যৌগটি গন্ধক ও অক্সিজেনের সমাবন্ধনে উৎপদ্ধ।

অনার্দ্র তু'তেকে $CuSO_4$ জলসিক্ত করলে সাদা গ্রুড়ো পরক্ষণেই নীল হয়ে ওঠে। লবণিট জলের সঙ্গে মিশে তু'তের নীল রঙ কেলাস $CuSO_4 \cdot 5H_2O$ তৈরি করে। এ ধরনের পদার্থ কেলাসী হাইস্টেট নামে পরিচিত।

জানেন, চুন নেভানো কী? কলি চুনে জল ঢাললে, নরম চুন $Ca(OH)_2$ তৈরি হয়। পদার্থটির অপরিবতিতি রঙ সত্ত্বেও নেভানোর ফলে যে রাসায়নিক বিচিয়া ঘটেছে, প্রচুর তাপোদ্গারেই তা চোখে পড়ে।


রাসায়নিক বিক্রিয়ামারেই তাপশক্তি শোষণ অথবা উদ্গারণের প্রাথমিক ও অনিবার্য শতেরি অধীন। রাসায়নিক বিক্রিয়ার তাপোদ্গারের পরিমাণ কথনও অত্যাক্ত এবং সহজে অনুভব্য, কথনও অত্যান্ধ এবং বিশেষ যদের পরিমাণ্য।

বিদ্যুৎ বিজ্ঞানী ও কচ্ছপ

বিস্ফোরণ — মারাশ্বক জিনিস। মৃহত্তে ঘটে বলেই বিস্ফোরণ এত ভয়ানক। কিন্তু বিস্ফোরণ কী? বিস্ফোরণ প্রচুর গ্যাস উদ্গারণকারী একটি সাধারণ রাসায়নিক বিক্রিয়ামাত্র। ব্লেটের অভান্তরে বার্দের দহন অথবা ভিনামাইট বিস্ফোবণের মতো মৃহত্তির মধ্যে সংঘটিত রাসায়নিক বিক্রিয়াই এর দৃষ্টাশ্তঃ

কিন্তু বিস্ফোরণ চরম বিক্রিয়া। অধিকাংশ বিক্রিয়াতেই অল্পবিস্তর সময় লাগে। কোন কোন বিক্রিয়া এতই প্রথগতি যে, তার অস্তিত্বই দুর্নিরীক্ষ ঠেকে।

. জলের দুই উপাদান হাইড্রোজেন ও অক্সিজেনের কথাই ধরা যাক। এদের যদি কোন পারে রাখা হয় তবে দিন, মাস, বছর ও শতাব্দী শেষে কিছুই ঘটবে



না। বান্পের একটি ফোঁটাও জমবে না পারের গায়ে। হয়ত মনে হবে হাইড্রোজেন অক্সিজেনের সঙ্গে মোটেই মিশছে না। কিন্তু তা নয়। ওরা মিশছে এবং অত্যন্ত ধীরে। পারে চোথে পড়ার মতো জল জমতে লাগরে হাজার বছর।

কিন্তু কেন? তাপমাত্রাই এর কারণ।
কক্ষতাপে (১৫-২০ ডিগ্রি) হাইড্রোজেন
অক্সিজেনের সঙ্গে বিক্রিয়ালিপ্ত হয় অতি
ধীরে। কিন্তু পার্রাটিতে তাপ দিলে
অচিরেই ওর গা ঘামতে শ্রুর করবে। এর
নিশ্চিত অর্থ বিক্রিয়া ঘটছে। ৫৫০ ডিগ্রি
তাপমাত্রায় পার্রাট চ্পবিচ্প হবে। এ
তাপমাত্রায় হাইড্রোজেন ও অক্সিজেনের
বিক্রিয়া বিস্ফোরণশীল।

মুক্তাবন্দায় হাইণ্ড্রোজেন এবং অক্সিজেন H_2 এবং O_2 অণ্টু হিসেবেই অবন্দিত। কেবলমাত সংঘর্ষ মাধ্যমেই এরা

জল উৎপাদনে সক্ষম। জলের অণ্ট্র উৎপাদনের সম্ভাব্য পরিমাণ সংঘর্বের সংখ্যার উপরই নির্ভারশীল। কক্ষতাপ ও সাধারণ চাপে একটি হাইড্রোজেন অণ্ট্র প্রতি সেকেন্ডে অক্সিজেন অণ্ট্র সঙ্গে ১০০০ কোটি বার সংঘর্ষনিপ্ত হয়। সংঘর্ষটি রাসায়নিক বিক্রিয়ায় পর্যবিস্ত হলে তা বিস্ফোরণের চেয়েও দ্রুত গতিতে — সেকেন্ডের হাজার কোটি ভাগের একভাগ সমরে নিন্পন্ন হত!

অথচ পাত্রে আমরা কোনই পরিবর্তন দেখি না: আঞ্চ, কাল, এমন কি দশ বছরেও না। সাধারণ অবস্থায় কোন সংঘর্ষ দৈবাৎ রাসায়নিক বিক্রিয়ায় র্পান্ডরিত হয়। এর কারণ সংঘর্ষটি তখন ঘটে আগবিক প্রযায়ে।

আসলে বিক্রিয়ালিপ্ত হবার আগে পরমাণ, পর্যায়ে এদের বিভক্তি কিংবা আরও সঠিকভাবে ধললে, নিজ নিজ অণ্টেত হাইড্রোজেন ও অক্সিজেনের পরমাণ্র যোজ্যতার বন্ধন দর্বল হওয়া প্রয়োজন। দর্বলিতার যে মান্তায় হাইড্রোজেন ও অক্সিজেনের মতো বিসম পরমাণ্র সমাবন্ধনও আর অবর্দ্ধ হয় না, এখানে তাই বাঞ্নীয়। তাপমান্তাই বিক্রিয়ার গতিসন্তারক। এতে সম্বর্ধের সংখ্যা বহুগুণ বৃদ্ধি

পায়। এবই প্রভাবে অণ্নর্রাশ সজোরে কম্পিত হয়, তাদের যোজ্যতার বন্ধনে দৌর্বলা দেখা দেয়। অতঃপর, পরমাণ্ পর্যায়ে হাইট্রোজেন ও অক্সিজেনের সক্ষোৎ ঘটলে এরা তৎক্ষণাৎ বিক্রিয়ালিপ্ত হয়।

জাদ্যু-প্রতিবন্ধ

কলপুনা করুন।

হাইড্রোজেন অক্সিজেনের সংস্পর্শে আসামান্তই জল উৎপক্ষ হল। লোহের পাতে বাতাস লাগামান্তই লালচে-বাদামী মরিচা দেখা দিল আর করেক মিনিটেই নিরেট, উল্জান ধাতৃপাতটি লোহ অক্সাইডের শিথিল চার্ণে পরিণত হল।

যেন প্রথিবর্তীর রাজতীয় রাসায়নিক বিক্রিয়াই ঈর্ষণীয় গতিতে ঘটছে; নিজস্ব সণ্ডিত শক্তি নির্বিশেষেই অগ্নগ্রাল পরস্পরের সঙ্গে বিক্রিয়ালিপ্ত হচ্ছে। সংঘর্ষমাত্রই দু-টি অগ্ন রাসায়নিক বন্ধনে বাঁধা পড়তে বাধ্য।

ফলত, জারিত হয়ে সকল ধাতু প্থিবী থেকে অদৃশ্য হল। জীবন্ত কোষে এবং অন্যন্ত অবস্থিত সকল জটিল জৈব পদার্থ সরল তথা স্কৃতিতর বৌগে রুপান্তরিত হয়ে গেল।

তাহলে প্থিবী অচেনা এক জগৎ হয়ে উঠত। এখানে জীবনের অন্তিম্ব থাকত না, থাকত না রসায়ন। উদ্ভট এই প্থিবী ভরে উঠত রাসায়নিক বিক্রিয়াঅনীহ স্থারী যৌগে।

সৌভাগ্য, আমরা এমন কোন দ্বর্দশার প্রীড়িত নই। এর্প সার্বিক 'রাসায়নিক ধ্বংসে'র পথ এক জাদ্ব-প্রতিবন্ধে অবর্জ্ধ।

প্রতিবন্ধটি বিকারক শক্তি নামে খ্যাত। অগ্রুর শক্তির মালা বিকারক শক্তির সমপরিমাণ অথবা তা অতিক্রম না করলে অগ্র রাসায়নিক বিক্রিয়ালিপ্ত হয় না।

সাধারণ তাপমারায় হাইড্রোজেন ও অক্সিজেনের মতো বহ^{ন্} অণ্র শক্তিই বিকারক শক্তির সমপরিমাণ অথবা তার চেয়ে বেশি থাকে। এমতাবন্থায়, অতি ধীরে হলেও জল উৎপল্ল হয়। বিক্রিয়াটি শ্লথ, কারণ এথানে পর্যাপ্ত শক্তিধর অণ্র সংখ্যা অতালপ। কিন্তু তাপনের ফলে বহ^{ন্} অণ্ই বিকারক শক্তির মাত্রা অতিক্রম করে এবং হাইড্রোজেন ও অক্সিজেন অণ্র রাসায়নিক মিথাচিক্রার ঘটনা অত্যধিক বৃদ্ধি পায়।

যে সাপের মুখে লেজ

ঔষধের নির্দিশ্ট প্রতীকটি অতীত ঐতিহ্য থেকে নেওয়া। বহু দেশের সামরিক ডাক্তারবাই আজ কাঁধে যে ব্যাজ পরেন, তাতে লাঠিতে পে'চানো অথবা বাটির দশ্চে জড়ানো সাপের প্রতিকৃতি থাকে।

রসায়নেও অন্রত্প একটি প্রতীক আছে। প্রতীকটি একটি সাপ যারম্থে লেজ।

প্রাচীনরা বহু অলোকিক প্রতীকে বিশ্বাসী ছিলেন। এদের কোন কোনটি আজও ইতিহাসবিদের ব্যাশ্যাসাধ্য নয়।

এ তো গেন্স অন্তোকিক প্রতীকের কথা। কিন্তু এই 'রাসায়নিক সপে'টির অর্থ স্কুস্পট। পূর্বান্ত্রে রাসায়নিক বিফিয়ার এটি প্রতীক।

জলসংশ্লেষে হাইন্ড্রোজেনের দ্বইটি ও অক্সিজেনের একটি পরমাণ্যুর সমবায়ে জলের একটি অণ্যু তৈরি হবার সঙ্গে জলের জন্যতর একটি অণ্যু ব্বীয় উপাদানে তংক্ষণাং বিভক্ত হয়। দ্বটি বিপরীত বিক্রিয়াই সমকালে সংঘটিত: জলসংশ্লেষ (প্রেরোগামী) এবং জলবিয়োজন (পশ্চাদ্গামী)। রাসায়নিক পদ্ধতিতে এর উপদ্ধাপনা: $2H_2 + O_2 \stackrel{\longrightarrow}{\longrightarrow} 2H_2O$ । জান ও বামের তীরদ্বটিতে ব্থাক্রমে প্রেরাগামী ও পশ্চাদ্গামী বিক্রিয়া প্রদর্শিত।

রাসায়নিক বিক্রিয়মাত্রেই মুখ্যত পূর্বান্ক্তিশীল এবং ঘটনাটি ব্যতিক্রমহীন। প্রথমে প্রেরাগামী বিক্রিয়া প্রাধানা বিস্তার করে। শ্রের্ হয় জলের অণ্ তৈরি। তারপরই পশ্চাদ্গামী বিক্রিয়র আরম্ভ। শেষে, এক পর্বায়ে গঠিত ও বিরোজিত জলের অণ্কংখ্যা সমান হয়ে ওঠে এবং বাম থেকে ভানে ও ভান থেকে বামে — উভয় বিক্রিয়াই একই গতিমাতা অর্জন করে।

রাসায়নিকের ভাষায় অবকাটি ভারসাম্যের নঞ্জির।

সকল রাসায়নিক বিক্রিয়ায়ই এক সময় ভারসাম্য প্রতিষ্ঠিত হয়। কোথায়ও তা তাংক্ষণিক, কোথায়ও-বা কয়েক দিনের ব্যাপার। প্রতিটি ক্ষেত্রে এক-একরকম।

নিজ বান্তব কাজে রসায়ন দু'টি লক্ষ্য সাধনে সচেণ্ট। প্রথমত, রাসায়নিক বিক্রিয়া সন্সম্পন্ন হতে হবে, যাতে সমস্ত আদি উপাদান প্রক্ষারের সঙ্গে বিক্রিয়ালিপ্ত হয়। দিতীয়ত, প্রয়োজনীয় সর্বাধিক পরিমিত উৎপাদ তৈরিতে এটি সচেণ্ট। এই উদ্দেশ্যিসিদ্ধির জন্য রাসায়নিক ভারসাম্যের সন্তাব্য বিলম্বন অপ্রিহার্য। প্রোগামী বিক্রিয়া — হ্যাঁ, পশ্চদেশ্যামী বিক্রিয়া — না।

আর এখানেই রাসায়নিককে গাণিতিক হতে হয়। তিনি দ্বই পরিমাণ — উৎপাদ ও আদি পদার্থের ঘনত্বের অনুপাত নির্ণায় করেন।

এখানে অনুপাতটি ভগ্নাংশ। কোন ভগ্নাংশের লব যত বড়, হর যত ছোট, ভগ্নাংশটিও সে পরিমাণের বড় হয়।

পরেরাগামী বিক্রিয়ার প্রাধান্যে উৎপাদমাক্র কালক্রমে আদি পদার্থের পরিমাণকে অতিক্রম করে। লব তখন হর অপেক্ষা বড়, এর ফল বিসম ভগ্নাংশ। বিপরীত ক্ষেত্রে ভগ্নাংশটির স্কুসমতাই সম্ভাব্য।

রাসায়নিকের ভাষায় ভগ্নাংশের এই মান্তা বিক্রিয়ার ভারসাম্যের প্রবেক এবং তা

K চিহ্নিত । রাসায়নিক বদি বিক্রিয়া থেকে প্রয়োজনীয় সর্বাধিক পরিমাণ উৎপাদ
প্রত্যাশা করেন, তবে তাঁকে প্রথমেই বিভিন্ন তাপমান্তায় K-র মান নির্ণায় করতে হবে।

'অঞ্কটি'য় বাস্তব চেহারা নিন্দরেপ।

কক্ষতাপে আনমোনির। সংশ্লেষে K-র মান প্রায় ১০,০০,০০,০০০। মনে হর, নাইট্রোজেন ও হাইড্রোজেনের মিশ্রণ এমতাবন্ধার মূহ্তেই আমোনিরার পরিণত হবে। কিন্তু মোটেই তা ঘটে না। প্রেপামী বিক্রিয়া অত্যক্ত প্রথ। তাপমারা বাড়ালে কি কোন ফল হবে?

মিশ্রণটিকে ৫০০ ডিগ্রি তাপমান্রার উত্তপ্ত করা হোক।
কিন্তু রাসার্যানক উদ্যোগটি গোড়াতেই থামিরে দেবেন:
কৌ বে করছেন আপনারা? কোন কাজই হবে না এভাবে!

তিনি যথাসময়েই আমাদের থামিয়েছেন। রাসায়নিক এর অঞ্চ জানেন। দেখন: ৫০০ ডিগ্রি তাপমান্নার K হবে মান্র ৬,০০০, ৬ \times ১০ $^\circ$ ় এ তো পশ্চাদ্গামী বিক্রিয়ারই ($2NH_3 \stackrel{\longrightarrow}{\longrightarrow} 3H_2 + N_2$) 'মহেন্দ্রক্ষণ'। তাই তাপনে কোনই ফল ফলত না। বংগাই আমনা এর কারণ খংজতাম।

অ্যামোনিরঃ সংশ্লেবের জন্য প্রয়োজন যথাসম্ভব নিশ্ন তাপ ও অ্যত্ত চাপ। রাসায়নিক বিভিন্নারাজ্যের শাসক আর একটি নিরমই এখানে সহায়ক।

নির্মটির আবিস্কারক ফরাসী বিজ্ঞানী লো শাতেলিয়ে। তাঁরই নামান,সারে এটি শাতেলিয়ে সূত্র নামে পরিচিত।

কঠে আটকানো একটি শ্প্রিন্তের কথা কম্পনা কর্ন। এটি যদি প্রসারিত কিংবা সম্কুচিত না থাকে, তবে বলা যায় এটি ভারসাম্যে স্থিত রয়েছে। স্প্রিডটি টানলে কিংবা চাপলে তার ভারসাম্য বিঘিত্রত হয়, এর সম্প্রসারণরোধী কিংবা সঞ্চোচনরোধী স্থিতিস্থাপক শক্তিসমূহ বৃদ্ধি পায়। শেষে, উভয় শক্তিই আবার ভারসাম্যে স্থিত হয়। স্প্রিডটিতে আবার ভারসাম্য ফিরে আসে, কিন্তু কোনক্রমেই তা আর প্রবিস্থায় নয়। সম্প্রসারণ অথবা সঞ্চোচনের দিকে নতুন ভারসাম্যটির ঈষং স্থানচ্যুতি ঘটে।

প্রসারিত স্প্রিঙের ভারসাম্য পরিবর্তনের ঘটনাটি লৈ শাতেলিয়ের রীতির একটি উপমা (যদিও স্থূল)। রসায়নে তা এভাবে স্ক্রবদ্ধ। ধরা যাক, একটি বাহ্য শক্তি ভারসাম্য ব্যবস্থার উপর সক্রিয়। তখন বাহ্য শক্তির প্রভাবান্সারে ভারসাম্যের দিকপরিবর্তন ঘটবে। এমতাবেস্থায় সক্রিয় শক্তির প্রতিবন্ধে বাহ্য শক্তিগত্বলি ভারসাম্যে প্নঃপ্রতিষ্ঠিত না হওয়া অবধি এই স্থানাস্তরণ অব্যাহত থাকবে।

আমরা আবার অ্যামোনিয়া উৎপাদনের প্রসঙ্গে ফিরি। সংশ্লেষের সমীকরণ অনুসারে ৪ ঘনমান গ্যাস (হাইড্রোজেন ও নাইড্রোজেনের অনুপাত ৩: ১) থেকে ২ ঘনমান গ্যাসীয় অ্যামোনিয়া $(2NH_3)$ উৎপার হয়। বাহ্য চাপ প্রয়োগে ঘনমানের সংখ্কাচন ঘটে। এ ক্ষেত্রে প্রভাবটি অনুকুল। 'স্প্রিডটি সংকুচিত'। বিক্রিয়া মূলত এখানে বাম থেকে ভানমুখী: $3H_2 + N_2 \rightarrow 2NH_3$ এবং অ্যামোনিয়া উৎপাদন বর্ধমান।

আ্রামোনিয়া সংশ্লেষে তাপমূক্তি ঘটে। আমরা যদি তাপ প্ররোগ করি, বিক্রিয়া ভান থেকে বামমূখী হবে। কারণ, তাপনে গ্যাসের ঘনমান কৃদ্ধি পায় আর এখানে বিক্রিয়াভূক্ত দ্রব্যের ($3H_2$ এবং N_2) ঘনমান উৎপাদের ($2NH_3$) ঘনমান অপেক্ষা অধিক। স্তরাং, প্রোগামিতার উপর পশ্চাদ্গামী বিক্রিয়ার আধিপত্য অবধারিত। 'স্প্রিট' সম্প্রসারিত হবে।

উভয় প্রভাবের ফলেই একটি নতুন ভারসাম্য প্রতিন্ঠিত হয়। প্রথম ক্ষেত্রে অ্যামোনিয়ার উৎপাদ বৃদ্ধি পায়, কিন্তু দ্বিতীয় ক্ষেত্রে তা দ্রুত থবিতি হয়।

'কচ্ছপে' 'তড়িং গতি' সঞ্চারণ এবং তছিপরীত…


শতাব্দীকাল আগে জনৈক রাসায়নিক হাইড্রোজেন ও অক্সিজেনের মিশ্রণপূর্ণ পাতে অতি সতর্কভাবে প্রাটিনামের একটি তার প্রবেশ করান।

ফল ফলল অভাবিত। পারটি কুয়াশায় অর্থাৎ জলাঁর বাজ্পে ভরে উঠল। তাপ, চাপ কিছ্ই বদলাল না। অথচ হাইড্রোজেন ও অক্সিজেনের যে বিক্রিয়ার জন্য 'হিসেবমতো' হাজার হাজার বছর প্রয়োজন, তা ঘটল মহুতের্তি।

কিন্তু বিসময়ের এখানেই শেষ নয়। দেখা গোল, গ্যাসদ্'টিকে ৩ংক্ষণাং সংযুক্তকারী প্ল্যাটিনাম তারটির কোনই পবিবর্তন ঘটে নি। এর চেহারা, রাসায়নিক সংস্থিত, ওজন বিক্রিয়ার পূর্ব বং অটুট আছে।

বিজ্ঞানীরা তো জাদ্কর নন।
চালবাজীতে জনসাধারণকে তাক
লাগানো তাঁদের পেশা নয়। উপরোক্ত
ব্যক্তিটি নিষ্ঠাবান গবেষক। তিনি
জামান রাসায়নিক ডোবেরাইনার।
প্রক্রিয়াটিকে এখন অনুঘটন বঙ্গা হয়।
যে উপাদানে 'কছপে তড়িংগতি পায়'
তারই নাম অনুঘটক। এদের সংখা
যথার্থই বিরাট। অনুঘটক ধাতু, নিরেট
অথবা চুর্ণ হরেক রক্ম মোলের
অক্সাইড, লবণ অথবা ক্ষার হতে পারে।
এরা বিশক্ষ অবস্থায় অথবা মিশ্রণর্পে
বাবহার্যাঃ

চাপ ও তাপের যত রদবদলই হোক, অনুষ্টক ছাড়া অ্যামোনিরা উৎপাদন যথেষ্ট ফলপ্রস্ক নর। অনুষ্টক ব্যবহারে অবস্থার আম্ক পরিবর্তন ঘটে। সাধারণ ধাত্তব



লোহের সঙ্গে অ্যালন্মিনিয়াম ও পটাসিয়াম অক্সাইড দ্'টের মিশ্রণ প্রয়োগে বিক্রিয়ার গতিবেগ উল্লেখ্য মান্তায় বৃদ্ধি পায়।

বিশশতকী রসায়ন তার নজিরবিহীন উন্নতির জন্য অনুঘটকের কাছে সবিশেষ ঋণী। আর এটিই শেষ কথা নয়। প্রাণী ও উদ্ভিদের বহু প্রাণদ প্রক্রিয়া উংসেচক নামক অনুঘটকনির্ভার। জীব ও জড়ের রসায়নে এই আশ্চর্য ত্বরকের ভূমিকা স্দ্দ্রপ্রসারী!

কিন্তু প্ল্যাটিনামের বদলে তাম, অ্যালনুমিনিয়াম, অথবা লোহের তার নিলে? এতে পারের গায়ে কুয়াশার আঁচ লাগবে? না, প্ল্যাটিনামের জাদ্কাঠি ছাড়া আর কিছ্যুতেই হাইড্যোজেন ও অক্সিজেন বিচিয়ালিপ্ত হবার প্রবণতা দেখাবে না।

পদার্থমাত্রেই যেকোন নিদিষ্টি বিক্রিয়াকে ম্বর্রান্বত করতে পারে না। তাই রাসায়নিকরা বলেন, অনুম্নটক কার্যত নির্বাচনপটু। একটি বিক্রিয়াকে তারা প্রচণ্ডভাবে উদ্দীপ্ত করে, কিস্তু অন্যটি সম্পর্কে প্ররোপর্রি নিস্পৃত্র থাকে। অবশা, নিয়মটির ব্যতিক্রম আছে। অ্যালর্মিনিয়াম অক্সাইডে জৈব ও অজৈব যৌগের কয়েক ডজন সংশ্লেষক বিক্রিয়া স্বর্যান্বত হয়। বিভিন্ন অনুষ্টক একই মিশ্রণকে বিভিন্নভাবে প্রভাবিত ও নান্য ধরনের উৎপাদ তৈরি করে।

উন্নেতা নামক পদার্থ গ্রনির বৈচিত্রাও কিছুনাত্র কম নয়। এরা নিজে বিক্রিয়ার গতিকে প্রভাবিত করতে — তা বাড়াতে বা কমাতে পারে না। কিন্তু অনুষটকের সঙ্গে ব্যবহারে এতে বিক্রিয়ার গতি মূল অনুষটক অপেক্ষা বহুগুণ বৃদ্ধি পায়। লোহ, অ্যাল্মিনিয়াম, অথবা সিলিকন ডাইঅক্সাইডের 'ভেজালপ্তু' প্র্যাটিনাম তারে হাইজ্যোজন ও অক্সিজেনের মিশ্রণ প্রবলতরভাবে বিক্রিয়ালিপ্ত হয়।

অন্থটক ও অন্যটনের প্রতিপক্ষ হিসেবে অন্যটনরোধী পদার্থও আছে। বিজ্ঞানীরা তাদের বাধক বলেন। রাসায়নিক বিচিয়ার গতি মন্দীকরণেই এরা স্কির।

শ্,ঙথল বিক্রিয়া

...ধরা যাক, ক্লোরিন ও হাইড্রোজেন গ্যাসের মিশ্রণ কোন ফ্লাস্কে আছে। সাধারণ অবস্থায় তারা অতি ধারে বিক্রিয়ালিপ্ত হয়। কিন্তু এর কাছাকাছি ম্যাগ্রেসিয়ামের টুকরোটি জনুলিয়ে দেখন।

মূহাতে বিস্ফোরণ ঘটবে (পরীক্ষা করতে ইলে ফ্লাঙ্কটিকে অবশ্যই শক্ত তারের জালে ঢাকবেন)।

ক্লোরিন ও হাইড্রোজেনের মিশ্রণ উল্জ্বল আলোর পাশাপাশি কেন বিস্ফোরিত হয়?

শ্ৰুপজ বিক্রিয়া সংযোগই এর কারণ।

আমরা যদি ক্লাস্কটিকে ৭০০ ডিগ্রি তাপমারার উত্তপ্ত করি, তা বিস্ফোরিত হবে। তথন ভগ্নাংশ মূহ্তে ক্লোরিন ও হাইড্রোজেনের তাংক্ষণিক সমাবন্ধন ঘটবে। এতে বিস্মরের কিছ্ নেই। আমরা জানি তাপের ফলে অগ্রে কর্মকারী শক্তি বহুগুণ বৃদ্ধি পায়। কিছু প্রেণিক্ত পরীক্ষায় তাপমারার কোনই পরিবর্তনি ঘটে নি। বিভিয়াটি আসলে আলো-প্রভাবিত।

আলোর ক্ষ্মতম কণিকা — কোয়াশ্টামে যে শক্তি সংহত থাকে, অগ্নকে সক্রিয় করার পক্ষে তাই যথেগ্ট। আলো-কোয়াশ্টামের সঙ্গে ক্লোরিন অগ্নর সংঘর্ষ ঘটলো, কোয়াশ্টামের আঘাতে অগ্ন পরমাণ্নতে বিভক্ত ও পরমাণ্যগ্লিতে কোয়াশ্টামের শক্তি সন্ধারিত হয়।

ক্লোরিন অণ্গ্রিল এখন শক্তিসমৃদ্ধ ও উত্তেজিত। অতঃপর এরা হাইড্রোজেন অণ্যুর প্রতিরোধ ভেক্নে ফেলে তাকে পরমাণ্ডে বিভক্ত করে। এই শেষোক্ত পরমাণ্গের্লির একটি ক্লোরিনের সঙ্গে যুক্ত হয় ও অন্যটি মৃক্ত থাকে। কিন্তু মৃক্ত পরমাণ্গিট তখন উত্তেজিত। শক্তির একাংশ নিন্দাশনে সে অস্থির। কিন্তু কোথায় ইকেন, যেকোন ক্লোরিন অণ্তে। আর সে ক্লোরন অণ্র সঙ্গে সংঘর্ষ মাত্রই ওদের সকল উদাসিন্যের সমাপ্তি। এখন আবার একটি সক্তিয় ক্লোরিন পরমাণ্র জন্ম হল। কিন্তু শক্তিদানের জন্য পরমাণ্টির অভঃপর আর অপেঞ্চা নিন্প্রয়োজন।

আর এভাবেই ধারাবাহিক শৃংথল বিক্রিয়ার উন্তব। বিক্রিয়া শ্রে হলেই বিক্রিয়াজাত শক্তিতে ক্রমান্বয়ে অধিকসংখ্যক অগ্ কর্মাকারী শক্তি লাভ করে। পাহাড় থেকে গড়িয়ে পড়া হিমানী প্রপাতের মতো এই বিক্রিয়ার মাত্রাও বৃদ্ধি পায়। ধসটি উপত্যকায় নামলেই স্বকিছ্ শান্ত। সকল অগ্র অন্তভূতি, হাইড্রোজেন ও ক্লোরিনের স্বকটি অগ্ বিক্রিয়ালিপ্ত হলেই শৃংখল বিক্রিয়ার স্মাপ্তি।

রাসায়নিকরা শ্ৰেথল বিক্রিয়ার গ্রেছ সম্পর্কে সচেতন। বিক্রিয়াটির খ্টিনাটি গবেষণায় এদেশের প্রখ্যাত সোভিয়েত বিজ্ঞানী নিকোলাই সেমিওনভের অবদান সর্বস্বীকৃত। শ্ৰেথক বিক্রিয়া পদার্থবিদদেরও জানা প্রসঙ্গ। নিউট্রন দ্বারা ইউরেনিয়ামের নিউক্রিয়াস বিভাজন ভৌত শ্রেথক বিক্রিয়ার একটি নজির।

রসায়ন ও বিদ্যুতের মিতালি

সম্ভ্রান্ত, উচ্চপদাসীন একজন ব্যক্তির পক্ষে কাজটি তেমন মানানসই নয়।

তিনি অনেকগর্ন ধাতব চাকতি তৈরি করলেন। তায়, দস্তার গণ্ডা গণ্ডা চাকতি। তারপর প্রপ্রের গোল টুকরো কেটে লবগদ্রবে ভুবালেন। তিনি এগর্নলকে স্থাকারে সাজালেন, যেন শিশরে তৈরী পিরামিড। কিন্তু তাঁর সাজানোর একটা নির্দিট্ট ধরন ছিল: তায় চাকতি, প্রপ্রের টুকরো, দস্তার চাকতি। স্ত্র্পটি হেলে না পড়া অবধি বিন্যাসটি বহুবার প্রনরাবৃত্ত হল।

স্ত্রপের মাথা তিনি ভেজা আঙ্গুলে স্পর্ণ করকেন এবং সঙ্গে হাত সরিয়ে নিলেন। আজকের ভাষার, তিনি তড়িতাহত হয়েছেন। এই হল ১৮০০ সালে ইতালির বিখ্যাত পদার্থবিদ আলেসান্দ্রো ভোল্টা কর্তৃকি আবিষ্কৃত বিদ্যুতের অন্যতম রাসায়নিক উৎস — গ্যালভোনিক কোষ। ভোল্টা স্তন্তে বিদ্যুৎ উৎপল্ল হয়েছিল রাসায়নিক বিক্রিয়ার ফলে।

অতঃপর জন্ম নিল বিজ্ঞানের একটি নতুন শাখা - হড়িহরসায়ন্।

বিজ্ঞানীরা উল্লেখ্য সময় অবধি বিদ্যুৎ উৎপাদনের একটি নতুন যাল পেলেন। 'ভোলটা স্তম্ভে' রাসায়নিক বিক্রিয়ে শেষে না হওয়া অবধি বিদ্যুৎধারা অব্যাহত থাকত। বিভিন্ন পদার্থের উপর বিদ্যুতের প্রতিক্রিয়া প্রব্যক্ষণ অতঃপর একটি আকর্ষণীয় প্রকলপ হয়ে উঠল।

দ্বজন রিটিশ, কালাইল এবং নিকোল্সন জল নিয়ে কাজ করার সিদ্ধান্ত নিলেন। তাদের প্রথম জন ডাক্তার ও দিতীয় জন ইঞ্জিনিয়র। জল যে হাইড্রোজেন ও অক্সিজেনের মিশ্রণ, রাসায়নিকরা সে সম্পর্কে ততদিনে নিশ্চিত হলেও তাঁদের হাতে এর কোন চুড়াক্ত প্রমাণ ছিল না।

কার্লাইল ও নিকোল্সন ১৭ ভোল্টা কোষের একটি বৈদ্যুতিক ব্যাটারি তৈরি করলেন। এতে শক্তিশালী তড়িং উৎপক্ষ হল। তড়িতাঘাতে জলে দেখা দিল প্রবল বিয়োজন প্রক্রিয়া। জল বিভক্ত হল দ্বটি গ্যাসে — হাইড্রোজেন ও অক্সিজেনে। কিংবা বলা যায় জলের তাড়িছিপ্লেষ শ্রুর হল। পদার্থের তড়িং-বিয়োজন নামেই প্রক্রিটিত।

शरका नम्बत भग्ना...

দর্নিয়াজোড়া হাজার হাজার রাস্ট ফার্নেসে ইস্পাত ও লোহ তৈরি হচ্ছে। বিভিন্ন দেশের অর্থনীতিবিদ চলতি ও আগামী বছর কত লক্ষ টন ধাতু উৎপন্ন হবে তার চুলচেরা হিসেব-নিকেশ করেন।

আর এই অর্থনীতিবিদরাই যথন বলেন, প্রতি অন্টম রাস্ট ফার্নেসে বেহাদা কাজ করছে, আমরা তথন অবাক হই। প্রতি বছর উৎপন্ন ধাতুর ১২ শতাংশই মান্ধের কোন কাজে না এসে মাঠে মারা যায় সেই নির্দায় হস্তার শিকার হয়।


শন্তি আমাদের অতি পরিচিত। সে মরিচা। বিজ্ঞানে প্রক্রিয়াটি ধাতু-অবক্ষতি নামে পরিচিত।

কেবল লোহ ও ইম্পাতই এর একমাত্র শিকার নয়। তায়ু, টিন ও দন্তারও এ থেকে রেহাই নেই।

অবক্ষতির অর্থ ধাতুজারণ। অনেক ধাতু মা্ক্তাবস্থায় যথেক্ট সা্দ্রিত নয়। ধাতব জিনিসের চকচকে চেহারা বাতাসের ছোঁয়ায় কালক্রমে বিচিত্র রঙের সর্বনাশী অক্সাইড-আবরণে ঢাকা পড়ে।

জারিত ধাতু ও মিশ্রধাতুর বহ**্ সদ্গ**্ণবণিষ্ঠ। এমতাবস্থায় এদের দ্য়তা, স্থিতিস্থাপকতা, তাপ ও বিদ্যুৎ পরিবহণের ক্ষমতা হ্রাস পায়।

অবক্ষতি শ্রে হলে মাঝপথে আর কখনই থামে না। ধীরে হলেও, কিন্তু নিশ্চিতভাবে এই 'পিঙ্গল শয়তান'টি ধাতৃর জিনিসটিকে প্রোপ্রির শেষ করবেই। শ্রুতে গ্রিকয়েক অক্সিজেন অণ্ ধাতৃর উপরে আটকে যায় এবং প্রথম কয়েকটি



অক্সাইড অণ্, তৈরি হয়। দেখা দেয় অক্সাইডের পাতলা আন্তর। আন্তরটি বথেন্ট নিথিল, প্রায় ছাঁকনির মতো ঝাঁঝরা এবং এর ভেতর দিয়ে গড়িয়ে পড়ামান্তই ধাতুর পরমাণ্ জারিত হয়। আন্তরের ছিন্ন পথে অক্সিজেন অণ্ট্ও ধাতুর গভীরে প্রবেশ করে এবং ধরংসাত্মক কর্মকাণ্ড অব্যাহত রাখে।

অধিকতর আগ্রাসী রাসায়নিক প্রতিবেশে অবক্ষতি প্রত সম্প্রসারিত হর। ক্লোরিন, ফ্লোরিন, সালফার ভাইঅক্সাইড এবং হাইড্রোজেন সালফাইড কিন্তু ধাতুর ফেলনা শত্র নর। গ্যাস-প্রভাবিত ধাতুর অবক্ষয় প্রতিরাকে বিজ্ঞানীরা গ্যাসীয় অবক্ষতি বলেন।

আর নানাবিধ দ্রবণ ? এরাও ধাতুর মারাত্মক শহু। সাধারণ সমন্দ্রজলের কথাই ধরা যাক। মহাকায় সামন্দ্রিক জাহাজের নিচ ও পাশের অবক্ষয়িত ধাতুপাত বদলানোর জন্য মাঝে মাঝে পোতাপ্রয়ে জাহাজ মেরামত করতে হয়।

প্রসঙ্গত, জনৈক মার্কিন কোটিপতির একটি ভুলের শিক্ষাপ্রদ কাহিনীটি উল্লেখ্য।
তার ইচ্ছা ছিল দুনিয়ার সেরা ইয়টের মালিক হবার। জাহাজ তৈরির ফরমাশ
পাঠিয়েই সে একটি রোমাণ্টিক নামও ঠিক করল: 'সমুদ্রের ডাক'। টাকাক্ড়ি থরচের

কোন কর্মাত ছিল না। ঠিকাদাররা ক্রেতাকে খ্রাশ করার জন্য প্রাণান্ত করল। ব্যকি রইল শুধ্য ভেতরের সাজসম্জার কাজটি।

কিন্তু জাহাজটিকে আর সম্দ্রে যেতে হল না। জলযাত্তা অনুষ্ঠানের দিনকয়েক আগেই এর সারা কাঠামো ও তলা মরচে পড়ে ঝাঁজরা হয়ে গেল।

কেন? কারণ, অবক্ষতি তড়িতরসোয়নিক বিচিয়া।

নির্মাতারা জাহাজটির তলা জার্মান সিলভার নামের নিকেল ও তায়ের মিশ্রধাতু দিয়ে তৈরি করেছিল। বৃদ্ধিটি ভালই ছিল। দামী হলেও লোনা জলের অবক্ষর এড়ানোর পক্ষে জার্মান সিলভার চমংকার বৈকি। কিন্তু ধাতুটি তেমন মজবৃত নর। তাই জাহাজটির অনেক অংশই অন্যতর ধাতু — বিশেষ ধরনের ইম্পাতে তৈরি করা হয়েছিল।

আর এতেই সর্বনাশটি হল। জাহাজের জার্মান সিলভার ও ইম্পাতের সংযোগস্থানে শক্তিশালী গ্যালভোনক কোষের উদ্ভব ঘটল,শনুর হল তলার দুরুত অবক্ষয়। পরিণতিটি মর্মান্তিক। কোটিপতি গভীর দুঃথে মুষড়ে পড়ল। জাহাজ নির্মাতাদেরও একটি শিক্ষা হল। তারা অবক্ষতির একটি নতুন নিয়ম জানল: মূল ধাতুর সঙ্গে অন্য ধাতুর ব্যবহারে গ্যালভোনিক কোষের উদ্ভব ঘটলে অবক্ষতি পরিত হয়।

্ৰতাং এর প্রতিবিধান

দিল্লীর একটি আশ্চর্য মিনার বহু, শতাব্দী প্রানো। খাঁটি লোহের ব্যবহারই মিনারটির অনন্য বৈশিষ্টা। মহাকাল তার কাছে অবনত। বহু, যুগ পরে মিনারটি আজও যেন নতুন — সে লোহমলে কলণ্ডিকত হয় না। অবক্ষতি এখানে যেন পরাহত...

দুর অতীতের ধাতুবিদরা কিভাবে খাঁটি লোহ তৈরি করেছিলেন, সে এক রহস্য। কল্পনাবিলাসীদের মতে মিনারটি প্থিবীর মানুষের তৈরি নয়। গ্রহান্তরবাসীদের প্রিবী পদার্পণের এটি এক স্মারকবিশেষ।

অবশ্য, মিনারটির উৎস সংক্রান্ত রহস্যকল্পনা এড়িয়ে রাসায়নিকরা এতে শিক্ষণীয় একটি গ্রের্থপূর্ণ প্রসঙ্গ খালে পান: ধাতু যত খাঁটি তার অবক্ষতির গতিমান্তান্ত সে পরিমাণেই ধাীর। মরিচা এড়াতে বিশাদ্ধতম ধাতুই ব্যবহার্য।

আর কেবল বিশ্বদ্ধতাই নয়, ধাতুদ্রব্যের ফিনিশিংও সর্বাধিক উন্নত মানের হওয়া প্রয়োজন। উপরিতলের 'উচু' বা 'নিচু' জায়গায় বহিন্দু বজাঁ সণিত হয়। বিজ্ঞানী ও ইঞ্জিনিয়ররা আদর্শ মস্ণ উপরিতল নির্মাণে এখন সমর্থ। এ ধরনের মস্ণ উপকরণ ইতিমধ্যেই রকেট ও মহাশ্বেয়ধানে ব্যবহৃত।



অবক্ষতি সমস্যার সমাধান তা হলে এ-ই? মোটেই না। বিশ্বন্ধ ধাতৃ দ্বম্লা এবং যথেন্ট পরিমাণে সহজলভ্য নয়। আবার মিপ্রধাতৃই ইঞ্জিনিয়রিংয়ে পছন্দ: এদের গ্লাগ্রের পরিসর অধিকতর ব্যাপ্ত। আর মিশ্রণটি কমপক্ষে দ্'টি ধাতৃর হওয়া চাই।

রাসায়নিকরা অবক্ষতি প্রক্রিয়ার স্কল খ্রিটনাটিই সন্ধান করেছেন। ঈশিসত গ্রুণের কোন মিশ্রধাতু তৈরির আগে 'অবক্ষতি'র বিষয়টি তাঁরা প্রথান্প্রথভাবে পর্যবেক্ষণ করেন। এখনকার বেশ কিছু মিশ্রধাতুর অবক্ষয়রোধী ক্ষমতা খুব বেশি।

আমরা ঘরকন্নায় রাং ঝালাই ও টিন কলাই করা জিনিস প্রতিদিন ব্যবহার করি।
টিন বা দন্তামোড়া এই জিনিসগ্লি মরিচা এড়িয়ে অনেক দিন ব্যবহারোপযোগী
থাকে তা ছাড়া, লোহের পাতে ছাওয়া ছাদে রঙের ব্যবহার তো সর্বতই চোখে পড়ে।

অবক্ষতি দ্বলিতর কিংবা বিলম্বিত করার অর্থ অবক্ষতি প্রক্রিয়ার অন্তর্গত তড়িংরাসায়নিক বিক্রিয়ার বৈগ মন্দীকরণ। বিশেষ জৈব ও অজৈব পদার্থের তথাকথিত বাধকই এজন্য ব্যবহার্য।

ভুলল্রান্তি মাধ্যমে চেন্টা করে করে শেষে এগ্রাল হঠাৎ আবিষ্কৃত হয়েছিল

জার পিতারের রাজত্বকালের আগেই রুশ কামান নির্মাতারা একটি অন্তুত প্রক্রিরা জানত। তারা কামান নলের মরিচা সালফিউরিক অ্যাসিড দিয়ে মুছে ফেলত। তবে তার আগে অ্যাসিডে তু'ষের মিশ্রণ ছিটাত। এই আদি পদ্ধতিতে অ্যাসিডের আক্রমণ থেকে ধাতু রক্ষায় তারা সফল হয়েছিল।

বাধক সন্ধান এখন আর কোন প্রত্যাদিষ্ট, কিংবা আপতিক ব্যাপার নয়। এটি একটি নিথ্তি বিজ্ঞান। অবক্ষতি মন্দীভূত করার শত শত রাসায়নিক পদার্থ আজ্বব্যবহত।

'ক্ষমাক্রান্ত' হ্বার আগেই ধাতুর 'স্বাস্থা' সম্পর্কে সতর্কতা প্রয়োজন। 'ধাতুচিকিংসক' রাসায়নিকদের এটাই প্রথম কর্তব্য।

একটি প্রদীপ্ত উচ্ছায়

পদার্থের অবস্থা কত প্রকার? আধ্যুনিক পদার্থবিদরা সাতটি প্রকারভেদ নির্ধারণ করেছেন — কমও নয় বেশিও নয়। অবশ্য পদার্থের তিন অবস্থা — গ্যাসীয়, তর্মিত ও কঠিন সর্বজনজ্ঞাত। দৈনিশিন জীবনে এর বাড়তি আর কৈছু কথনই আমরা জানি না।

তিন শতাব্দী ধরে রসায়নের ক্ষেত্রেও এর কোন ব্যস্তার ঘটে নি। পদার্থের চতুর্থ অবস্থা সম্পর্কে তার কোত্ত্রলের শ্রের কেবলমাত্র গত দূই দশক থেকে। পদার্থের চতুর্থ অবস্থা প্রাজ্মা।

বলতে কী, প্লাজ্মাকে গ্যাসও বলা যায়। কিন্তু তা অসাধারণ। প্রশমিত প্রমাণ্
ও অণ্ট্রাড়াও এতে আয়ন ও ইলেকট্টন থাকে। সাধারণ গ্যাসও আয়নিত কণায্ত্ত এবং তাপমাত্রা ব্লির নিরিখে এতে এদের সংখ্যাও ব্লি পায়। স্তরাং, আয়নিত গ্যাস ও প্লাজ্মার মধ্যে কোন স্নির্দিণ্ট সীমারেখা নেই। তব্, গ্যাস বিদ্যাং পরিবহণের অত্যক্ত ক্ষমতা লাভ করলেই তাকে প্লাজ্মা বলা প্রথাসিদ্ধ। আসলে এই পরিবহণ ক্ষমতাই প্লাজ্মার অন্যতম প্রধান ধর্ম।

হঠাং শন্নতে অকৃত মনে হলেও প্লাজ্মাই কিন্তু রক্ষাণেডর শাসক। স্বর্গ, নক্ষর এবং মহাশ্নোর গ্যাসসম্ভের পদার্থ প্লাজ্মার অবস্থায় থাকে। এটি প্রাকৃতিক প্লাজ্মা। প্থিবীতে এটি প্লাজ্মোট্রন নামে বিশেষ যতে কৃতিমভাবে তৈরি হয়। বিবিধ গ্যাসকে (হিলিয়াম, হাইড্রোজেন, নাইট্রোজেন, আর্থনি) বৈদ্যুতিক চাপের সাহায্যে প্লাজ্মায় ব্পান্ডরিত করার জন্য যতিটি ব্যবহৃত। প্লাজ্মোট্রের সংকীর্ণ ম্থনল ও চৌশ্বক ক্ষেত্রের প্রভাবে প্লাজ্মার উৎজন্ল ফোয়ারার স্থেকাচন ঘটে এবং এতে বহু হাজার ডিগ্রি তাপ উৎপন্ন হয়।

রাসায়নিকরা বহুদিন থেকেই এমন এক তাপমান্তার দ্বপ্ন দেখছিলেন। বিশেষ রাসায়নিক বিক্রিয়ায় অত্যুক্ত তাপমান্তার অপরিহার্যতা প্রশ্নতীত। এখন দ্বপ্লটি বাস্তব্যায়িত হয়েছে, জন্ম নিয়েছে এক নতুন রসায়নশাখা:প্লাজ্মা রসায়ন বা 'শীতল' প্লাজ্মার রসায়ন।

শীতল 'প্লাজ্মা' কেন? কারণ, 'তপ্ত' প্লাজ্মাও আছে এবং এর তাপমাত্রা বহু লক্ষ ডিগ্রি। এই প্লাজ্মার সাহোয্যেই পদার্থাবিদরা তাপনিউক্লীয় সংশ্লেষ অর্থাং হাইড্রোজেনকে হিলিয়ামে র পান্তরের নিয়ন্তিত পার্মাণ্যিক বিক্রিয়া সংঘটনে এথন সচেন্ট।

কিন্তু রাসায়নিকরা 'শীতল' প্লাজ্মাতেই তুণ্ট। দশ হাজার ভিগ্নি তাপমান্রায় রাসায়নিক প্রক্রিয়া প্রীক্ষার মতো আকর্ষী প্রকল্প আর কী আছে?

নৈরশ্যবাদীরা একে নিত্তল প্রয়াস মনে করেছিলেন। তাঁরা ভেবেছিলেন, এত উচ্চ তাপমান্রায় সকল পদার্থেরেই নির্নিশেষ ধরংস ঘটবে এবং জটিলতম অণ্র্রাশি পরমাণ্ ও আয়নে পৃথকীভূত হবে।

বান্তব অবস্থা জটিলতর প্রকটিত হল। দেখা গেল, প্লাজ্মা শ্র্য্ বিধ্বংসীই নয়, সে প্রভীও। অন্যথা অসম্ভাব্য সমেত বহু অভিনব রাসায়নিক যৌগ এতে সহজেই সংশ্লেষিত হল। Al_2O , Ba_2O_3 , SO, SiO, CaCl ইত্যাদি পদার্থগঢ়িল একেবারে আনকোরা এবং রসায়নের কোন পাঠাগ্রন্থেই প্রপ্রেয় নয়। এই যৌগগঢ়িলর মৌলরাশি অস্বাভাবিক, ব্যতিক্রমী যোজ্যতার পরিচয় দিল। এগঢ়িল খুবই আক্রমীঃ কিন্তু প্রাজ্মা রসায়নের লক্ষ্য আরও গ্রুত্বপূর্ণ: জ্ঞাত মহার্ঘ পদার্থের স্কৃত্ত ও দ্বুত উৎপাদন। এই তো গেল উদ্দেশ্য।

এবার কিছু সাফল্যের কথা বলা যাক।

প্লাশ্টিক, রবার, রঙ, ঔষধ তৈরির অন্যতম অপরিহার্য উপাদান অ্যাসেটিলিন। কিন্তু আজও অ্যাসেটিলিন উৎপাদিত হয় সেই আদিকালের পদ্ধতিতে, ক্যালসিয়াম কার্বাইডকে জলে ডিজিয়ে। পদ্ধতিটি অসম্বিধাজনক আর মহার্য।

প্লাজ্মেষ্ট্রনে ব্যাপারটি একেবারে আলাদা। হাইড্রোজেন থেকে তৈরি প্লাজ্মার তাপমালা এখানে ৫,০০০ ডিগ্রি। মিথেন ভর্তি একটি বিশেষ বিরেক্টরে হাইড্রোজেন প্লাজ্মার ফোরারা থেকে প্রচম্ভ তাপ পরিবাহিত করা হর। অতঃপর, বিপত্ন বেগে মিথেন ও হাইড্রোজেনের মিশ্রণ ঘটে এবং সেকেন্ডের সময়ে ৭৫ শতাংশ মিথেনই অ্যাসেটিলিনে রূপান্ডরিত হয়।

আদর্শ ব্যবস্থা, তাই না? তাই! কিন্তু হায়, সর্বত্র, সর্বন্ধণ কিছু, বাধা থাকবেই।

অ্যাসেটিলিনকে আর এক মৃহতে সময় প্লাজ্মার উচ্চ তাপে রাখলেই তার ভাঙন শ্রুর হয় দ্বতরাং, তাপমাত্রাকে তৎক্ষণাৎ নিরাপদমাত্রায় নামিয়ে আনা প্রয়োজন। নানা ভাবেই তা সম্ভব। কিন্তু এখানেই যত ইঞ্জিনিয়রিং সংক্রান্ত গলদ। অদ্যাব্ধি মাত্র ১৫ শতাংশ অ্যাসেটিলিনকেই অনিবার্য বিয়োজন থেকে বাঁচানো গেছে। আর তাও খ্ব খারাপ নয়!

সন্তা তরল হাইড্রোকার্বনকে প্লাজ্মা-রাসায়নিক পদ্ধতিতে ভেঙ্গে অ্যাসেটিলিন, ইথিলিন ও প্রোপিলিন উৎপাদনের একটি কৌশলও পরীক্ষাগারে উন্তাবিত হয়েছে।

বায়ুমণ্ডল থেকে নাইট্রোজেন সংগ্রহের গ্রের্ছপূর্ণ সমস্যাটি আজও অমীমাংসিত। অ্যামোনিয়া জাতীয় নাইট্রোজেন যৌগবেলীর রাসায়নিক উৎপাদন প্রমসধ্যে, জটিল ও বায়বহুল। বৈদ্যুতিক পদ্ধতিতে শিক্পভিত্তিক নাইট্রোজেন অক্সাইড সংশ্লেষের চেণ্টাটি মহার্ঘ বিধায় কয়েক দশক আগেই পরিত্যক্ত হয়। এখানেও প্লাজ্মা রসায়নের শৃত্তি প্রেক্তিতের ভবিষ্যুৎ সহজ্ঞক্ষা।

न्यं अक बनाबनीयम

কথা আছে: বাণ্প চালিত ইঞ্জিনের আবিস্কারক স্টিভেন্সন ইংলণ্ডের প্রথম রেলপথের পাশে তাঁর বন্ধু বিখ্যাত ভূতত্ত্বিদ ব্যাক্ল্যাণ্ডের সঙ্গে বেড়াতে বেড়াতে গল্প করছিলেন। একটি গাড়ি তাঁদের পাশ দিয়ে চলে গেল।

শ্রিকেন্সন জিজের করলেন, 'ব্যাক্ল্যান্ড বল্পন তো, গাড়ি কেমন করে চলে?' 'কেন, আপনার আবিষ্কৃত চমংকার রেল-ইঞ্জিনের কোন চালকের হাতে?'

'না ।'

'তা হলে বে-বাডেপ ইঞ্জিন চালায়?'

'सा।'

'বয়লারের আগ্রনে?'

'আবারও না। আসলে, গাড়ি চালাচ্ছে সূর্যে, যার আলোকের আশ্রয়ে বে'চেছিল বহুঃযুগ আগের গছেপালা আর পরে এয়াই রূপান্ডরিত হয়েছিল কয়লার।'

জীবিতমারেই, বিশেষভাবে উদ্ভিদজগৎ স্থের উপর নির্ভারশীল। আন্ধারে এদের জন্মানোর চেন্টা করেই দেখনে, রসালো কান্ডের বদলে পাবেন বিবর্ণ এক স্তালী। ক্লোরোফিল (সব্জ পাতার বর্ণকণিকা) স্থালোকের সাহায্যেই কার্বন ডাইঅক্সাইডকে জৈব পদার্থের জটিল অণ্তে র্পান্তরিত করে এবং এই পদার্থ থেকেই তৈরি হয় উদ্ভিদের দেহবস্থু।



তা হলে সূর্য, কিংবা বলা যায় সূর্যালোকই সেই মূল 'রসায়নবিদ' যে উদ্ভিদের সকল জৈব পদার্থের সংশ্লেষক? মনে হয় তাই। বৃথাই কার্বন আত্মীকরণকে সালোকসংশ্লেষ বলা হয় না।

বহু রাসায়নিক বিক্রিয়া বে সূর্যালোক প্রভাবিত, সে কথা সর্ববিদিত। আলোকরসায়ন নামে রসায়নের একটি বিশেষ শাখাও এজন্য নির্দিষ্ট।

কিন্তু আলোকরাসায়নিক বহু বিক্রিয়া অধ্যয়নের ফলেও অদ্যাবধি পরীক্ষাগারে কোন শর্কারা বা প্রোটিনের সংশ্লেষ সম্ভব হয় নি। অথচ এগ্রালিই উদ্ভিদের সালোকসংশ্লাষিত আদি পদার্থা।

অতি জটিল জৈবাণ, সংখ্যেবের জন্য উদ্ভিদ প্রাথমিক পর্যায়ে কেবলমার কার্বন ভাইঅক্সাইড, জল ও স্থালোক ব্যবহার করে। কিন্তু এই বিক্রিয়ায় অন্যতর কোন উপাদান কি অপরিহার্য নয়?

একটি কারখানা কল্পনা করা যাক, যার একদিকে চুকছে সোডিয়াম, খনিজ তেল, পটাসিয়াম নাইট্রেট প্রভৃতি আর অন্য দিক থেকে বেরিয়ে আসছে রুটি, সসেজ, চিনি। স্বপ্নবিদাস বৈকি? কিন্তু উদ্ভিদে তাই ঘটছে।

উদ্ভিদের নিজস্ব অনুঘটক আছে। নাম উৎসেচক। এক-একটি উৎসেচক একটি বিক্রিয়াকেই স্নৃনিদিশ্টি পথে পরিচালিত করে। দেখা গেছে, সালোকসংশ্লেষে স্ব্রিই একক 'রসায়নবিদ' নয়, এর সহযোগী উৎসেচকবর্গের (অনুঘটক) ভূমিকাও উল্লেখযোগা। বিক্রিয়ার প্রয়োজনীয় শক্তির উৎস স্ব্র্য, কিন্তু তাকে সঠিক পথে পরিচালিত করে উৎসেচক।

বহু পদার্থ উৎপাদনের ক্ষেত্রে প্রকৃতি, বিশেষভাবে উদ্ভিদের কাছ থেকে আজও তাদের 'পেটেণ্ট' ছিনিরে নিতে না পারলেও কোন কোন ক্ষেত্রে আমাদের প্রয়োজনান্ত্রণ উৎপাদনে এদের প্ররোচিত করতে আমর্রা অবশ্যই সফল হরেছি। এজন্য সালোকসংশ্লেষ প্রক্রিয়ার গবেষণা থেকে বিজ্ঞানীরা উপকৃত হয়েছেন অভ্যাধিক। ইদানীং জানা গেছে বে, সালোকসংশ্লেষের সময় বিভিন্ন তরঙ্গদৈর্ঘ্যের আলোক ব্যবহারে বিভিন্ন ধরনের রাসায়নিক পদার্থ উৎপাদিত হয়। দৃষ্টাস্ত হিসেবে লাল-হল্ম্ম্য ও নীল আলো উল্লেখ্য। এখানে প্রথম ক্ষেত্রে শকরেই ম্ল্ উৎপাদ, কিন্তু দ্বিতীয় ক্ষেত্রে গ্রোটিনেরই আধিকা।

স্তরাং, মনে হয় উদ্ভিদের সাহাযো পর্যাপ্ত পরিমাণ প্রয়োজনীয় পদার্থ সংগ্রহের কাল আর দ্ববর্তী নয়। হয়ত, কলকারখানা নির্মাণ, এতে অনন্য ফক বসানো এবং সংশ্লেষের জটিল প্রকোশলের স্থলবর্তী হিসেবে তৈরি হবে আলো-বর্ণালীর উপাদান ও তীব্রতা নিয়ন্তিত হট হাউস। অতঃপর, উদ্ভিদ নিজেই প্রয়োজনীয় সবকিছ, তৈরি করবে: সরলতম শর্করা থেকে জটিলতম প্রোটিন।

म्,'हि धत्रत्नत तात्राग्नीनक वक्ष

আদিয্গে, মান্ধাতার আমলেও প্রমাণ্রে অস্তিকে বিশ্বাসী বিজ্ঞানীর সংখ্যা নেহাৎ কম ছিল না। কিন্তু বস্তুমধ্যে প্রমাণ্যেছিল কীভাবে প্রস্পরবন্ধ? নীরবতা অথবা অতিকল্পনার সম্দ্রে উধাও হওয়া ছাড়া প্রশ্নটির মুখোমুখি দার্শনিকরা তথ্ন নির্পায়।

দৃণ্টান্ত হিসেবে প্রখ্যাত ফরাসী নিস্গাঁ দেকার্ত উল্লেখ্য। তাঁর মতে কিছ্ব প্রমাণ্য হুক ও অন্যগালি আঙটা যুক্ত এবং আঙটাপ্রবিষ্ট হুকে তারা সলিবন্ধ।

পারমাণ্যিক সংয্তি সম্পর্কে অলপ জ্ঞান অথবা অজ্ঞতা বিধায় প্রমাণ্যর পারস্পরিক অন্বর, রাসায়নিক বন্ধ ইত্যাদির তংকালীন প্রত্য়য় ভিত্তিহীন ছিল। এই সত্য নির্ধারেশে বিজ্ঞানীরা ইলেকট্রন থেকে বিশেষ সহায়তা লাভ করেন। কিন্তু তা রাতারাতি ঘটে নি। ইলেকট্রন আবিষ্কৃত হয় ১৮৯৭ সালে। কিন্তু ইলেকট্রনভিত্তিক রাসায়নিক বন্ধের ব্যাখ্যার জন্য প্রয়োজন ছিল আরও বছর বিশেক অপেক্ষার। পারমাণ্যিক নিউক্লিয়াসের চতুদিকে ঘ্র্যামান ইলেকট্রন বিন্যাস সম্পর্কে স্বচ্ছ ধারণা ছড়ো তা সন্তবপর ছিল না।

ইলেকট্রনমাত্রেই রাসায়নিক বন্ধের অংশগ্রাহী নর। কেবলমাত্র যেগ্র্লি প্রত্যন্ত কিংবা অন্ততপক্ষে প্রত্যন্ত অথবা এর পূর্ববর্তী খোলকে অবস্থিত তারাই এর শারিক।

ধরা যাক, সোডিরামের কোন প্রমাণ্ট্র সঙ্গে ফ্রোরিন প্রমাণ্ট্র সাক্ষাৎ ঘটল। প্রত্যন্ত খোলকে এদের ঘূর্ণামান ইলেকটনের সংখ্যা যথাক্রমে এক ও সাত। সাক্ষাতের ফলে জন্ম নিল সোডিরাম ফ্রোরাইডের অতি স্কৃষ্টিত অণ্ট্র। কিন্তু কীভাবে? ইলেকটন প্রেবিন্যাস করে।

সোডিয়াম প্রমাণ্র পক্ষে প্রত্যক্ত ইলেকট্রনটি ত্যাগ করা অতি সহজ। ফলত, তা ধনাত্মক আয়নে রপোস্তরিত হয় এবং তার প্রত্যেক্তর পূর্ববর্তী ইলেকট্রন খোলক উন্মোচিত করে। এই খোলকের ইলেকট্রন সংখ্যা আট আর অন্টক ডেঙ্গে ফেলা মোটেই সহজ নয়।

পক্ষান্তরে, ফ্রোরিন পরমাণ্ট তার প্রত্যন্ত খোলকে সানন্দে ঐ বাড়তি ইলেকট্রনটি গ্রহণ করে। এরই ফলে তার পক্ষে আট ইলেকট্রনের একটি প্রেরা খোলক পাওয়া সম্ভব হয়। আর এভাবেই ঋণাত্মক আধানযুক্ত ফ্রোরিন আয়নের উদ্ভব। ধনাত্মককে ঋণাত্মক আকর্ষণ করে। বিপরীত শক্তির বৈদ্যুতিক আধানের জন্য সোডিয়াম ও ফ্লোরিন আয়ন সজোরে পরস্পরাক্ষিত হয়। এগালির মধ্যে দেখা দেয় একটি রাসায়নিক বন্ধ। এই আয়নীয় বন্ধ অন্যতম প্রধান রাসায়নিক বন্ধবিশেষ। দ্বিতীয়টি নিশ্নরপুণ।

F₂ জাতীয় যৌগ কীভাবে টিকে থাকে? ফ্লোরিন অণ্ প্রতান্ত খোলক থেকে ইলেকট্রন হারাতে পারে না। বিপরীত আধানের আয়ন উৎপাদন এখানে অসম্ভব। ফ্লোরিণ অণ্ট্র রাসায়নিক অন্বয় যুগ্ম ইলেকট্রন্যুত। এখানে প্রতিটি পরমাণ্ট্র সাধারণ ব্যবহারের জন্য একটি করে ইলেকট্রন সরবরাহ করে। এখন উভয় পরমাণ্ট্র প্রতান্ত খোলকে ইলেকট্রনের সংখ্যা আট। এই বন্ধ সহযোজী বন্ধ। আমাদের জানা রাসায়নিক যৌগের অধিকাংশই প্রথম অথবা দ্বিতীয় প্রেণীর বন্ধে উৎপন্ন।

রসায়ন ও বিকিরণ

রাসায়নিকরা অদ্যাবধি সব্জ পাতা তৈরি করতে পারেন নি। কিন্তু সালোক-রাসায়নিক বিক্রিয়ায় ইতিমধ্যেই আলো ব্যবহৃত হচ্ছে। প্রসঙ্গত, আলোকচিত্রের কথা উল্লেখ্য। প্রক্রিয়াটি সালোক রসায়ন সংক্রান্ত। আলোই মুখ্য চিত্রগ্রাহক।

কিন্তু রাসায়নিকদের কোঁত্রল কেবলমাত্র আলোক রশ্মিতেই সীমিত নয়। এক্স-রে বা রঞ্জনরশ্মি এবং তেজস্ক্রিয় বিকিরণও তাে রয়েছে। এগালো অমিত শক্তিধর। আলোক রশ্মির তুলনায় রঞ্জন ও গামা রশ্মির 'তারতা' যথাক্রমে বহ্ ইাজার ও বহু লক্ষ্ণা বেশি।

রাসায়নিকের পক্ষে অতঃপর এদের অবহেলা করা কীভাবে সন্তব?

আর তাই বিশ্বকোষ ও পাঠ্যগ্রন্থ, বিশেষ গ্রন্থাবলী ও রচনা, জনপ্রিয় পর্বিন্তকা ও নিবদ্ধাদিতে একটি নতুন শব্দ ইদানীং চোথে পড়ছে। শব্দটি 'তেজরসায়ন'। বিজ্ঞানের এই শাখাটি রাসায়নিক বিক্রিয়ার উপর তেজস্ক্রিয়তার প্রভাবসদ্ধানে রত।

শাখাটি নবানতর হলেও ইতিমধ্যেই সে উল্লেখ্যসংখ্যক সাফল্যের গোরব অর্জন করেছে।

দৃষ্টাস্ত হিসেবে তৈলরসায়নের অন্যতম সাধারণ প্রক্রিয়া — ক্র্যাকিং উল্লেখ্য। এরই মাধ্যমে জটিল জৈব যোগাবলীকে সরল যোগে ভেঙ্গে ফেলা হয়। ভাঙ্গনের ফলে উৎপন্ন হাইড্রোকার্বনিই পেট্রলের অন্যতম উপাদান।

ক্যাকিং প্রক্রিয়া অত্যন্ত নাজনুক। উচ্চ তাপ, অনুঘটক ও দীর্ঘ সময় এজন্য অপরিহার্য। উপরোক্ত সবই সেকেলে ব্যাপার। নতুন পণ্থায় ক্র্যাকিং'এ তাপ, রাসয়েনিক ছরক ও দীর্ঘ সময় নিম্পুয়োজন।

নতুন পদ্ধতিতে গামা রশ্মি ব্যবহৃত। এই ক্র্যাকিং বিকিরণজাত। এতে জটিল জৈব অণ্যুসমূহের ভাঙ্গন ঘটে। বিকিরণ এখানে ধংসাত্মক।

কিন্তু সর্বল তা হয় না।

মিথেন, ইথেন, অথবা প্রোপেনের মতো হালকা গ্যাসীয় হাইড্রোকার্বনে ইলেকট্রন ধারা (বিটা রশ্মি) চালিত হলে জটিলতর অণ্যু জন্মে, প্রেশিক্ত গ্যাসগ্যালি ভারি তরল হাইড্রোকার্বনে রূপান্ডরিত হয়। বিকিরণ এখানে ধরংসাত্মক নয়, সংগ্রেষাত্মক ।

তেজন্দির রশ্মির অণ্-'সবিন' ক্ষমতাটি পলিমারিজেশন প্রক্রিয়ার বাবহার্য। আমরা সকলেই পলিএথিলিনের কথা জানি। কিন্তু আমরা এটি তৈরির আত্যন্তিক জটিলতার কথা জানি না। পলিএথিলিন তৈরিতে উচ্চ চাপ, বিশেষ অন্যটক ও নির্দিত্ট যন্ত্রপাতি অপরিহার্য। বিকিরগজাত পলিমারিজেসনে প্রের্বাক্ত সবই নিক্পয়োজন। এতে পলিএথিলিন উৎপাদনের থরচ অধেক কমে যায়।

তেজরসায়নের ব্যাপক সাফস্যের কয়েকটি মাত্র এখানে উল্লিখিত হল। স্মরণীয়, তালিকটি দিনে দিনে দীর্ঘতর, আকর্ষণীয়তর হচ্ছে।

কিন্তু তেজস্ক্রির বিকিরণ মাত্রেই মান্ত্রের বন্ধু নর। এরা শাত্রও — ধ্রত্, নির্দার শাত্র। এতে বিকিরণজাত ব্যাধি দেখা দেয়।


দ্রারোগ্য ব্যাধিটির সর্বজনীন নিদান আজও অনাবিষ্কৃত। তেজস্ফুর বিকিরণ এড়িয়ে চলাই এর সর্বোত্তম পশ্য।

কিন্তু কীভাবে? সীসকের টুকরো, কয়েক মিটার প্রের্ কংলিটের প্রাচীর, ধাতু ও পাথরের প্রের্ আন্তরে রশিমটি যথেন্টই শোষিত হয়। কিন্তু তা ব্যয়বহাল, কন্টসাধ্য ও অস্ত্রিধাজনক। সীসক পোষাকে কাউকে কল্পনা করে দেখান না...

রাসায়নিক, আপনারা কোথায় ? স্লান্বকে তেজাঘাত থেকে বাঁচানোর কোন সহজ্ঞ পথ কি আপনারা আবিষ্কার করতে পারে না ?

এই ধারার প্রথম পরীক্ষা (অদ্যাবধি কেবল পরীক্ষাই) ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। ফোটোগ্রাফিক প্লেট ও ফিল্ম রঞ্জনরশ্মি স্বারা তংক্ষণাৎ প্রভাবিত হয়। সিল্ভার রোমাইড অবদুবের আলোসংবেদী আন্তর এতে ডেঙ্গে পড়ে।

এবার দেখন, ইতালির রাসায়নিকরা চার বছর আগে এ নিয়ে কী কাজ করেছিলেন। তাঁরা ফোটোগ্রাফিক প্লেটকে অজৈব পদার্থ টিটানিয়াম সালফেট ও সেলেনিয়াম অ্যাসিডের দ্রবণে ভিজিয়ে নেন। দেখা গেল, শ্ধ্যু দৃষ্ট আলোই নয়, রঞ্জনরশিমতেও প্লেটটি এখন অসংবেদী।



এর কারণ কী? সিল্ভার ব্রোমাইড ও প্রের্জে পদার্থদ্র'টির বিক্রিয়াজাত কোন নতুন যৌগে কি ভেজাঘাত প্রহত হয়েছে?

মোটেই না! কোন বিক্রিয়াই এখানে ঘটে নি। প্লেটটি জলে ভাল করে ধ্য়ে ফেললেই এর প্রেরা সংবেদনশীলতা আবার ফিরে আলে। তা হলে কী ঘটেছে? কেউই এর উত্তর জানে না। হয়ত, এই সঞ্চেতই নিহিত আছে তেজন্মিয়তা থেকে আত্মরক্ষার এক অপ্রত্যাশিত সম্ভাবনা।

আর আমরা মনশ্চকে দেখছি — বিশেষ রাসায়নিক পদার্থপা্কু সাধারণ পোষাকে মান্য ঘ্রে বেড়াছে এবং এরা এই হস্তা রশ্মির ভয় থেকে সম্পূর্ণ ম্কু।

দীৰ্ঘতম বিক্রিয়া

অধ্না বিজ্ঞানীরা পরীক্ষাগারে শত শত, হাজার হাজার অতি জটিল জৈব যোগ তৈরি করেছেন। এদের কোন কোনটি এতই জটিল যে কাগজে এদের সংয্তি সঞ্চেত লেখাও মোটেই সহজ নয়। আপাতত, সেজন্য ধথেন্ট সময়ের প্রয়োজন। প্রোটিন অণ্র সংশ্লেষই জৈব রাসায়নিকদের প্রশ্নাতীত শ্রেষ্ঠতম কীর্তি, আর অণ্রটি অতি প্রয়োজনীয় এক প্রোটিনের।

আমরা ইন্স্বিলনের রাসায়নিক সংশ্লেষের কথা বলছি। হরমোনটি দেহের শক্রা বিপাকের নিয়ন্তা।

স্মরণীয়, এই প্রোটিন অপরে সংয্তির কোন কোন খ্রাটিনাটি অদ্যাবধি রসায়ন বিশেষজ্ঞদের কাছেও স্কুপন্ট নর। এর অন্তর্ভুক্ত মৌলের সংখ্যালপতা সত্ত্বেও ইন্স্যালন স্থিত্যকার মহাশ্। কিন্তু মৌলাবলী সেখানে অত্যন্ত বিচিত্র সমাবন্ধনে বিন্যন্ত।

সরলীকরণের জন্য ধরা যাক, ইন্স্রলিন অণ্ম দুই অংশ কিংবা দুই শৃতথলে গঠিত। শৃতথলদ্বটি A এবং B এবং এরা ডাইসালফাইড বন্ধে যুক্ত। ভাষান্তরে, এরা আড়াআড়িভাবে স্থাপিত দুবটি গন্ধক অণ্ম দারা যেন সেতুবন্দী।

ইন্স্নিলনের উপর চ্ড়ান্ত অভিযান পরিচালনার পরিকল্পনাটি নিন্দর্প । প্রথমে $A \cdot a \cdot B$ শ্ব্থল আলাদাভাবে সংশ্লেষিত হল । তরেপরই আড়াআড়ি স্থাপিত ভাইসালফাইড বক্ষে তাদের সংযোজন ।


এবার কিছু অঞ্চ করা যাক। বিজ্ঞানীরা প্রায় শ'থানেক অনুবর্তী বিক্রিয়ায় A শ্ঞ্থলটি তৈরি করেন। আর B-র জন্য প্রয়োজন হয় শতাধিক বিক্রিয়ার। সব মিলিয়ে কয়েক মাসের কাজ, প্রমসাধ্য কাজ।

শেষে, দ্'টি শৃখ্থলই পাওয়া গেল। এবার এদের সংযোজনের কাজ। আর এখানেই যত সব জটিলতা। ব্যর্থতার যেন কমতি নেই। তা সত্ত্বে এক শৃভ সন্ধার পরীক্ষাগারের ভায়ারিতে সংক্ষেপে লেখা হল: 'ইন্স্নিলন অণ্র প্র্ণ সংশ্লেষ সন্প্র হয়েছে।'

ইম্প্রিলনের কৃত্রিম সংশ্লেষে বিজ্ঞানীদের দুই শ' তেইশটি ক্রমিক স্তর উত্তীর্ণ হতে হয়েছে। সংখ্যাটি ভেবে দেখুন: জানা অন্য কোন রাসায়নিক যৌগ তৈরিতে আর এত জটিলতার মুখোম্খি হতে হয় নি। দশ জন লোক এজন্য কাজ করেছেন অবিরাম তিন বছর...

কিন্তু জৈব রাসায়নিকদের হিসেবমতো জীবন্ত কোষে এই প্রোটিন তৈরিতে সময় লাগে... দৃই থেকে ভিন সেকেন্ড।

তিন বছর বনাম তিন সেকেণ্ড! আজকের রসায়নের তুলনায় জীবন্ত কোষের সংশ্লেষক সবঞ্জাম কত না নিখৃতি!





तत्राशरमतः जापूरात

যে প্রশেনর জবাব নেই

পর্যায়ব্তের মৌলাবলী থেকে উৎপাদ্য রাসায়নিক যৌগের সম্ভাব্য সংখ্যা কত ? প্রথিবীর সন্মিলিত সেরা রাসায়নিকরাও এর মোটাম্টি একটি সন্ভোষজনক উত্তরদানে ব্যর্থ হবেন।

আঘরা সরলতম রাসায়নিক যৌগটি জানি। এটি হাইড্রোজেন অণ্ট। এর চেয়ে সরলতর যৌগের অভিত্ব অসম্ভব। হাইড্রোজেনই মেন্দেলেয়েন্ড সারণীর প্রথমতম এবং লন্মতম প্রতিনিধি। হাইড্রোজেন অণ্ট্রেই গঠন ব্যাখ্যায় বিজ্ঞানীদের জটিল ভৌত তত্ত্বাদি এবং জটিলতর গাণিতিক হিসেব-নিকেশের শরণাপার হতে হয়।

কিন্তু জটিলতমটি ? প্রশ্নটির সঠিক উত্তর আঙ্কও অজ্ঞাত। বহু হাজার, বহু লক্ষ এমন কি বহু কোটি অণুপর্বিজত সত্যিকার মহাণু সম্পর্কেও রসায়ন অবহিত। তবুও এই জটিলতার সীমানা আছে কি না, কেউ জানে না।

পক্ষান্তরে, জ্ঞাত রাসায়নিক যোগের মোটাম্বটি নির্ভুল একটি হিসেব দেওরা হরত সম্ভব। কিন্তু আজকের সংখ্যাটি আগামী কালই প্রেরানো ইয়ে যাবে। বর্তমানে প্রিবীর বিভিন্ন প্রীক্ষাগারে সংশ্লোষিত নতুন পদার্থের দৈনিক হার ডক্তনখানেক এবং বছরে বছরেই তা বাড়ছে।

রাসায়নিক তথ্যসরবরাহ কেন্দ্রের পরিসংখ্যানে প্রকাশ, প্রাকৃতিক কাঁচামাল থেকে প্রকীকৃত এবং কৃত্রিমভাবে উৎপাদিত রাসায়নিক যৌগের মোট সংখ্যা এখন প্রায় ত্রিশ লক্ষ।

সংখ্যাটি মনোহারী। কিন্তু বড় বাড়ির বাসিন্দাদের সকলের অবদান এতে মোটেই সমান নয়।

যেমন, বর-গ্যাসবর্গ — হিলিয়াম, নিয়ন ও আর্গনের কথাই ধরা যাক। এদের যোগের সংখ্যা শ্নাঃ। বিরলম্ভিক জাতীয় মৌল প্রোমেথিয়াম থেকে উৎপাদিত পদার্থবিদদের হাতে পারমাণবিক রিয়েষ্টরে এটি তৈরি) প্রামাণিক যোগ মার তিনটি এবং তাও অতি সাধারণ হাইড্রেট, নাইট্রেট ও ক্লোরাইড মার। অন্যান্য কৃত্রিম মৌলের অবস্থাও তেমন কিছু ভাল নয়। এদের কোন কোনটির ক্ষেত্রে উৎপাদিত পরমাণ্রে সংখ্যা গণাই সার । এদের যোগ সম্পর্কেন্বা কা বলা সম্ভব!

কিন্তু মেন্দেলেয়েভ সারণীতে একটি অনন্য মৌল আছে। যোগ পদার্থ উৎপাদনে ভার জ্বড়ি মেলা ভার।

সে বড় বাড়ির ৬ নং ঘরের বাসিন্দা — কার্বন।

আমাদের জানা ত্রিশ লক্ষ অগ্রে মধ্যে প্রায় বিশ লক্ষই কার্বন প্রমাণ্র

কাঠামোলগ্ন। রসায়নের যে বিশাল শাখাটি এদের গবেষণায় নিযুক্ত, তার নাম জৈব রসায়ন। অন্যান্য সকল মোলঘটিত যোগাবলী অজৈব রসায়নের 'প্রভাবাধীন'।

স্তরাং, দেখা যাচ্ছে, জৈব পদার্থের পরিমাণ অজৈব পদার্থের প্রায় ছয় গ্রা।
নিরমান্সারে, জৈব পদার্থের সংশ্লেষ সহজতর। অজৈব রাসার্যনিকদের এখন
উচিত রোজ একটি নতুন যৌগ তৈরি করা। অবশা, গত ক'বছরের অভিজ্ঞতার
সম্ভাবনটি আজ আর দ্রেবতাঁ নরা।

কার্যন পরমাণ্ডর অনন্য বৈশিষ্টাই জৈব রাসায়নিকদের সহায়ক।

বৈচিত্ত্যের হেডু, ফলপ্রত্তি

কার্বন পরমাণ্ড অতি সহজেই সারিবদ্ধ হয়ে দীর্ঘ শ্রুখল তৈরি করে।


এদের সবচেরে খাটো শ্রেখলটি দুই পরমাণ্রে। দ্রুটান্ত হিসেবে অন্যতম হাইছুোনার্বান ইথেনের কথাই ধরা যাক। এর শ্রুখলো কড়া দুর্গটি: $H_3C - CH_3$ । কিন্তু সবচেয়ে লম্বাটি? অদ্যাব্ধি তা অজ্ঞাত। কার্বনের ৭০টি কড়াব্রুত শ্রেখলের যৌগ অর্বাধ আমরা জানি। (স্মর্তব্য, সাধারণ যৌগের কথাই এখানে বলা হচ্ছে, পালমারের কথা নয়। শেবোক্ত ক্ষেত্র শ্রেখলটি দীর্ঘতির হতে পারে।)

অন্য মোলের তা সাধ্যাতীত। কেবলমার সিলিকনই ছয়টি কড়ার দ্র্ল'ভ সোভাগ্যে গবিতি। বিজ্ঞানীরা জার্মেনিরামের একটি অভূত যোগও তৈরি করেছেন। এটি হাইড্রোজেন জার্মেনাইড: Ge_3H_8 । তিনটি ধাতব প্রমাণ্ট্ এতে একই শ্ 10 থেলে ছিত। ধাতুরাজ্যে ঘটনাটি অদ্বিতীয়।


সংক্রেপে বললে, 'শৃংখল গঠনে' কার্বন একেবারে অতুল্য। কিন্তু কার্বনের শৃংখলটি কেবল রৈখিক হলে জৈব রসায়নে এত বিপল্লসংখ্যক যৌগের দেখা মিলত না।

শ্ৰেপলগ্নলি শাখায়িত তথা ব্তুবন্দীও হয়। এগ্নলি বহু,ভূজী এবং তিন, চার, পাঁচ, ছয় অথবা ততোধিক কার্বনের প্রমাণ্ডাগ্ন।

হাইড্রোকার্বন বিউটেনের শৃত্থলে কার্বন প্রমাণ, চারটি:



এখানে পরমাণ্রা রেখাবন্দী। কিন্তু এদের পক্ষে নিচের বিন্যাসও সম্ভব



এখানেও পরমাণরে সংখ্যা অভিন্ন, শুখুর বিন্যাসটিই পূথক। কিন্তু শেষের সংক্তিটি অন্যতর পদার্থের। এর নাম, ধর্ম সবই আলাদা। এটি আইসোবিউটেন। বহুরুপী আর কী।

পাঁচটি কার্যান পরমাণ্ট্র পক্ষে রৈথিক শ্ভেথল ছাড়াও আরও পাঁচটি শাখা-শ্ভেথল তৈরি সম্ভব। এ ধরনের প্রতিটি 'সংয্তি' এক-একটি প্থক রাসারনিক পদার্থ।


একই পরমাণ, সংখ্যার বিভিন্ন বিন্যাসজাত রাসায়নিক পদার্থের জন্য রসায়নে একটি বিশেষ নাম নির্দিক্ট আছে। এগন্তি আইসোমার। অণ্ডে কার্বন পরমাণ্ড্র সংখ্যা যত বেশি, আইসোমারের সংখ্যাও তত বেশি। বন্ধুত, এদের সংখ্যা জ্যামিতিক প্রগতির অনুসারী।

আর এভাবেই সণ্ডিত হয়েছে জৈব রসায়নের ভাঁড়ারে শত সহস্র রক্ষের নতুন যোগরাশি।

রাসায়নিক অঙ্গুরি

প্রখ্যাত বিজ্ঞানীদের বিখ্যাত আবিষ্কারের কাহিনীর সীমা-সংখ্যা নেই। বলা হয়, বাগানে চিন্তামগ্ম নিউটনের পায়ের কাছে হঠাৎ একটি আপেল পড়ে, আর তা থেকেই তিনি পান মহাকর্ষস্ত্রের সন্ধান।

বলা হয়, মেন্দেলেয়েভ পর্যায়বৃত্ত সারণীটি প্রথমে স্বপ্নে দেখেন এবং জেগে ওঠে 'স্বপ্ন'টি কাগজে টুকে রাখা ছাড়া তাঁকে আর কিছুই করতে হয় নি।



অলপ কথায় আবিষ্কারক ও আবিষ্কার নিয়ে যত বানানো গলেপর ছড়াছড়ি আর কী!

কিন্তু বিখ্যাত জার্মান রাসায়নিক কেকুলোর ধারণাটির উৎস সতিটে এক অভুত ছবি থেকে।

জৈব রাসায়নিক পদার্থের অন্যতম প্রধান বস্তু বেঞ্জিন বিজ্ঞানীদের বহুকালের পরিচিত। তারা জানতেন, বেঞ্জিন ৬টি কার্বান ও ৬টি হাইন্ড্রোজেন প্রমাণ্টেত তৈরি। তারা এর বহুবিধ বিক্রিয়াও প্রশিষ্ণা করেছিলেন।

কিন্তু মূল বাপোরটিই তাঁদের অজানা ছিল। কার্বনের ৬টি পরমাণ্র বিন্যাস তথনও অনাবিৎকৃত আর সেজন্য কেকুলের মনে শান্তি ছিল না। সমস্যাটি কীভাবে সমাধান করা হয়েছিল, তাঁর নিজের মুখেই শুনুন: 'আমি টোবলের পাশে বসে একটি পাঠাবই লিখছিলাম, কিন্তু কোন কাজ এগাছিল না। আমার মন তখন বহু দূরে। চোখের সামনে পরমাণ্র তাশ্ডবলীলা দেখছি। মনশ্চকে সাপের মতো তাদেব আঁকাবাঁকা ঘ্রণামান দীর্ঘ সারি চিনতে পারছিলাম। অবে দেখুন একটি সংপ তার লেজ কামড়ে ধরে আমাকে উত্যক্ত করার জন্যই যেন বেদম পাক খেতে লাগল। আমি যেন তডিতাহত হয়ে হঠাৎ জেগে উঠলমে।

কেকুলের মনে ভেসে ওঠা এই প্রতিবিশ্বেই কার্বন শৃঙ্খলের ব্তবন্দী হবার ইঙ্গিত নিহিত ছিল।

কেকুলের পর থেকে বিজ্ঞানীরা বেঞ্জিন সংযাতি এভাবে চিহ্নিত করছেন:



জৈব রসায়নে বৈঞ্জিন অঙ্গুরির ভূমিকা অনন্যসাধারণ।

অঙ্গরি বিভিন্নসংখ্যক কার্বন পরমাণ্ড্র ধারণে সক্ষম। জ্যামিতিক চিক্তের আকারে অঙ্গ্রিগ্রিলর যোজনও সভবপর। উল্মন্ত কার্বন অগ্র-শৃংখলের মতো অঙ্গ্রির সংয্তিমান্তাও বহুবিধ। জৈব রসায়নের বেকোন বই জ্যামিতিভূল্য, কারণ এর প্তাগ্রিল 'জ্যামিতিক চিত্' অর্থাৎ জটিল জৈব যোগের সংয্তি সঞ্চেতে প্রায় বোঝাই থাকে।


নিচে বেঞ্জিন অঙ্গুরির দু'টি সম্ভাব্য গড়ন লক্ষ্যণীয়:



বামের গড়নটি ন্যাক্থালনের সংযুতি সঞ্চেত। ভানে শক্ত পাথারে কয়লার অন্যতম উপাদান অ্যাপ্রাসিন।

একটি তৃতীয় সম্ভাবনা

মনে করা হত যে, কার্বন যেন গ্রিম্তি। বিজ্ঞানীদের মধ্যে অবস্থাটি 'গ্রয়ী' আালোট্রপি নামেই পরিচিত। অথবা অন্য কথায়, একই পদার্থের ছিনটি অ্যালোট্রপিক র্পভেদ।



কার্বনের বিম্বৃতি: হীরক, কৃষ্ণসীস ও কৃষ্ণকার্বন। এরা পরস্পর থেকে দ্প্তর প্থক। হীরক 'কাঠিন্যের রাজা'। কৃষ্ণসীস পরত্যস্ত্র, পাতলা, নরম। আর কৃষ্ণকার্বন অন্তজ্বল কালো ধ্লি। কার্বন অণ্তে পরমাণ্বর বিসম বিন্যাসই এই পার্থক্যের ক্রেণ।

হীরকে প্রমাণ্গ্রিল জ্যামিতিক চিত্র — চতুগুলকের শীর্ষে অবস্থিত এবং অতি দৃত্বদ্ধ। তাই হীরক এত কঠিন।

কৃষ্ণদীসে অবস্থাটি বিপরতি। কার্বন পরমাণ, এখানে সমতলে বিনাস্ত এবং এদের বন্ধ দুর্বল। সেজনাই কৃষ্ণদীস নরম আর এর পরত ঢিলেচালা।

আর কৃষ্ণকার্বনের সংখ্যতি নিয়ে অসংখ্য বিতর্ক ছিল। কৃষ্ণকার্বন কেলাসিত পদার্থ নয় — অনেক কাল এই মতেরই প্রাধান্য ছিল। বলা হত, এটি কার্বনের র্পহীন এক রক্মডের মার। ইদানীং জানা গেছে, কৃষ্ণসীস আর কৃষ্ণকার্বন কার্যত একই বন্ধু এবং এদের আর্থাবিক বিন্যাসও অভিন্ন। রইল কেবল হারক আর কৃষ্ণসীস। স্তরাং, তিন নদ্বর্গটি খসল।

কিন্তু বিজ্ঞানীরা **কৃষ্টিমভা**বে তৃতীয় প্রকার কার্বন তৈরির উদ্যোগ নিলেন। তাঁদের কাজের **স**ূর্যাট নিন্দর**্**প।

স্থানপরিসরে হারক ও কৃষ্ণসাঁসের কার্বন প্রমাণ্ট্র বিন্যাস ভিন্নতর হলেও বিন্যাসটি উভয়তই বৃত্তবন্দা। কার্বন পরমাণ্ট্র শৃণ্থলকে কি দার্য রেখা বরাবর টেনে লন্বা করা যায়? অর্থাৎ কেবল কার্বন নিয়ে গঠিত কোন সরল রৈখিক পলিমার অণ্ট্র উৎপাদন কি সম্ভব?

রসায়নিক পদার্থ তৈরির জন্য শ্রেতেই প্রয়োজন প্রাথমিক উপকরণের। আর এই 'তিন মন্বর কার্যন' এর এমন কাঁচামাল প্রানিদিশ্টি।

দ্বই কার্বান ও দ্বই হাইড্রোজেন পরমাণ্ট্রর অ্যাসেটিলিনই C_2H_2 — কেবল কাঁচামাল হিসেবে আদর্শ।

কিন্তু অ্যাসেটিলিন কেন? কারণ, এর অণ্ট্রে কার্যন প্রমাণ্ট্র সভাব্য স্বন্ধতমসংখ্যক হাইড্রোজেন প্রমাণ্ট্র সঙ্গে বৃক্ত । বাড়তি হাইড্রোজেন এই সংগ্রেবের প্রতিবন্ধ ।

রাসায়নিকদের মতে বিক্রিয়ার আত্যন্তিক সক্রিয়তাই আর্মেটিলিনের অননা বৈশিষ্ট্য। এর অণ্তে কার্বন প্রমাণ্ তিনটি বন্ধে যুক্ত $(H-C) \equiv C-H$) এবং এর দ্ব'টিকে ভেঙ্গে ফেলা সহজ। অতঃপর এই কার্বন প্রমাণ্ট্রের অন্যান্য (যথা, অ্যার্মেটিলিন অণ্ব) অণ্বর প্রমাণ্বর সঙ্গেও যুক্ত করা সম্ভব।

এভাবেই মনোমার অ্যাসেটিলিন থেকে পলিমার পলিঅ্যাসেটিলিন তৈরিব প্রথম পদক্ষেপ পরিকশ্পিত হয়েছিল।

কিন্তু এটিই প্রথম প্রচেন্টা নয়। উনবিংশ শতাব্দীতে জার্মান রাসায়নিক বায়ারও একই বিক্রিয়া সম্বাটনের চেন্টা করেছিলেন। চারটি অ্যাসেটিলিন অণ্টর সমবায়ে তিনি টেট্রাঅ্যাসেটিলিন তৈরি করেন এবং এটিই তাঁর সেরা সাফলা কিন্তু পদার্থটি মোটেই স্কিন্ত হয় নি। বহু দেশের বিজ্ঞানীয়া একই গবেষণার প্রনরাবৃত্তি করে বার্থ হন।

বর্তমান শক্তিশালী জৈব সংশ্লেষ প্রতিয়ার কল্যাণেই আজ পলিঅ্যাসেটিলিন উৎপাদন সম্ভব হয়েছে। সোভিয়েত ইউনিয়নই এর জন্মভূমি। সোভিয়েত বিজ্ঞানীরা পলিইন নামের নতুন এক শ্লেণীর জৈব পদার্থ তৈরি করেছেন। চমংকার অর্ধপরিবাহী বিধায় নবজাত পদার্থটির ফলিত প্রয়োগে কালবিকাব ঘটে নি।

অতঃপর শ্রের হল তৃতীয় প্রকার কার্বন সংশ্লেষের উদ্যোগ। এজন্য প্রয়োজন ছিল পলিঅ্যাসেটিলিন অণ্য থেকে হাইড্রোজেন বিয়োজন এবং তাও কার্বন পরমাণ্র অবিমিশ্র শ্ঞাবাটি অটুট রেখে।

হাইড্রোজেন পরমাণ্ট্র বিরোজনের এই প্রক্রিরাটির রাসায়নিক নাম দীর্ঘ ও ক্লান্তিকর: অক্সিডেটিভ ডিহাইড্রোপলিকন্ডেন্সেশন। প্রক্রিয়াটি মূল খ্রিটনাটি ব্যাখ্যা নিম্প্রয়োজন। ল্যাবরেটির নোটব্রকের বহু ডজন পৃষ্ঠায় এর বর্ণনা লিপিবন্ধ। কারণ, পলিঅ্যানেটিলিন থেকে হাইড্রোজেন বিয়োজন মোটেই সহজসাধ্য নয়।

যা হোক, সোভিয়েত বিজ্ঞানীরাই একেতে উল্লেখ্য সাফল্য অর্জান করেছেন।

েঝুলকালির মতো দেখতে একটি বাজে জিনিস। রাসার্যানক বিশ্লেষণে দেখা গেল এর ৯৯ শতাংশই বিশক্ষে কার্বন। কিন্তু ৯৯ তো আর ১০০ নয়।

হথাযথভাবে বললে, শেষ জয়ের মাত্র একটি পর্বায় বাকি রইল। হাইড্রোজেনের কুখ্যাত শেষ ১ শতাংশটি বিতাড়ন প্রয়োজন। এর জন্যই কার্বন পরমাণ্য সমান্তরাল রৈখিক শ্রুখলে বিনাস্ত হচ্ছে না। 'তৃতীয় কার্বন' পাওয়ার এটিই শেষ প্রতিবদ্ধ।

রাসায়নিকদের ভাষায় সংশ্লেষিত পদার্থটি 'প্রায় তৃতীয়' কার্বন কার্বাইন। ইতিমধ্যেই এতে বহু গ্রেছপূর্ণ বৈশিষ্ট্য দেখা গেছে। চমংকার অর্ধপিরিবাহী এবং আলোকতড়িং উপকরণ ছাড়া এর তাপসহিষ্কৃতাও অতুল্য। ১,৫০০ ডিগ্রি এর কাছে কিছুই না!

আমাদের আশা 'পারে। শতাংশের' কার্বাইন উৎপাদনের দিন আর দারে নয়।

क्रिंग योग मन्भरक मू-अक्रि क्था

উনবিংশ শতাব্দী প্রখ্যাত রাসায়নিকদের সংখ্যাধিক্যে স্ফাচিহ্নত। কিন্তু তাঁদের তিন জন অনুপমতম। নিজ বিজ্ঞানে তাঁদের অবদান অন্যদের সঙ্গে তুলনীয় নয়। তাঁরা আধ্যনিক রসায়নের প্রতিষ্ঠাতা।

এ'দের দ্রজন মৌলাবলীর পর্যায়ব্ত স্ত্রেও পর্যায়ব্ত সারণীর প্রজটা দ্মিরি মেনেনেরেড এবং জৈব যোগাবলীর সংখ্যিত তত্ত্বের প্রবক্তা আলোকসান্দর বৃত্তেরেড।

এই দলের তৃতীয় ব্যক্তি সূইজারল্যাণেডর রাসায়নিক আল্ফ্রেড ডেনার। মার দ্,'টি শব্দে বণিতি তাঁর আবিষ্কারের নাম 'সমন্বয় তত্ত্ব'। কিন্তু জৈব রসায়নের ক্ষেত্রে অবদানটি বুগান্তকারী।

